গভর্ণমেণ্টপরিগৃহীত-নিখিল-ব্যাকরণপ্রথমপরীক্ষা-পাঠ্যঃ—

হিতোপদেশীয়

সুবৃহৎ

সুহৃদ্ভেদঃ

মহামহোপাধ্যায়-শ্রীমদ্বিষ্ণুশর্ম্মসঙ্কলিতঃ

[অন্বয়-বঙ্গার্থ-বিস্তৃতসরলব্যাখ্যা-পাঠান্তর-বঙ্গানুবাদ-
তাৎপর্য্য-পৌরাণিকবার্ত্তা-ধাতুরূপ-শব্দরূপ-
প্রণালী-পরিশিষ্ট-শ্লোকসূচি-ভূমিকা-
প্রভৃতিভিঃ সমেতঃ]

অধ্যাপক

শ্রীমদ্গুরুনাথবিদ্যানিধি-ভট্টাচার্য্যেণ

শ্রীমৎ-তারানাথ-ন্যায়-তর্কতীর্থেন চ

সম্পাদিতঃ

শ্রীগোবিন্দচন্দ্রকাব্যতীর্থ-পুরাণশাস্ত্রিণা সংশোধিতঃ

1936

প্রাপ্তিস্থান—

আবৃত্তিঃ প্রথমা, ১৩৪৩ বঙ্গাব্দীয় জন্মাষ্টম্যাং

Printed by—
P. C. Munshi & K. D. Munshi,
at the POORAN PRESS :
21, Balaram Ghose Street, Calcutta.

ভূমিকা

হিতোপদেশ।—

পৃথিবীতে যতপ্রকার ভাষা প্রচলিত আছে তাহার মধ্যে সংস্কৃতভাষা অতি উপাদেয়। জগদ্‌বিখ্যাত সনাতন বেদ, উপবেদ, সংহিতা, ষড়্‌দর্শন, জ্যোতিষ, স্মৃতি, তন্ত্র, পুরাণ, সাহিত্য প্রভৃতি ভারতের অতুলনীয় শাস্ত্র সমূহ এই সংস্কৃত ভাষাতেই নিবদ্ধ, "সংস্কৃতং নাম দৈবী বাক্" অর্থাৎ দেবভাষাই সংস্কৃত ভাষা; সুতরাং ইহা চিরন্তন অর্থাৎ অনাদিকাল হইতে চলিয়া আসিতেছে, মহামতি শুক্র, বিদুর, চাণক্য, কামন্দক প্রভৃতি মনীষিগণ এই ভাষাতে নানাবিধ নীতিগ্রন্থ প্রণয়ন করিয়া গিয়াছেন, কিন্তু সেই সকল গ্রন্থের ভাব ও ভাষার গাম্ভীর্য্য এত অধিক যে তাহাতে বালকগণের কোমল বুদ্ধি প্রবেশ করিতে পারে না, এবং অল্পশিক্ষিত কোন ব্যক্তিই উক্ত গ্রন্থ সমূহের আলোচনায় সমর্থ হয় না, অতএব জনসাধারণের শিক্ষার দিকে দৃষ্টি করিয়া পণ্ডিতপ্রবর বিষ্ণুশর্ম্মা অতি প্রাঞ্জল ভাষায় নানাপ্রকার মনোরঞ্জনকারী গল্পচ্ছলে উৎকৃষ্ট নীতিপূর্ণ 'হিতোপদেশ' নামক গ্রন্থ রচনা করিয়াছেন। ইহার সরলতা ও উপদেশ-পূর্ণতায় আকৃষ্ট হইয়া পণ্ডিতগণ—রাজকীয় সংস্কৃত পরীক্ষার সৃষ্টিকাল হইতেই এই হিতোপদেশের অন্তর্গত 'মিত্রলাভ' নামক অংশটী সকল ব্যাকরণের আদ্য পরীক্ষায় পাঠ্য করিয়াছিলেন, এবং বর্ত্তমানকাল পর্য্যন্ত তাহা পাঠ্যই রহিয়াছে, হিতোপদেশ গ্রন্থখানি প্রধানতঃ চারিটী অংশে বিভক্ত,—(১) মিত্রলাভ, (২) সুহৃদ্ভেদ, (৩) বিগ্রহ, (৪) সন্ধি। ইহার মধ্যে 'মিত্রলাভ' অংশটী অতি উপাদেয় হইলেও দীর্ঘকাল যাবৎ শিক্ষার প্রথমস্তরে একই পুস্তকের অধ্যয়ন অধ্যাপনা ও পরীক্ষা প্রচলিত

থাকায় উহার মর্ম্ম সংস্কৃত ভাষায় শিক্ষার্থী ও শিক্ষিত জনসাধারণের মধ্যে বিশেষ প্রচারিত হইয়াছে ; সুতরাং হিতোপদেশের অপরাপর অংশে যে বহুমূল্য উপদেশ আছে তাহাও ক্রমশঃ ঐরূপ সুপ্রচারিত হওয়া সঙ্গতবোধে শ্রদ্ধাস্পদ বঙ্গীয় সংস্কৃতপরীক্ষাসমিতি আগামী ১৯৩৮ (১৩৪৪) সাল হইতে গ্রহণীয় যে নূতন পাঠ্যতালিকা নির্ব্বাচিত করিয়াছেন তাহাতে মিত্রলাভের পরিবর্ত্তে উক্ত হিতোপদেশের দ্বিতীয় অংশ—'সুহৃদ্ভেদ' নামক গ্রন্থ ব্যাকরণের আদ্যপরীক্ষায় দ্বিতীয় দিনের পাঠ্যরূপে নির্দ্দিষ্ট করিয়াছেন। সুহৃদ্ভেদও মিত্রলাভের ন্যায় অতি মনোহর নীতিগর্ভ বহুগল্পে পরিপূর্ণ উপাদেয় গ্রন্থ।

বিষ্ণুশর্ম্মা।—

অমূল্য উপদেশপূর্ণ এইরূপ সরল গ্রন্থখানি যাঁহার সঙ্কলিত, ভারতমাতার পুত্ররত্ন মহামতি সেই বিষ্ণুশর্ম্মা কোন সময়ে কোনদেশে কোনবংশে জন্মগ্রহণ করিয়া ভারতবর্ষের গৌরব বৃদ্ধি করিয়াছিলেন তাহা যথাযথভাবে নির্ণয় করা অত্যন্ত দুরূহ ব্যাপার।

বিষ্ণুশর্ম্মা সম্বন্ধে নানাপ্রকার মতভেদ পরিলক্ষিত হয়, পঞ্চতন্ত্রের কথামুখ পাঠে বুঝিতে পারা যায় যে—দাক্ষিণাত্য প্রদেশস্থিত মহিলারোপ্য নামক নগরে সকলশাস্ত্রপারদর্শী বিষ্ণুশর্ম্মানামে একজন মহাপণ্ডিত ছিলেন, তিনিই—মিত্রভেদ, মিত্রপ্রাপ্তি, কাকোলূকীয়, লব্ধপ্রণাশ, এবং অপরীক্ষিত-কারক, এই পাঁচ অংশে বিভক্ত পঞ্চতন্ত্র নামক গ্রন্থ রচনা করিয়া সেই স্থানের রাজপুত্রদিগকে শিক্ষা দিয়াছিলেন।

শক্তিরত্নাকরে এক বিষ্ণুশর্ম্মার উল্লেখ আছে। অপর এক বিষ্ণুশর্ম্মা ছিলেন বর্ণোৎসর্গগ্রন্থের রচয়িতা। পদ্মপুরাণে এক বিষ্ণুশর্ম্মার কথা আছে, তিনি দার্শনিক বলিয়া প্রসিদ্ধ ছিলেন। উৎকলদেশে একাম্র

নগরে এক বিষ্ণুশর্ম্মা জন্মগ্রহণ করিয়াছিলেন, তাঁহার প্রণীত স্মৃতিশাস্ত্রীয় গ্রন্থ সম্প্রতি বিষ্ণুস্মৃতি বলিয়া বিখ্যাত।

উল্লিখিত বহুবিষ্ণুশর্ম্মার মধ্যে কোন বিষ্ণুশর্ম্মা হিতোপদেশের রচয়িতা তাহার প্রকৃষ্ট কোনও সিদ্ধান্ত এপর্য্যন্ত পাওয়া যায় নাই, তবে পঞ্চতন্ত্রকার বিষ্ণুশর্ম্মাকেই হিতোপদেশের রচয়িতা বলিয়া বহু পণ্ডিত মনে করেন, আমরাও এই মতেরই পক্ষপাতী, কারণ—উভয়গ্রন্থের কথামুখ, ভাব, ভাষা, এবং গ্রন্থকারের নীতিশাস্ত্রতৎপরতা ও গল্প সাজাইবার প্রণালী প্রভৃতি বিবেচনা করিলে উভয় গ্রন্থকর্ত্তার ঐক্য মনে হওয়াই স্বাভাবিক। এস্থলে একটী প্রশ্ন উঠিতে পারে যে—এক বিষ্ণুশর্ম্মাই যদি উভয়গ্রন্থের রচয়িতা হ'ন তবে পঞ্চতন্ত্রই তাঁহার প্রথম গ্রন্থ, কারণ হিতোপদেশের "পঞ্চতন্ত্রাৎ তথান্যস্মাদ্ গ্রন্থাদাকৃষ্য লিখ্যতে" এই শ্লোকই তাহার প্রমাণ। এ অবস্থায় ঠিক একই রকমের আর একখানি গ্রন্থ অর্থাৎ হিতোপদেশ রচনা বিষয়ে তাঁহার কি প্রয়োজন থাকিতে পারে?

এ সম্বন্ধে আমাদের বক্তব্য এই যে—বিষ্ণুশর্ম্মা প্রথমতঃ পঞ্চতন্ত্র রচনা করিয়া দেখিলেন যে—ঐ গ্রন্থের সাহায্যে অল্পসময়ের মধ্যে বালকদিগের মনোরঞ্জনপূর্ব্বক শিক্ষাবিধানের বিশেষ সুবিধা হইয়াছে, সুতরাং এই জাতীয় গ্রন্থ সমাজের অত্যন্ত উপযোগী ও উপকারী, অতএব ইহার প্রতি সংস্কার অর্থাৎ আরও প্রাঞ্জল ভাষাবিন্যাস, আরও চিত্তাকর্ষক গল্পের সমাবেশপূর্ব্বক অপেক্ষাকৃত আরও একটু সংক্ষিপ্তভাবে যদি একখানি গ্রন্থ করা যায় তবে তাহা অধিকতর উপকারী ও আদরণীয় হইবে, এইরূপ বিবেচনায় হিতোপদেশ প্রণয়নে তাঁহার প্রবৃত্তি হইতে পারে।

বিখ্যাত কবি বিশাখদত্তের রচিত মুদ্রারাক্ষস নাটকে চাণক্যের উক্তি আছে—"অস্তি চাস্মাকং সহাধ্যায়ি মিত্রং বিষ্ণুশর্ম্মা নাম ব্রাহ্মণঃ, স চ ঔশনস্যাং দণ্ডনীতৌ চতুঃষষ্ট্যঙ্গে জ্যোতিঃশাস্ত্রে চ পরং প্রাধান্যমুপগতঃ" ইত্যাদি, বিশাখদত্তের ঐ কাব্যে চাণক্য যেমন ঐতিহাসিক সত্য, সেইরূপ

তাঁহার মিত্র বিষ্ণুশর্ম্মাও যদি ঐতিহাসিক সত্য হ'ন তবে খৃষ্টপূর্ব্ব চতুর্থ শতাব্দীর প্রথমভাগ বিষ্ণুশর্ম্মার স্থিতিকাল বলিয়া গ্রহণ করা যাইতে পারে। পাটলীপুত্রস্থ চাণক্যের মিত্র বিষ্ণুশর্ম্মা পাটলীপুত্রবাসী হওয়াই সম্ভবপর, হিতোপদেশের কথামুখেও পাটলীপুত্রের কথা উল্লিখিত আছে; সুতরাং আমাদের মনে হয় চাণক্যের সহাধ্যায়ী পাটলীপুত্রবাসী বিষ্ণুশর্ম্মাই কতক সময় দাক্ষিণাত্যের অন্তর্গত মহিলারোপ্য নগরে অধ্যাপকরূপে অবস্থিত ছিলেন, তখন পঞ্চতন্ত্র রচনা করেন, তাহার অব্যবহিত পরেই পূর্ব্ববিবেচিত কারণে সেই মহিলারোপ্যে থাকিয়াই হউক অথবা সুদর্শন নরপতির অনুষ্ঠিত পণ্ডিতসভা উপলক্ষ্যে আবার পাটলীপুত্রে আসিয়া উক্ত নরপতির পুত্রগণকে সুগমতর প্রাণালীতে শিক্ষিত করিবার জন্যই হউক হিতোপদেশ প্রণয়ন করেন।

কোনও কোনও পণ্ডিত বলিয়া থাকেন যে—হিতোপদেশ গ্রন্থ বিষ্ণুশর্ম্মার রচিত নহে, উহা নারায়ণ পণ্ডিতের রচিত, এই মতের সমর্থনের জন্য তাঁহারা নিম্নলিখিত শ্লোকটী প্রমাণরূপে উল্লেখ করিয়া থাকেন।—

"প্রালেয়াদ্রেঃ সুতায়াঃ প্রণয়নিবসতিশ্চন্দ্রমৌলিঃ স যাবৎ
যাবল্লক্ষ্মীর্মুরারের্জ্জলদ ইব তড়িন্মানসে বিস্ফুরন্তী।
যাবৎস্বর্ণাচলোঽয়ং দবদহনসমো যস্য সূর্য্যঃ স্ফুলিঙ্গঃ
তাবন্নারায়ণেন প্রচরতু রচিতঃ সংগ্রহোঽয়ং কথানাম্॥"

এই শ্লোকটী কোনও কোনও হিতোপদেশের শেষভাগে লক্ষিত হয় বটে, কিন্তু অনেক হিতোপদেশেই পরিদৃষ্ট হয় না। কোনও সংস্করণে এই শ্লোকের চতুর্থচরণে "তাবন্নারায়ণেন প্রচরতু রচিতঃ" এই পাঠের পরিবর্ত্তে "তাবদ্বিষ্ণুপ্রণীতঃ প্রচরতু নিতরাং" এইরূপ পাঠ দেখা যায়। সুতরাং নারায়ণ পণ্ডিতকে হিতোপদেশের রচয়িতা বলিয়া গ্রহণকরা সঙ্গত কি না তাহা সুধীগণ বিবেচনা করিবেন।

সুহৃদ্‌ভেদ ।—

পূর্ব্বেই বলিয়াছি—হিতোপদেশ গ্রন্থ—মিত্রলাভ, সুহৃদ্‌ভেদ, বিগ্রহ ও সন্ধি এই চারি অংশে বিভক্ত, দ্বিতীয় অংশ সুহৃদ্‌ভেদ, এই গ্রন্থখানি যদিও মিত্রলাভের ন্যায় সর্ব্বাংশে তত হৃদয়গ্রাহী নহে, তথাপি ইহারও অনেক অংশ বহুল সারগর্ভ কথা এবং যথেষ্ট উপদেশাত্মক সরল শ্লোক দ্বারা পরিপূর্ণ, যাহা অতি আদরের সহিত শিক্ষণীয়। ইহার প্রধান গল্প—পিঙ্গলক-সঞ্জীবক-কথা। ইহার মধ্যে বহুনীতিপূর্ণ উপদেশ এবং বিস্ময়কর ঘটনাবৈচিত্র্য বিদ্যমান; সুতরাং ইহাও শিক্ষার্থীদিগের বিশেষ উপযোগী এ বিষয় সন্দেহ নাই। ইতি—শম্‌

নিবেদন—

মিত্রলাভ পরিচ্ছেদের বহু মুদ্রিত সংস্করণ থাকিলেও আমাদের প্রকাশিত মিত্রলাভের প্রতিই গুণগ্রাহী পরীক্ষার্থী এবং শিক্ষার্থীদিগের আদরাতিশয় দেখা যায়। এমন কি আমাদের প্রকাশিত মিত্রলাভ বহু জাতীয় বিদ্যালয়, সংস্কৃত-পাঠশালা এবং কোন কোন বেসরকারী স্কুলেও পাঠ্যরূপে অদ্যাপি ধার্য্য আছে। গ্রাহকগণের অনুরোধে নাগরাক্ষরে ও বঙ্গাক্ষরে মুদ্রিত মিত্রলাভের ২টী সংস্করণ প্রকাশিত হইয়া আসিতেছে। মিত্রলাভের ন্যায় "সুহৃদ্ভেদ"ও যাহাতে বিদ্যার্থিগণের সমাদরলাভে সমর্থ হয় সেজন্য সুহৃদ্ভেদেও অন্বয় ও বঙ্গার্থ, অতি সরল গদ্য ও পদ্য সমস্ত স্থলের সংস্কৃত ব্যাখ্যা, বঙ্গানুবাদ, পৌরাণিক বার্ত্তা, ধাতুরূপ, শব্দরূপ-প্রণালী, বাচ্যান্তর, তাৎপর্য্য, শ্লোক-সূচী, কথা-সূচী প্রভৃতি যাবতীয় জ্ঞাতব্য বিষয় এমন ভাবে সন্নিবেশিত করা হইয়াছে যেন শিক্ষার্থী ও পরীক্ষার্থিবৃন্দ অনায়াসে কৃতকার্য্যতা লাভ করিতে পারেন।

এই গ্রন্থে বহু পাঠান্তর আছে, আমরা বহু পুস্তক মিলাইয়া সুসঙ্গত পাঠ মূলে এবং পাঠান্তরগুলি নিম্নে দিয়াছি। অশ্লীল অংশ এবং বহু পুস্তকের পরিত্যক্ত শ্লোকগুলি পরিশিষ্ট আকারে পুস্তকের শেষভাগে সন্নিবেশিত করিয়াছি। মুদ্রণাদি পারিপাট্য এবং বিশুদ্ধতা সম্বন্ধেও যত্নের ক্রটী করি নাই। আশাকরি—আমাদের প্রকাশিত মিত্রলাভের ন্যায় সুহৃদ্ভেদও গ্রাহকগণের আশানুরূপ ফল দানপূর্ব্বক মনোরঞ্জন করিতে সমর্থ হইবে। বলা বাহুল্য—আর্য্যাবর্ত্ত দাক্ষিণাত্য প্রভৃতি স্থানের বিদ্যার্থী ও শিক্ষার্থিগণের জন্য সুহৃদ্ভেদের দেবনাগর সংস্করণও সত্বরই প্রকাশিত হইবে। ইতি—

গুরুধাম
বঙ্গাব্দ—১৩৪৩,
জন্মাষ্টমী

আশ্রব
প্রকাশক

সুহৃদ্ভেদস্থশ্লোকানামকারাদিবর্ণানুক্রমেণ

সূচী

কথা-সূচী

পরিশিষ্টান্তর্গতশ্লোক-
সূচী

কথা সূচী

सटीकानुवादं

कारकचक्रम्

(गभर्णमेण्टपरिगृहीत-बहुव्याकरणोपाधिपरीक्षायां पाठ्य-रूपेण निर्व्वाचितम्)

श्रीमन्माधवतर्कालङ्कारकृत-सुप्रसिद्ध "माधवी" व्याख्यटीकया अध्यापक-श्रीमत्-तारानाथ-न्याय-तर्कतीर्थकृतया "कारकप्रभा" समाख्यया टिप्पन्या तत्कृतेनैव प्राञ्जलवङ्गानुवादेन च समेतम्। मूल्यं सपादरूप्यकमात्रम्—१।०

अध्यापक—श्रीमद्गुरुनाथविद्यानिधि-भट्टाचार्य्य सम्पादितम्

भट्टिकाव्यम्

(प्रथमतः पञ्चमसर्गपर्य्यन्तम्)

[गभर्णमेण्टपरिगृहीतसाधारणव्याकरणमध्यपरीक्षायां पाठ्यरूपेण निर्व्वाचितम्।]

मल्लिनाथकृतपाणिन्यादिसम्मतटीकया, भरतमल्लिककृतमुग्धबोध-सम्मतटीकया, विद्यानिधि-विद्यानन्द-कृतसंक्षिप्तसारसम्मतटीकया, विद्यासागरेण विद्यानिधिना च कृतया कलापसम्मतकलापदीपिकया, विद्यानिधि-कृतया सुपद्मसम्मतसुपद्मविवरण्या, अन्वय-वाच्यपरिवर्त्तन-धातुरूप-विग्रहार्थ-वङ्गानुवाद-सर्गसंक्षेप-श्लोकसूची-भूमिकाप्रभृतिभिश्च समलङ्कृतम्। मूल्यं सार्द्धरूप्यकद्वयम्—२॥०

भट्टिकाव्यम्

(६—१४, षष्ठतश्चतुर्द्दशसर्गपर्य्यन्तम्)

गभर्णमेण्टपरिगृहीतसाधारणव्याकरणोपाधिपरीक्षायां पाठ्य-रूपेण निर्व्वाचितम्। मल्लिनाथकृतटीकया, भरतकृतटीकया, अन्वय-वाच्यपरिवर्त्तन-वङ्गानुवादादिभिश्च समेतम्। यन्त्रस्थम्। मूल्यं सार्द्धमुद्राद्वयम्—२॥०

भट्टिकाव्यम्

(प्रथमतोद्वाविंशतिसर्गपर्य्यन्तम् सम्पूर्णम्)

मल्लिनाथकृतटीकया, भरतकृतटीकया, वङ्गानुवादान्वय-वाच्य-परिवर्त्तन-प्रभृतिभिश्च समेतम्। मूल्यं सार्द्धमुद्राषट्कम्—६॥०

प्रतिमानाटकम्

महाकवि—भासप्रणीतम्

(गभर्णमेण्टपरिगृहीतकाव्यप्रथमपरीक्षापाठ्यम्)

अध्यापक—श्रीमत्सुरेन्द्रमोहनकाव्य-सांख्य-वेदान्ततीर्थकृतया 'निर्म्मला'समाख्यया व्याख्यया वङ्गानुवादादिभिश्च समेतम्। यन्त्रस्थम्। मूल्यं सार्द्धमुद्राद्वयम्—२॥०

छात्र-पुस्तकालय

२०।१सि, निवेदिता लेन, बागबाजार कलिकाता

হিতোপদেশঃ

সুহৃদ্ভেদঃ

অথ রাজপুত্রা উচুঃ,—"আর্য্য ! মিত্রলাভঃ শ্রুতস্তাবদস্মাভিঃ। ইদানীং সুহৃদ্ভেদং শ্রোতুমিচ্ছামো বয়ম্ ।" বিষ্ণুশর্ম্মোবাচ,—"সুহৃদ্ভেদং* শৃণুত, যস্যায়মাদ্যঃ শ্লোকঃ,—(ক)

নমো গণেশায়। পাটলিপুত্রনগরবাসিনা রাজ্ঞা সুদর্শনেন স্বপুত্রাণাং সুশিক্ষাবিধানার্থং বিষ্ণুশর্ম্মনামকস্য পণ্ডিতস্য সমীপে তে পুত্রাঃ সমর্পিতাঃ, বিষ্ণুশর্ম্মা চ মিত্রলাভ-সুহৃদ্ভেদ-বিগ্রহ-সন্ধি-নামকভাগচতুষ্টয়সম্পন্নেন সঙ্কলিত-হিতোপদেশগ্রন্থেন তান্ শিক্ষয়িতুকামঃ প্রথমতো মিত্রলাভং শ্রাবয়ামাস, তদনন্তরং সুহৃদ্ভেদস্যাবসরঃ, তথাচ তদবতারণার্থম্ অথেত্যাদি,—

ব্যাখ্যা। অথ মিত্রলাভশ্রবণানন্তরম্, রাজপুত্রাঃ রাজ্ঞঃ সুদর্শনস্য পুত্রাঃ (ষষ্ঠী-তৎ) উচুঃ কথয়ামাসুঃ, আর্য্য! মাননীয়! অস্মাভিঃ (অনুক্ত-কর্ত্তরি তৃতীয়া), তাবদ্ বাক্যালঙ্কারে, মিত্রলাভঃ তন্নামকো গ্রন্থঃ, শ্রুতঃ আকর্ণিতঃ। ইদানীং সম্প্রতি (অব্যয়ং লুপ্তসপ্তমীকম্), সুহৃদ্ভেদং সুহৃদাং বন্ধূনাং ভেদো বিচ্ছেদঃ তমধিকৃত্য কৃতং সুহৃদ্ভেদনামকং গ্রন্থমিত্যর্থঃ, বয়ং শ্রোতুম্ আকর্ণয়িতুম্, ইচ্ছামঃ অভিলষামঃ, বিষ্ণুশর্ম্মা তন্নামকঃ পণ্ডিতঃ, উবাচ কথয়ামাস, সুহৃদ্ভেদং তন্নামকং গ্রন্থম্, শৃণুত আকর্ণয়ত, (অত্র "যূয়ম্" ইতি কর্ত্তৃকারকমূহ্যম্), যস্য সুহৃদ্ভেদস্য, আদ্যঃ প্রথমঃ শ্লোকঃ অয়ং বক্ষ্যমাণঃ ॥—(ক)

---

* 'তাবৎ' ইতি ক্বচিৎ পাঠঃ।

অনু। মিত্রলাভ শ্রবণের পর রাজপুত্রগণ বলিল,—আর্য্য! আমরা মিত্রলাভ শ্রবণ করিলাম, সম্প্রতি সুহৃদ্‌ভেদ শুনিতে ইচ্ছা করি। বিষ্ণুশর্ম্মা বলিলেন,—তোমরা সুহৃদ্‌ভেদ শ্রবণ কর, যাহার প্রথম শ্লোক এই॥—(ক)

বর্দ্ধমানো মহান্ স্নেহো মৃগেন্দ্রবৃষয়োর্ব্বনে।
পিশুনেনাতিলুব্ধেন জম্বুকেন বিনাশিতঃ" ॥১

অন্বয় ও বঙ্গার্থ। বনে (বনের মধ্যে), মৃগেন্দ্রবৃষয়োঃ (সিংহ ও বৃষের), বর্দ্ধমানঃ (যাহা দিন দিন বৃদ্ধি পাইতেছে এইরূপ), মহান্ (অত্যন্ত), স্নেহঃ (ভালবাসা), অতিলুব্ধেন (অত্যন্ত লোভী), পিশুনেন (খলস্বভাবসম্পন্ন), জম্বুকেন (শৃগাল-কর্ত্তৃক), বিনাশিতঃ (বিনাশিত হইয়াছে)॥ ১

ব্যাখ্যা। বর্দ্ধমান ইতি।—বনে বক্ষ্যমাণে অরণ্যে, মৃগেন্দ্রবৃষয়োঃ মৃগেষু পশুষু মধ্যে ইন্দ্রঃ রাজা মৃগেন্দ্রঃ (৭মীতৎ) সিংহঃ, স চ বৃষশ্চ (দ্বন্দ্বঃ) তয়োঃ, বর্দ্ধমানঃ (বৃধ্ শানচ্) বৃদ্ধিং প্রাপ্নুবন্, মহান্ বিপুলঃ স্নেহঃ প্রীতিঃ, অতিলুব্ধেন অত্যন্তলোভিনা, পিশুনেন খলেন, জম্বুকেন শৃগালেন (কর্ত্তরি তৃতীয়া), বিনাশিতঃ বি+নশ+ণিচ্-কর্ম্মণি-ক্তঃ) খণ্ডিতঃ॥ ১

বাচ্য।—বর্দ্ধমানং মহান্তং স্নেহম্ অতিলুব্ধঃ পিশুনো জম্বুকো বিনাশিতবান্॥১

বৃধ্—লট্—বর্দ্ধতে, লৃট্—বর্দ্ধিষ্যতে, বৎস্যতি; লিট্—ববৃধে, লুঙ্—অবর্দ্ধিষ্ট, অবৃধৎ ॥ ১

অনু। বনে একটী সিংহ এবং একটি বৃষ ইহাদের অত্যন্ত ভালবাসা দিন দিন বৃদ্ধি পাইতেছিল, (কিন্তু) অতিশয় লোভী খলস্বভাব শৃগাল তাহা নষ্ট করিয়াছে॥ ১

রাজপুত্রৈরুক্তম্,—"কথমেতৎ ?"। বিষ্ণুশর্ম্মা কথয়তি,—(খ)

ব্যাখ্যা। "রাজপুত্রৈঃ...কথয়তি"—রাজপুত্রৈঃ (কর্ত্তরি তৃতীয়া), উক্তম্ (বচ্ অথবা ব্রূ+ভাবে ক্তঃ), এতৎ পূর্ব্বোক্তশ্লোকপ্রতিপাদিতং বৃত্তম্, কথং কেন প্রকারেণ সংঘটিতমিতি শেষঃ। বিষ্ণুশর্ম্মা কথয়তি তদুত্তরং ব্রবীতি ॥ (খ)

অনু। রাজপুত্রগণ বলিল, ইহা কি প্রকারে ঘটিল ? বিষ্ণুশর্ম্মা বলিতে লাগিলেন ॥—(খ)

"অস্তি দক্ষিণাপথে সুবর্ণবতী নাম নগরী। তত্র বর্দ্ধমানো নাম বণিক্ মহাধনঃ প্রতিবসতি স্ম। তস্য প্রভূতেঽপি বিত্তেঽপরান্ বন্ধূন্ অতিসমৃদ্ধান্ বিলোক্য পুনরর্থবৃদ্ধিঃ করণীয়েতি মতির্ব্বভূব। যতঃ,—(গ)

ব্যাখ্যা। "অস্তি...যতঃ"—দক্ষিণাপথে দাক্ষিণাত্যপ্রদেশে, সুবর্ণবতী নাম (অত্র "নাম" ইত্যব্যয়ম্) সুবর্ণবতীতি নাম্না প্রসিদ্ধা ; নগরী অস্তি বর্ত্ততে, তত্র তস্যাং নগর্য্যাম্, বর্দ্ধমানো নাম বর্দ্ধমাননামকঃ, মহাধনঃ (মহৎ ধনং যস্য সঃ, বহুব্রীহিঃ) বহুধনসম্পন্নঃ, বণিক্ প্রতিবসতি স্ম (অতীতার্থেঽপি স্ম যোগে লট্) উবাস, তস্য বর্দ্ধমানস্য, প্রভূতে প্রচুরে, বিত্তে ধনে সত্যপি, অপরান্ অন্যান্, বন্ধূন্ স্বজনান্, অতিসমৃদ্ধান্ প্রচুরতরধনসম্পন্নান্, বিলোক্য (অত্র স্থিতস্যেতি ক্রিয়াধ্যাহারাৎ ল্যপ্‌প্রত্যয়স্য সাধুত্বম্) দৃষ্ট্বা, পুনঃ ভূয়ঃ, অর্থবৃদ্ধিঃ (অর্থানাং বৃদ্ধিঃ ষষ্ঠী-তৎ) ধনবৃদ্ধিঃ করণীয়া কর্ত্তব্যা, ইতি মতিঃ এবংবিধা বুদ্ধিঃ বভূব জাতা, যতঃ যস্মাদ্ধেতোঃ ॥ (গ)

অনু। দাক্ষিণাত্যপ্রদেশে সুবর্ণবতী নামে এক নগরী আছে, সে স্থানে বর্দ্ধমান নামে অত্যন্ত ধনবান্ এক বণিক্ বাস করিতেন, তাঁহার প্রচুর ধন থাকিলেও অন্যান্য বন্ধুগণকে অত্যধিক ধনবান্ দেখিয়া তাঁহার বুদ্ধি হইল যে, আরও ধন বৃদ্ধি করিতে হইবে। কারণ—(গ)

অধোঽধঃ পশ্যতঃ কস্য মহিমা নোপচীয়তে ।
উপর্য্যুপরি পশ্যন্তঃ সর্ব্ব এব দরিদ্রতি ॥২

অন্বয়ও বঙ্গার্থ। অধঃ অধঃ (ক্রমশঃ নীচের দিকে) পশ্যতঃ (যিনি দৃষ্টি করেন এরূপ ব্যক্তির) কস্য (কাহার) মহিমা (প্রাধান্য) ন (না) উপচীয়তে (বৃদ্ধি প্রাপ্ত হয় ?) উপরি উপরি (ক্রমশঃ উচ্চের দিকে অর্থাৎ নিজ অপেক্ষা শ্রেষ্ঠ ও শ্রেষ্ঠতর প্রভৃতির প্রতি) পশ্যন্তঃ (যাঁহারা দৃষ্টিপাত করেন এরূপ ব্যক্তিগণ) সর্ব্বে এব (সকলেই) দরিদ্রতি (নিজকে দরিদ্র অর্থাৎ হীন মনে করেন ॥ ২

ব্যাখ্যা। অধঃ ইতি।—অধঃ অধঃ ক্ষুদ্রং ক্ষুদ্রং স্বাপেক্ষয়া ক্রমশো হীনং হীনতরাদিকঞ্চেত্যর্থঃ, পশ্যতঃ অবলোকয়তঃ, কস্য মহিমা প্রাধান্যম্, ন উপচীয়তে ? (কর্ম্ম-কর্ত্তরি লট্) স্বয়মেব বৃদ্ধিং ন প্রাপ্নোতি ? সর্ব্বস্যৈব বৃদ্ধিং প্রাপ্নোতি ইত্যর্থঃ, উপরি উপরি উচ্চৈঃ উচ্চৈঃ স্বাপেক্ষয়া ক্রমশঃ শ্রেষ্ঠং শ্রেষ্ঠতরাদিকঞ্চ, পশ্যন্তঃ অবলোকয়ন্তঃ, সর্ব্বে এব দরিদ্রতি (দরিদ্রা+ লট্ অস্তি) আত্মানং দীনং মন্যন্তে ॥ ২

বাচ্য—মহিম্না উপচীয়তে, পশ্যদ্ভিঃ সর্ব্বৈঃ দরিদ্রায়তে ॥ ২

দরিদ্রা—লুঙ্ অদরিদ্রাসীৎ ; অদরিদ্রীৎ, লৃট্—দরিদ্রিষ্যতি, লিট্—দরিদ্রাঞ্চকার ॥২

অনু। ক্রমশঃ নীচের দিকে দৃষ্টি করিলে কাহার প্রাধান্য বৃদ্ধি প্রাপ্ত না হয় ? (কিন্তু) ক্রমশঃ উচ্চের দিকে লক্ষ্য করিলে সকলেই নিজকে হীন মনে করে ॥ ২

অপরঞ্চ,—(ঘ) ব্রহ্মহাঽপি নরঃ পূজ্যো যস্যাস্তি বিপুলং ধনম্ ।
শশিনস্তুল্যবংশোঽপি নির্ধনঃ পরিভূয়তে ॥৩

ব্যাখ্যা। "অপরঞ্চ"—অন্যদপি কারণমিতি শেষঃ ॥ (ঘ)

অনু। আরও এক কারণ এই—(ঘ)

অন্বয় ও বঙ্গার্থ। যস্য (যাহার) বিপুলং (প্রচুর) ধনং (ধন) অস্তি (আছে) সঃ নরঃ (সেই ব্যক্তি) ব্রহ্মহা অপি (ব্রহ্মহত্যাকারী হইলেও) পূজ্যঃ (সম্মানের পাত্র হয়), নির্ধনঃ (দরিদ্র ব্যক্তি) শশিনঃ (চন্দ্রের) তুল্যবংশঃ অপি (তুল্য উজ্জ্বল বংশ যাহার, অর্থাৎ চন্দ্রের ন্যায় উজ্জ্বল বংশে জন্মিলেও) পরিভূয়তে (অবজ্ঞাত হইয়া থাকে)॥ ৩

ব্যাখ্যা। ব্রহ্মহাঽপীতি।—যস্য নরস্য বিপুলং প্রচুরং ধনম্ অর্থঃ, অস্তি বর্ত্ততে, (সঃ) নরঃ ব্রহ্মহা (ব্রহ্ম+হন্+ক্বিপ্—ব্রহ্মহন্+প্রথমৈক-বচনে) ব্রহ্মহত্যাকারী মহাপাপযুক্ত ইত্যর্থঃ, অপি শব্দোঽত্র বিরোধদ্যোতকঃ তেন পূজ্যতাবিরোধিকারণে সত্যপি কেবলং ধনবলাদেব পূজ্য ইতি বোধ্যম্, পূজ্যঃ মাননীয়ঃ, ভবতীতি শেষঃ। নির্ধনঃ (ন বিদ্যতে ধনং যস্য সঃ বহুব্রীহিঃ) দরিদ্রঃ, শশিনঃ চন্দ্রস্য (তুল্যযোগে ষষ্ঠী), তুল্যবংশঃ (তুল্যঃ বংশো যস্য সঃ বহুব্রীহিঃ, অত্র চন্দ্রস্যেত্যনেন তুল্যশব্দস্য সাপেক্ষত্বেঽপি গমকত্বাৎ সমাসো বোধ্যঃ) চন্দ্রতুল্যসমুজ্জ্বলবংশজাতঃ, অপি (পূর্ব্ববৎ) পরিভূয়তে (পরি+ভূ+কর্ম্মণি লট্) অবজ্ঞায়তে। অতি নিকৃষ্টমপি ধনবন্তং জনং সর্ব্বে মানয়ন্তি, দরিদ্রন্তু মহাগুণযুক্তমপি ন, ইতি ভাবার্থঃ॥ ৩

বাচ্য।—ব্রহ্মঘ্না নরেণ পূজ্যেন (ভূয়তে), বিপুলেন ধনেন ভূয়তে, তুল্যবংশং নির্ধনং পরিভবতি॥ ৩

"ব্রহ্মহন্" শব্দস্য রূপং জ্ঞাতব্যম্॥ ৩

অনু। যাহার প্রচুর ধন আছে সে ব্রহ্মহত্যাকারী হইলেও লোকের মাননীয় হইয়া থাকে, (কিন্তু) দরিদ্রব্যক্তি চন্দ্রের ন্যায় উজ্জ্বল বংশে উৎপন্ন হইলেও লোকে তাহাকে অবজ্ঞা করে॥ ৩

অন্যচ্চ,—(৪) অব্যবসায়িনমলসং দৈবপরং সাহসাচ্চ পরিহীণম্।
প্রমদেব হি বৃদ্ধপতিং নেচ্ছত্যুপগূহিতুং লক্ষ্মীঃ॥৪

ব্যাখ্যা। "অন্যচ্চ" ইত্যস্য অর্থঃ বঙ্গানুবাদশ্চ "অপরঞ্চ" ইতি পূর্ব্বত্র

দর্শিতপ্রকারেণ জ্ঞাতব্যৌ। এবং সর্ব্বত্র। "কিঞ্চ" 'অপিচ' ইত্যাদেরপ্যেবম্ ॥ (ঙ)

অন্বয় ও বঙ্গার্থ। অব্যবসায়িনম্ (অধ্যবসায়হীন) অলসং (আলস্যযুক্ত) দৈবপরং (যাহা ভাগ্যে আছে তাহাই হইবে, চেষ্টা করিয়া ফল কি, এইরূপ ধারণাযুক্ত) সাহসাৎ (সাহস হইতে) পরিহীণঞ্চ (বিচ্যুত অর্থাৎ সাহসশূন্য ব্যক্তিকে) প্রমদা (স্ত্রীলোক) বৃদ্ধপতিম্ ইব (বৃদ্ধ স্বামীকে যেমন আলিঙ্গন করিতে ইচ্ছা করে না সেইরূপ) লক্ষ্মীঃ (সম্পদ্) উপগূহিতুম্ (আলিঙ্গন করিতে অর্থাৎ কথিত ব্যক্তিকে আশ্রয় করিয়া থাকিতে) নহি ইচ্ছতি (ইচ্ছা করেন না ॥ ৪

ব্যাখ্যা। অব্যবসায়িনমিতি।—অব্যবসায়িনম্ অধ্যবসায়রহিতম্, অলসং নিশ্চেষ্টম্, দৈবপরং ভাগ্যমাত্রপরায়ণং ভাগ্যানুসারেণৈব সর্ব্বং ভবিষ্যতি কিং চেষ্টয়া ইত্যেবং ভাবয়ন্তমিত্যর্থঃ, সাহসাৎ পরিহীণঞ্চ সাহসবিরহিতঞ্চ জনমিতি শেষঃ, প্রমদা রমণী, বৃদ্ধপতিম্ ইব বৃদ্ধস্বামিনং যথা তথা, লক্ষ্মীঃ সম্পৎ, উপগূহিতুম্ আলিঙ্গিতুম্ আশ্রয়িতুমিত্যর্থঃ, নহি নৈব ইচ্ছতি অভিলষতি। অধ্যবসায়হীনত্বাদিদোষযুক্তো জনঃ সম্পদং ন প্রাপ্নোতীতি ভাবঃ ॥৪

বাচ্য।—প্রমদয়া লক্ষ্ম্যা ইষ্যতে ॥৪

লক্ষ্মীশব্দস্য রূপং জ্ঞাতব্যম্ ॥৪

গুহ্—লট্—গূহতি, গূহতে; লিট্—জুগূহ, জুগূহে; লুঙ্—অগূহীৎ, অঘুক্ষৎ, অগূহিষ্ট ॥৪

অনু। স্ত্রী যেমন বৃদ্ধপতিকে আলিঙ্গন করিতে ইচ্ছা করে না, সেইরূপ সম্পদ্ ও অধ্যবসায়হীন, অলস, ভাগ্যমাত্রনির্ভরশীল এবং সাহসহীন ব্যক্তিকে আশ্রয় করিতে ইচ্ছা করে না ॥৪

কিঞ্চ,— আলস্যং স্ত্রীসেবা সরোগতা জন্মভূমিবাৎসল্যম্।
সন্তোষো ভীরুত্বং ষড়্ ব্যাঘাতা মহত্ত্বস্য ॥৫

অন্বয় ও বঙ্গার্থ। আলস্যং (অলসতা) স্ত্রীসেবা (স্ত্রীর বশ্যতা) সরোগতা (সর্ব্বদা রোগযুক্ত থাকা) জন্মভূমিবাৎসল্যং (জন্মস্থানের প্রতি একান্ত আসক্তি অর্থাৎ শত কষ্ট পাইলেও জন্মস্থান ছাড়িয়া বিদেশে যাইতে সম্মত না হওয়া) সন্তোষঃ (যেমন আছি বেশ আছি এই ধারণা) ভীরুত্বং (ভয়শীলতা) ষট্ (উক্ত ছয়টী) মহত্ত্বস্য (উন্নতিলাভের) ব্যাঘাতাঃ (অন্তরায়স্বরূপ) ॥৫

ব্যাখ্যা। আলস্যমিতি।—আলস্যং নিশ্চেষ্টতা, স্ত্রীসেবা পত্নীবশ্যতা, সরোগতা (রোগেণ সহ বর্ত্ততে যঃ সঃ সরোগঃ বহুব্রীহিঃ, তস্য ভাবঃ) চিররুগ্নতা, জন্মভূমিবাৎসল্যং জন্মভূমিং প্রতি অনুচিতানুরাগঃ তত্র মহতি ক্লেশকারণে সত্যপি বিদেশগমননিস্পৃহতা ইতি ভাবঃ, সন্তোষঃ অনুন্নতাবস্থায়ামপি নিজং প্রতি সুস্থিতোঽস্মীতি বোধঃ, ভীরুত্বং ভয়শীলতা (এতানি) ষট্ মহত্ত্বস্য উন্নতেঃ স্বীয়গৌরববৃদ্ধেরিতি যাবৎ, ব্যাঘাতাঃ অন্তরায়াঃ ভবন্তীতি শেষঃ ॥৫

বাচ্য।—আলস্যং স্ত্রীসেবা সরোগতা জন্মভূমিবাৎসল্যং সন্তোষঃ ভীরুত্বং (এতৈঃ) ষড়্ভিঃ ব্যাঘাতৈঃ (ভূয়তে) ॥৫

অনু। আলস্য, স্ত্রীর বশ্যতা, চিররুগ্নতা, বিদেশে যাইতে অনুৎসাহ, সন্তোষ (যেভাবে আছি সেই ভাল, আর চেষ্টা করিয়া লাভ কি, এই জাতীয় ধারণা), ভীরুতা, এই ছয়টী মহত্ত্বলাভের অন্তরায় ॥৫

যতঃ,—(চ) সম্পদা সুস্থিতম্মন্যো * ভবতি স্বল্পয়াঽপি যঃ।
কৃতকৃত্যো বিধির্মন্যে ন বর্দ্ধয়তি তস্য তাম্ ॥৬

ব্যাখ্যা। ননু "সন্তোষামৃততৃপ্তানাং যৎ সুখং শান্তচেতসাম্। কুতস্তদ্ধনলুব্ধানামিতশ্চেতশ্চ ধাবতাম্ ॥" ইত্যাদিষু বহুষু স্থানেষু সন্তোষস্য প্রশংসাশ্রবণাৎ সন্তোষো গুণ এব, তথাচ কথং প্রাগুক্তশ্লোকে তস্য মহত্ত্বব্যাঘাত-

* 'সুস্থিরম্মন্যঃ' ইতি পাঠান্তরম্।

কতারূপং দোষত্বং প্রতিপাদিতমিতি চেন্ন, প্রাপ্তাবপি পুনরধিকপ্রাপ্ত্যর্থং যো ব্যগ্রতাতিশয়ঃ তদভাবরূপসন্তোষস্যৈব সর্ব্বত্র প্রশংসাবাদাৎ, অত্রচ সন্তোষশব্দেন পূর্ব্বব্যাখ্যাপ্রদর্শিততাৎপর্য্যস্যৈব বোধ্যত্বাদিতি গ্রন্থকারঃ স্বয়মেব নিন্দাকারণতাং সন্তোষস্য প্রতিপাদয়তি—যত ইত্যাদিনা "সম্পদা সুস্থিতম্মন্য" ইত্যাদিবক্ষ্যমাণশ্লোকেন। (চ)

অন্বয় ও বঙ্গার্থ। যঃ (যে ব্যক্তি) স্বল্পয়া (অতি অল্পপরিমিত) সম্পদা অপি (সম্পদেও) সুস্থিতম্মন্যঃ (নিজকে 'ভাল আছি' বলিয়া ধারণাসম্পন্ন) ভবতি (হয়) মন্যে (মনে করি) বিধিঃ (বিধাতা) কৃতকৃত্যঃ (নিজকে কৃতার্থ ভাবিয়া) তস্য (সেই ব্যক্তির) তাং (সম্পদকে) ন বর্দ্ধয়তি (বর্দ্ধিত করেন না) ॥৬

ব্যাখ্যা। সম্পদেতি।—যঃ জনঃ স্বল্পয়া অত্যল্পয়া অপি সম্পদা ঐশ্বর্য্যেণ, সুস্থিতম্মন্যঃ (সুস্থিতম্ আত্মানং মন্যতে ইতি সুস্থিত+মন্+ খ্য -প্রত্যয়ঃ) নিজং প্রতি সুষ্ঠুতাভিমানী, ভবতি তিষ্ঠতি, মন্যে সম্ভাবয়ামি, বিধিঃ বিধাতা, কৃতকৃত্যঃ (কৃতং কৃত্যং যেন সঃ বহুব্রীহিঃ) "অস্য জনস্য সম্বন্ধে কর্ত্তব্যং ময়া কৃতম্, যতঃ অয়ং সুস্থিতমেব নিজং মন্যতে" ইতি মন্যমানঃ সন্ তস্য জনস্য, তাং সম্পদং ন বর্দ্ধয়তি বৃদ্ধিং ন প্রাপয়তি। উন্নতৌ উদাসীনস্য সা ন সম্ভবতীতি ভাবঃ ॥৬

বাচ্য।—যেন সুস্থিতম্মন্যেন ভূয়তে, মন্যতে বিধিনা কৃতকৃত্যেন সা ন বর্দ্ধ্যতে ॥৬

অনু। যে ব্যক্তি অতি অল্প সম্পদেও নিজে মনে করে যে "আমি বেশ ভালই আছি", মনে হয়, তাহার সম্বন্ধে বিধাতা ও নিজকে কৃতকার্য্য মনে করিয়া তাহার আর সম্পদ্ বৃদ্ধি করেন না ॥৬

অপরঞ্চ,—নিরুৎসাহং নিরানন্দং নির্ব্বীর্য্যমরিনন্দনম্।
মাস্ম সীমন্তিনী কাচিৎ জনয়েৎ পুত্রমীদৃশম্ ॥৭

অন্বয় ও বঙ্গার্থ। কাচিৎ (কোন ও) সীমন্তিনী (রমণী) নিরুৎসাহং

(উৎসাহহীন) নিরানন্দং (আনন্দহীন) নির্বীর্য্যং (বীরত্বহীন অর্থাৎ তেজস্বিতা শূন্য) অরিনন্দনং (শত্রুগণের আনন্দজনক অর্থাৎ যাহার অক্ষমতা দর্শনে শত্রুগণ আনন্দ বোধ করে এইরূপ) ঈদৃশং (এই জাতীয় অর্থাৎ উৎসাহহীনতা প্রভৃতি দোষযুক্ত) পুত্রং (পুত্রকে) মাস্ম জনয়েৎ (সৃষ্টি না করুন) ॥ ৭

ব্যাখ্যা। নিরুৎসাহমিতি।—কাচিৎ কাঽপি সীমন্তিনী রমণী, নিরুৎসাহম্ উদ্যমশূন্যম্, নিরানন্দং হর্ষরহিতম্, নির্বীর্য্যং তেজস্বিতারহিতম্, (নিরুৎসাহম্ ইত্যাদৌ "ন বিদ্যতে উৎসাহঃ যস্য" ইতি রীত্যা বহুব্রীহিঃ), অরিনন্দনম্, (অরীণাং নন্দনং যষ্ঠীতৎ) অনায়াসেন পরাভবযোগ্যত্বাৎ শত্রূণামানন্দজনকম্, ঈদৃশম্ অপকৃষ্টং পুত্রং মাস্ম জনয়েৎ নোৎপাদয়েৎ, ইচ্ছার্থে লিঙ্ ৭॥

বাচ্য।—কয়াচিৎ সীমন্তিন্যা নিরুৎসাহঃ নিরানন্দঃ নির্ব্বীর্য্যঃ অরিনন্দনঃ ঈদৃশঃ পুত্রঃ......জন্যেত ॥ ৭

অনু। উৎসাহশূন্য, নিরানন্দ. তেজস্বিতাহীন, শত্রুদিগের আনন্দকর, এইরূপ পুত্র যেন কোন রমণী সৃষ্টি করেন না ॥ ৭

তথাহ্যুক্তম্—(ছ) অলব্ধঞ্চৈব লিপ্সেত লব্ধং রক্ষেদপক্ষয়াৎ।
রক্ষিতং বর্দ্ধয়েৎ সম্যক্ বৃদ্ধং তীর্থেষু নিক্ষিপেৎ ॥৮

ব্যাখ্যা। তথাহি অর্থোন্নতিবিষয়ে হি, উক্তং মনুপ্রভৃতিভিরুপদিষ্টম্ ॥ (ছ)

অনু। অর্থোন্নতিসম্বন্ধে কথিত আছে।—(ছ)

অন্বয় ও বঙ্গার্থ। অলব্ধং চ (যে বস্তুর অভাব আছে তাহা) লিপ্সেত এব (অবশ্য লাভ করিতে চেষ্টা করিবে) লব্ধং (যাহা আছে তাহা) অপক্ষয়াৎ (অপব্যয় বা নিরর্থক নাশ হইতে) রক্ষেৎ (রক্ষা করিবে) রক্ষিতং (রক্ষিত বস্তুকে) সম্যক্ (ভাল ভাবে) বর্দ্ধয়েৎ (বর্দ্ধিত করিবে) বৃদ্ধং (বৃদ্ধি প্রাপ্ত বস্তু) তীর্থেষু (সৎ পাত্র সমূহে) নিক্ষিপেৎ (অর্পণ করিবে) ॥ ৮

ব্যাখ্যা। অলব্ধমিতি।—অলব্ধং চ অপ্রাপ্তম্ অর্থমিতি শেষঃ, লিপ্সেতৈব লব্ধুমিচ্ছেদেব (লভ্—সন্+লিঙ্ ঈত), লব্ধং প্রাপ্তম্, অপক্ষয়াৎ বৃথা নাশাৎ, রক্ষেৎ পালয়েৎ, রক্ষিতং সম্যক্ অতিশয়েন, বর্দ্ধয়েৎ পরিবর্দ্ধিতং কুর্য্যাৎ, বৃদ্ধং (বৃধ্+কর্ত্তরি-ক্তঃ) বৃদ্ধিপ্রাপ্তম্, তীর্থেষু সংপাত্রেষু (অধিকরণ-বিবক্ষয়া সপ্তমী) নিক্ষিপেৎ অর্পয়েৎ ॥ ৮

বাচ্য।—অলব্ধঃ লিপ্স্যেত, লব্ধঃ রক্ষ্যেত, রক্ষিতঃ বর্দ্ধ্যেত, বৃদ্ধঃ নিক্ষিপ্যেত ॥ ৮

অনু। অলব্ধধন (যে অর্থের অভাব আছে তাহা) অর্জ্জন করিতে চেষ্টা করিবে, অর্জ্জিত অর্থ যাহাতে বৃথা নষ্ট না হয় সেই ভাবে রক্ষা করিবে, রক্ষিত অর্থ ভালভাবে বর্দ্ধিত করিবে, বৃদ্ধিপ্রাপ্ত হইলে তাহা সংপাত্রে দান করিবে ॥ ৮

যতোঽলব্ধমিচ্ছতোঽর্থযোগাদর্থস্য প্রাপ্তিরেব, * লব্ধস্যাপ্য-রক্ষিতস্য নিধেরপি স্বয়ং বিনাশঃ।

অপিচ।

অবর্দ্ধমানশ্চার্থঃ কালেন স্বল্পব্যয়েঽপি অঞ্জনবৎ ক্ষয়মেতি। অনুপভুজ্যমানশ্চ নিষ্প্রয়োজন এব সঃ। (জ)

ব্যাখ্যা। "যতোঽলব্ধম্······এব সঃ।"—যতঃ যস্মাদ্ধেতোঃ, অলব্ধম্ অপ্রাপ্তং বস্তু, ইচ্ছতঃ অভিলষতো জনস্য, অর্থযোগাৎ অর্থস্য তাদৃশবস্তুনঃ যোগঃ উপায়ঃ তম্ আশ্রিত্য (ল্যব্ লোপে পঞ্চমী, 'যোগঃ সন্নহনোপায়ধ্যান-সঙ্গতিযুক্তিষু' ইত্যমরঃ) অভিলষিতবস্তুপ্রাপ্তিযোগ্যস্য উপায়স্য অবলম্বনা-দিত্যর্থঃ। অর্থস্য বিষয়স্য অভিলষিতবস্তুন ইতি যাবৎ, প্রাপ্তিরেব লাভো ভবত্যেব, লব্ধস্যাপি প্রাপ্তস্যাপি, অরক্ষিতস্য উপেক্ষিতস্য ইতি

---

* 'যতোঽলব্ধমনিচ্ছতোঽস্মৃদ্‌যোগাদর্থাপ্রাপ্তিরেব'
'যতোঽলব্ধমিচ্ছতোঽস্মৃদ্‌যোগাদর্থাবাপ্তিরেব চ' ইতি দ্বিবিধং পা°

যাবৎ, নিধেঃ পদ্মশঙ্খাদিরূপরত্নবিশেষস্য অপি, স্বয়ং বিনাশঃ ক্ষয়ঃ, ভবতীতি শেষঃ। অপিচ অন্যচ্চ, অবর্দ্ধমানশ্চ ক্রমশো বৃদ্ধিম্ অপ্রাপ্তশ্চ অর্থঃ সম্পৎ, স্বল্পব্যয়েঽপি অত্যল্পব্যয়ে কৃতেঽপি (ভাবে সপ্তমী), অঞ্জনবৎ কজ্জলমিব, কালেন কালক্রমেণ, ক্ষয়ং লোপম্, এতি প্রাপ্নোতি। সঃ অর্থঃ অনুপভুজ্যমানঃ (উপ+ভুজ্+কর্ম্মণি শানচ্ উপভুজ্যমানঃ, ন উপভুজ্যমান ইতি নঞ্ তৎ) উচিতাদপি ভোগাৎ কর্পণ্যাদিবশাৎ রক্ষ্যমাণঃ, নিষ্প্রয়োজন এব সার্থকতাশূন্য এব ॥ (জ)

অনু। যে হেতু অপ্রাপ্ত বস্তু পাইতে ইচ্ছা করিয়া তাহার উপযুক্ত উপায় অবলম্বন করিলে সেই বস্তু পাওয়া যাইতে পারে, কিন্তু পাইলেও যদি রক্ষা করা না হয় তবে নিধি (বহুমূল্য রত্ন বিশেষ) পর্য্যন্ত স্বয়ং নষ্ট হইয়া যায়। অর্থ যদি ক্রমশঃ বর্দ্ধিত না হয় তবে অল্পপরিমাণে ব্যয় করিতে থাকিলেও কালক্রমে উহা কজ্জলের ন্যায় নিঃশেষ হইয়া যায়। আর যদি কিছু মাত্র ভোগ না করা যায় তবে সে অর্থের প্রয়োজন কি ? (জ)

তথাহ্যুক্তম্,—

ধনেন কিং যো ন দদাতি নাশ্নুতে
বলেন কিং যশ্চ * রিপূন্ ন বাধতে।
শ্রুতেন কিং যো ন চ † ধর্ম্মমাচরেৎ
কিমাত্মনা যো ন জিতেন্দ্রিয়ো ভবেৎ ॥৯

অন্বয় ও বঙ্গার্থ। যঃ (যে) ন দদাতি (দান করে না) ন অশ্নুতে (এই স্বাদিগণীয় অশ ধাতুর যদিও ব্যাপ্তি অর্থাৎ ব্যাপিয়া থাকা অর্থ তথাপি এস্থানে লক্ষণাদ্বারা "উপভোগ" রূপ অর্থ করিতে হইবে, সুতরাং "ন অশ্নুতে

---

* 'যেন' ইতি পা°

† 'যেন ন' ইতি পা°

(উপভোগ করে না) (তাহার) ধনেন (অর্থদ্বারা) কিং (প্রয়োজন কি ?) যশ্চ (এবং যে) রিপূন্ (শত্রুগণকে) ন বাধতে (দমন করিতে না পারে) (তাহার) বলেন (শক্তিদ্বারা) কিং (প্রয়োজন কি ?) যশ্চ (এবং যে) ধর্ম্মং (পুণ্যজনক কার্য্য) ন আচরেৎ (অনুষ্ঠান করে না) (তাহার) শ্রুতেন (শাস্ত্রজ্ঞান থাকায়) কিং (প্রয়োজন কি ?) যঃ (যে) জিতেন্দ্রিয়ঃ (সংযমী) ন ভবেৎ (হইতে না পারে) (তাহার) অত্মনা (জীবনধারণে) কিং (প্রয়োজন কি ?) ॥ ৯

ব্যাখ্যা। ধনেন ইতি।—যঃ জনঃ, ন দদাতি, দানং ন করোতি, ন অশ্নুতে উপভোগঞ্চ ন করোতি, (অত্রায়ং স্বাদিগণীয়ঃ অশ্ ধাতুঃ, অস্য ব্যাপ্তিরেব মুখ্যার্থঃ, কিন্তু প্রকরণানুযায়িতাৎপর্য্যরক্ষার্থম্ উপভোগরূপ-লাক্ষণিকার্থঃ স্বীকৃতঃ) তাদৃশজনস্য ধনেন অর্থেন কিম্ ? কিং প্রয়োজনং সিধ্যতি ? ন কিমপীত্যর্থঃ। যশ্চ জনঃ রিপূন্ শত্রূন্, ন বাধতে পীড়য়িতুং ন শক্নোতি, তস্য বলেন শক্ত্যা, কিম্ ? যশ্চ জনঃ ধর্ম্মং শাস্ত্রবিহিতং পুণ্যজনকং কর্ম্ম, ন আচরেৎ নানুতিষ্ঠেৎ, (তস্য) শ্রুতেন শাস্ত্রজ্ঞানেন, কিম্ ? যঃ জনঃ জিতেন্দ্রিয়ঃ সংযমী ন ভবেৎ তস্য আত্মনা জীবনেন, কিম্ ? ধনস্য ফলং দানম্ উপভোগো বা, বলস্য প্রধানং প্রয়োজনং শত্রুদমনম্, শাস্ত্রজ্ঞানস্য প্রয়োজনং ধর্ম্মাচরণম্, জীবনস্য চ উৎকর্ষঃ সংযমঃ, তদভাবে তেষাং বৈফল্যমেব ইতি ভাবঃ ॥ ৯

বাচ্য।—যেন ন দীয়তে ন অশ্যতে, যেন রিপবঃ ন বাধ্যন্তে, যেন ধর্ম্মঃ ন আচর্য্যেত, যেন জিতেন্দ্রিয়েণ ন ভূয়েত ॥ ৯

অনু। যে ব্যক্তি দান বা ভোগ করে না তাহার ধনের প্রয়োজন কি ? যে শত্রুকে দমন করিতে না পারে তাহার বল থাকিয়া লাভ কি ? যে ধর্ম্ম আচরণ করে না তাহার শাস্ত্রজ্ঞান থাকায় ফল কি ? এবং যে সংযমী হইতে না পারে তাহার জীবনে প্রয়োজন কি ? ॥৯

অন্যচ্চ,—

অঞ্জনস্য ক্ষয়ং দৃষ্ট্বা বল্মীকস্য চ সঞ্চয়ম্।
অবন্ধ্যং দিবসং কুর্য্যাৎ দানাধ্যয়নকর্ম্মভিঃ ॥১০

অন্বয় ও বঙ্গার্থ। অঞ্জনস্য (কাজলের) ক্ষয়ং (নাশ) বল্মীকস্য (উই ঢিপির) সঞ্চয়ং (বৃদ্ধি) দৃষ্ট্বা (দেখিয়া) দানাধ্যয়নকর্ম্মভিঃ (দান অধ্যয়ন ও অন্যান্য কার্য্য দ্বারা) দিবসং (প্রত্যেকটী দিনকে) অবন্ধ্যং (সফল) কুর্য্যাৎ (করিবে) ॥ ১০

ব্যাখ্যা। অঞ্জনস্যেতি।—অঞ্জনস্য কজ্জলস্য পরমোপকারিতয়া সাদরং গৃহীতস্যাপীতি যাবৎ, ক্ষয়ম্ উত্তরোত্তরগ্রহণং বিনা ক্রমশো লোপম্, বল্মীকস্য ("উই ঢিপি" ইতি বঙ্গভাষাপ্রসিদ্ধস্য) কীটবিশেষকৃত-মৃত্তিকাস্তূপস্য অকিঞ্চিৎকরস্যাপীতি যাবৎ, সঞ্চয়ং চ বৃদ্ধিং চ, দৃষ্ট্বা বিলোক্য (বুদ্ধিমান্ জনঃ) দানাধ্যয়নকর্ম্মভিঃ (দানঞ্চ অধ্যয়নঞ্চ কর্ম্ম চ তৈঃ দ্বন্দ্বঃ) দিবসং প্রত্যেকং দিনম্, বন্ধ্যং নিষ্ফলং তদ্‌ভিন্নম্ অবন্ধ্যং (নঞ্‌তৎ) সফলম্ ইত্যর্থঃ, কুর্য্যাৎ। সযত্নসাধিতস্যাপি বর্দ্ধনাভাবে ক্রমশো লোপঃ, তুচ্ছস্যাপি ক্রমিকসঞ্চয়াদিনা বৃদ্ধিরিতি বিচিন্ত্য প্রত্যহং দানাদিভিঃ কিঞ্চিৎ পুণ্যসঞ্চয়ঃ কর্ত্তব্য ইতি ভাবঃ ॥ ১০

বাচ্য।—দিবসঃ অবন্ধ্যঃ ক্রিয়েত ॥ ১০

অনু। কজ্জলের ক্ষয় এবং বল্মীকের (উইঢিপির) বৃদ্ধি দেখিয়া দান, অধ্যয়ন ও সৎকর্ম্মদ্বারা (প্রত্যেকটী) দিনের সফলতা সম্পাদন করিবে ॥ ১০

যতঃ— জলবিন্দুনিপাতেন ক্রমশঃ পূর্য্যতে ঘটঃ।
স হেতুঃ সর্ব্ববিদ্যানাং ধর্ম্মস্য চ ধনস্য চ ॥১১

অন্বয় ও বঙ্গার্থ। ক্রমশঃ (ক্রমে ক্রমে) জলবিন্দুনিপাতেন (বিন্দু বিন্দু জল পড়িলেও) ঘটঃ (কলস) পূর্য্যতে (পূর্ণ হইয়া থাকে) সঃ

(বিন্দু বিন্দু জলের ন্যায় অল্প অল্প সঞ্চয়) সর্ব্ববিদ্যানাং (সকলপ্রকার শাস্ত্রজ্ঞানের) ধর্ম্মস্য চ (এবং ধর্ম্মের) ধনস্য চ (এবং ধনের) হেতুঃ (কারণ হইয়া থাকে) ॥ ১১

ব্যাখ্যা। জলেতি।—ক্রমশঃ জলবিন্দু নিপাতেন (জলানাং বিন্দবঃ, তেষাং নিপাতঃ, তেন, ষষ্ঠীতৎ) জলবিন্দুপ্রবেশনেন (কর্ত্তরি তৃতীয়া), ঘটঃ কলসাদিরূপ আধারঃ, (কর্ম্মণি প্রথমা) পূর্য্যতে পৃ+ণিচ্+কর্ম্মণি লট্ তে) পূরিতো ভবতি, সঃ জলবিন্দুপ্রবেশবৎ ক্রমেণ অল্পাল্পসঞ্চয়ঃ, সর্ব্ববিদ্যানাং সকলশাস্ত্রজ্ঞানানাম্, ধর্ম্মস্য চ ধনস্য চ হেতুঃ পূর্ণতায়াং নিমিত্তং ভবতি ॥ ১১

বাচ্য।—জলবিন্দুনিপাতঃ ঘটং পূরয়তি, তেন হেতুনা (ভূয়তে) ॥১১

অনু। ক্রমশঃ বিন্দু বিন্দু জলপতনেও ঘট পূর্ণ হয়, (সেইরূপ) ক্রমিক অল্প অল্প সঞ্চয়েও সকল শাস্ত্রজ্ঞান ধর্ম্ম এবং ধন বর্দ্ধিত হয় ॥ ১১

দানোপভোগরহিতা দিবসা যস্য যান্তি বৈ।
স কর্ম্মকারভস্ত্রেব শ্বসন্নপি ন জীবতি ॥১২

অন্বয় ও বঙ্গার্থ—যস্য (যাহার) দিবসাঃ (দিনগুলি) দানোপভোগ-রহিতা বৈ (বিনাদানে এবং বিনা উপভোগেই) যান্তি (অতিবাহিত হয়) সঃ (সেই ব্যক্তি) কর্ম্মকারভস্ত্রেব (কর্ম্মকারের যাঁতার ন্যায়) শ্বসন্ অপি (শ্বাস বহন করিলেও) ন জীবতি (প্রকৃত জীবনধারণ করে না ॥ ১২

ব্যাখ্যা। দানেতি।—যস্য জনস্য, দিবসাঃ দিনানি, দানোপভোগ-রহিতাঃ—দানঞ্চ উপভোগশ্চ (দ্বন্দ্বঃ) তাভ্যাং রহিতাঃ, (তৃতীয়াতৎ) বৈ এব, তথাচ দানেন ভোগেন চ বর্জ্জিতা এবেত্যর্থঃ, যান্তি গচ্ছন্তি, সঃ জনঃ, কর্ম্মকারভস্ত্রা ইব কর্ম্মকারস্য ভস্ত্রা (ষষ্ঠীতৎ) চর্ম্মনির্ম্মিতবায়ু-সঞ্চালকযন্ত্রবিশেষঃ, তদ্বৎ, শ্বসন্ শ্বাসং ধারয়ন্ বায়োঃ আকর্ষণপূর্ব্বক-

ত্যাগরূপং কর্ম্ম কুর্ব্বন্নপি ইত্যর্থঃ, ন জীবতি বস্তুতো জীবনং ন ধারয়তি, দানোপভোগহীনস্য জীবনং ব্যর্থমেবেতি ভাবঃ ॥ ১২

বাচ্য।—দিবসৈঃ দানোপভোগরহিতৈঃ যায়তে, তেন কর্ম্মকারভস্ত্রয়া ইব শ্বসতা অপি ন জীব্যতে ॥ ১২

অনু। দান এবং উপভোগ ব্যতিরেকেই যাহার দিন অতিবাহিত হয় সে ব্যক্তি কর্ম্মকারের ভস্ত্রার (চর্ম্মনির্ম্মিত ধাঁতার) ন্যায় শ্বাস বহন করিলেও যথার্থ জীবন ধারণ করে না ॥ ১২

ইতি সঞ্চিন্ত্য বর্দ্ধমানঃ নন্দকসঞ্জীবকনামানৌ দ্বৌ বৃষভৌ ধুরি নিযোজ্য শকটং নানাবিধদ্রব্যপূর্ণং কৃত্বা বাণিজ্যেন কাশ্মীরং প্রতি চলিতঃ। (ঝ)

ব্যাখ্যা। "ইতি...চলিতঃ"।—বর্দ্ধমানঃ তন্নামকঃ প্রাগুক্তো বণিক্, ইতি পূর্ব্বোক্তরূপং ধনবৃদ্ধিবিষয়কম্, সঞ্চিন্ত্য (সং+চিন্ত্+ণিচ্+ল্যপ্) সম্যক্ চিন্তয়িত্বা, শকটং যানবিশেষম্, নানাবিধদ্রব্যপূর্ণং (নানাবিধং দ্রব্যং কর্ম্মধারয়ঃ তেন পূর্ণং তৃতীয়াতৎ) কৃত্বা বিধায় বাণিজ্যোপযোগিনা নানাবিধদ্রব্যেণ শকটং পূরয়িত্বা ইত্যর্থঃ, ধুরি যানস্য অগ্রভাগে, নন্দক-সঞ্জীবকনামানৌ (নন্দক ইতি সঞ্জীবক ইতি চ নামনী যয়োঃ তৌ বহুব্রীহিঃ) বৃষভৌ বৃষৌ, নিযোজ্য যোজয়িত্বা, বাণিজ্যেন লাভমূলক-বিক্রয়রূপেণ বণিগ্জনব্যাপারেণ (বিশেষণে তৃতীয়া), কাশ্মীরং প্রতি কাশ্মীরদেশাভিমুখম্, চলিতঃ গন্তুমারব্ধবান্ ॥ (ঝ)

অনু। বর্দ্ধমান (পূর্ব্বোক্ত বণিক্) এইরূপ চিন্তা করিয়া একখানি গাড়ী নানাবিধ দ্রব্যে পূর্ণ করত গাড়ীর সম্মুখভাগে নন্দক ও সঞ্জীবক নামে দুইটী বৃষ যোজিত করিয়া বাণিজ্য করিতে কাশ্মীর অভিমুখে চলিলেন ॥ (ঝ)

যতঃ,—কোঽতিভারঃ সমর্থানাং কিং দূরং ব্যবসায়িনাম্ ?।
কো বিদেশঃ সবিদ্যানাং কঃ পরঃ প্রিয়বাদিনাম্ ? ॥১৩

অন্বয় ও বঙ্গার্থ। সমর্থানাম্ (যাহারা ভারবহনে সমর্থ তাহাদের পক্ষে) অতিভারঃ কঃ? (কোন বস্তু দুর্ব্বহভার বলিয়া বিবেচিত হয়?) ব্যবসায়িনাং (অধ্যবসায়ী বা বাণিজ্যব্যবসায়ী ব্যক্তির পক্ষে) কিং দূরং (কোন স্থান দূর?) সবিদ্যানাং (বিদ্বান্‌দিগের নিকট) বিদেশঃ কঃ (কোন স্থান বিদেশ? অর্থাৎ বিদ্বান্‌ব্যক্তিরা যেখানেই গমন করেন সেখানেই নিজের ক্ষমতায় প্রভাব প্রতিপত্তি বিস্তার করিয়া নিজদেশের ন্যায় আধিপত্যলাভ করিতে পারেন) প্রিয়বাদিনাং (মিষ্টভাষী ব্যক্তিদের নিকট) পরঃ কঃ (শত্রু কে? অর্থাৎ তাহারা কথার মিষ্টতায় সকলকেই আপন করিয়া লইতে পারে) ॥১৩

ব্যাখ্যা। বর্দ্ধমানস্য দূরদেশগমনং সমর্থয়িতুমাহ—ক ইতি।—সমর্থানাং ভারবহনশক্তানাম্, বলবতামিত্যর্থঃ, অতিভারঃ কঃ? কিং বস্তু দুর্ব্বহং ভবতি? ন কিমপি তে দুর্ব্বহং মন্যন্তে ইতি ভাবঃ। ব্যবসায়িনাম্ উদ্যমিনাম, বণিজাং বা, কিং দূরম্? দূরমপি তে ন দূরতয়া গণয়ন্তি ইতি ভাবঃ। সবিদ্যানাং বিদুষাং বিদেশঃ কঃ? পাণ্ডিত্যবলেন সর্ব্বত্রৈব প্রভাবস্থাপনাৎ সর্ব্বমেব স্থানং তস্য স্বদেশবদিতি ভাবঃ; প্রিয়বাদিনাং মধুরভাষিণাম্, পরঃ শত্রুঃ, কঃ? ন কোঽপি ইত্যর্থঃ ॥১৩

বাচ্য।—অতিভারেণ কেন, দূরেণ কেন, বিদেশেন কেন, পরেণ কেন (ভূয়তে) ॥ ১৩

অনু। যাহারা ভারবহনে পটু তাহারা কোনও বস্তু দুর্ব্বহ মনে করে না, ব্যবসায়িগণ কোনও স্থানকে দূর বলিয়া চিন্তা করে না, পণ্ডিতগণ কোনও স্থানকে বিদেশ ভাবেন না, মিষ্টভাষিগণের নিকট কেহ পর থাকিতে পারে না ॥ ১৩

অথ গচ্ছতস্তস্য দুর্গমনাম্নি মহাঽরণ্যে ভগ্নজানুঃ সঞ্জীবকো নিপতিতঃ। এতদালোক্য * বর্দ্ধমানোঽচিন্তয়ৎ,—(ঞ)

ব্যাখ্যা। "অথ...অচিন্তয়ৎ"।—অথ অনন্তরম্, গচ্ছতঃ গমনং কুর্ব্বতঃ, তস্য বর্দ্ধমানস্য, সঞ্জীবকঃ তন্নামক একো বৃষভঃ, দুর্গমনাম্নি দুর্গম ইতি নাম যস্য তস্মিন্ (বহুব্রীহিঃ), মহারণ্যে মহাবনে, ভগ্নজানুঃ (ভগ্নে জানুনী যস্য সঃ বহুব্রীহিঃ) ভগ্নপাদ ইত্যর্থঃ, নিপতিতঃ বভূবেতি শেষঃ। এতৎ সঞ্জীবকস্য তথা পতনম্, আলোক্য দৃষ্ট্বা, বর্দ্ধমানঃ পূর্ব্বোক্তঃ বণিক্, অচিন্তয়ৎ ভাবিতবান্॥ (ঞ)

অনু। অনন্তর সেই বণিক্ (বর্দ্ধমান) যখন দুর্গম নামক বিশাল বনের মধ্য দিয়া যাইতেছিলেন তখন সেইস্থানে তাঁহার সঞ্জীবক নামক বৃষটী পা ভাঙ্গিয়া পড়িয়া গেল, তাহা দেখিয়া বর্দ্ধমান ভাবিতে লাগিলেন॥—(ঞ)

করোতু নাম নীতিজ্ঞো ব্যবসায়মিতস্ততঃ।
ফলং পুনস্তদেব স্যাদ্ † যদ্বিধের্ম্মনসি স্থিতম্॥১৪

অন্বয় ও বঙ্গার্থ। নীতিজ্ঞঃ (নীতিজ্ঞানসম্পন্ন লোক) ইতস্ততঃ (নানাদিকে) ব্যবসায়ং (উন্নতির জন্য উদ্যম বা বাণিজ্য) করোতু নাম (স্বচ্ছন্দে করুন), পুনঃ (কিন্তু) ফলং (উদ্যম বা বাণিজ্যাদির পরিণামে লাভালাভ) তদেব (তাহাই) স্যাৎ (হইবে) যৎ (যাহা) বিধেঃ (বিধাতার) মনসি (মনে) স্থিতম্ (রহিয়াছে)॥১৪

ব্যাখ্যা। করোত্বিতি।—নীতিজ্ঞঃ (নীতিং জানাতীতি নীতি+জ্ঞা+কঃ) নয়বিৎ জনঃ, ইতস্ততঃ সমন্তাৎ ব্যবসায়ম্ উদ্যমং বাণিজ্যং বা, করোতু বিদধাতু, [করোতু ইতি কামচারানুজ্ঞায়াং লোট্] নাম ইতি স্বীকারার্থক-

* 'তমালোক্য' ইতি পাঠান্তরম্।

† 'তদেবাস্য' ইতি ক্বচিৎ পাঠঃ।

মব্যয়ম্; পুনঃ কিন্তু, ফলং ব্যবসায়স্য পরিণামঃ; তদেব তথৈব, স্যাৎ ভবেৎ, যৎ যথা, বিধেঃ বিধাতুঃ, মনসি চেতসি, স্থিতং বিদ্যতে; ফলন্তু দৈবায়ত্তমিতি ভাবঃ ॥১৪

বাচ্য।—নীতিজ্ঞেন ব্যবসায়ঃ ক্রিয়তাম্, ফলেন তেনৈব ভূয়েত যেন স্থিতেন (ভূয়তে) ॥১৪

অনু। নীতিজ্ঞানসম্পন্ন ব্যক্তি নানাদিকে ব্যবসা করিতে পারে সত্য, কিন্তু ফল তাহাই ঘটিবে যাহা বিধাতার মনে অবস্থিত ॥১৪

কিন্তু,— বিস্ময়ঃ সর্ব্বথা হেয়ঃ প্রত্যূহঃ সর্ব্বকর্ম্মণাম্।
তস্মাদ্বিস্ময়মুৎসৃজ্য সাধ্যসিদ্ধির্বিধীয়তে * ॥১৫

অন্বয় ও বঙ্গার্থ। সর্ব্বকর্ম্মণাং (সকল কার্য্যের) প্রত্যূহঃ (অন্তরায়-স্বরূপ) বিস্ময়ঃ (কি হইল, কি করি ইত্যাদি ভাবিয়া যে ব্যাকুলতা তাহা) সর্ব্বথা (সকল প্রকারে) হেয়ঃ (ত্যাগকরা উচিত), তস্মাৎ (অতএব) বিস্ময়ং (ঐরূপ ব্যাকুলতাকে) উৎসৃজ্য (ত্যাগ করিয়া) সাধ্যসিদ্ধিঃ (কর্ত্তব্যকার্য্য সম্পাদন) বিধীয়তে (করি) ॥১৫

ব্যাখ্যা। বিস্ময় ইতি।—সর্ব্বকর্ম্মণাং সর্ব্বকার্য্যাণাং, প্রত্যূহঃ অন্তরায়ঃ, বিঘ্নস্বরূপ ইত্যর্থঃ, বিস্ময়ঃ আশ্চর্য্যভাবঃ, কিংকর্ত্তব্যবিমূঢ়তেতি যাবৎ, সর্ব্বথা সর্ব্বতোভাবেন, হেয়ঃ ত্যাজ্যঃ, তস্মাৎ সর্ব্বথা হেয়ত্বাৎ বিস্ময়ম্ উৎসৃজ্য ত্যক্ত্বা, সাধ্যসিদ্ধিঃ সাধ্যস্য কর্ত্তব্যকর্ম্মণঃ, সিদ্ধিঃ নিষ্পত্তিঃ, অভীষ্ট-সাধনমিত্যর্থঃ বিধীয়তে (বি+ধা+কর্ম্মণি লট্ তে) ক্রিয়তে, ময়া ইতি শেষঃ, অস্যাং বিপদি বিমুগ্ধভাবং বিহায় অধুনৈব উদ্দেশ্যসিদ্ধয়ে ময়া প্রযত্নঃ করণীয় ইতি তাৎপর্য্যম্ ॥ ১৫

বাচ্য।—প্রত্যূহেন বিস্ময়েন হেয়েন (ভূয়তে), সাধ্যসিদ্ধিং বিদধামি ॥১৫

---

* 'বিধীয়তাম্' ইতি পাঠঃ কুত্রচিৎ।

অনু। বিস্ময় সকল কার্য্যের অন্তরায়; সুতরাং তাহা সর্ব্বথা ত্যাগ করা উচিত, অতএব আমি বিস্ময় ত্যাগ করিয়া নিজ কর্ত্তব্য সাধনে চেষ্টা করি ॥১৫

ইতি সঞ্চিন্ত্য সঞ্জীবকং তত্র পরিত্যজ্য বর্দ্ধমানঃ পুনঃ স্বয়ং ধর্ম্মপুরং নাম নগরং গত্বা মহাকায়মন্যং বৃষভমেকং সমানীয় ধুরি নিয়োজ্য চলিতঃ। ততঃ সঞ্জীবকোঽপি কথংকথমপি খুরত্রয়েণ ভরং কুর্ব্বংস্তত্রৈব বনে স্থিতঃ * ॥ (ট)

ব্যাখ্যা। "ইতি সঞ্চিন্ত্য......স্থিতঃ"।—ইতি পূর্ব্বশ্লোকদ্বয়প্রতিপাদ্যং, সঞ্চিন্ত্য (সং+চিন্ত্+ণিচ্+ল্যপ্) সম্যক্ চিন্তয়িত্বা, সঞ্জীবকং তন্নামকং ভগ্নপাদং বৃষম্, তত্র অরণ্যে, পরিত্যজ্য বিহায়, বর্দ্ধমানঃ বণিক্ স্বয়ম্ আত্মনা, ধর্ম্মপুরং নাম ধর্ম্মপুরনামকং নগরং সমৃদ্ধস্থানং, গত্বা, পুনঃ ভূয়ঃ, অন্যম্ অপরম্, মহাকায়ং (মহান্ কায়ো যস্য তং বহুব্রীহিঃ) বিপুলদেহসম্পন্নম্, একং বৃষভং বৃষম্, সমানীয়, ধুরি শকটস্য সম্মুখভাগে, নিযোজ্য বদ্ধা, চলিতঃ গতবান্। ততঃ তদনন্তরম্, সঞ্জীবকঃ অপি, কথং কথমপি অতিকষ্টেন, খুরত্রয়েণ পদত্রয়েণ, ভরং কুর্ব্বন্ শরীরভারং বহন্, তত্রৈব বনে দুর্গমনাম্নি মহারণ্যে, স্থিতঃ ॥ (ট)

অনু। বর্দ্ধমান এইরূপ চিন্তা করিয়া সঞ্জীবকনামক বৃষটীকে সেখানে পরিত্যাগ করিয়া স্বয়ং ধর্ম্মপুরনামক নগরে গমনপূর্ব্বক অপর একটী প্রকাণ্ড বৃষ আনিয়া তাহাকে নিজের গাড়ীতে যুড়িয়া পুনরায় প্রস্থান করিলেন, তারপর সঞ্জীবক-ও অতিকষ্টে তিন পায়ে ভর করিয়া সেই বনমধ্যেই রহিল ॥ (ট)

---

* 'খুরত্রয়ে ভরং কৃত্বোত্থিতঃ' ইতি পাঠান্তরম্।

যতঃ,—(ঠ) নিমগ্নস্য পয়োরাশৌ পর্ব্বতাৎ পতিতস্য চ।
তক্ষকেণাপি দষ্টস্য আয়ুর্ম্মর্ম্মাণি রক্ষতি ॥১৬

ব্যাখ্যা। যতঃ যস্মাদ্ধেতোঃ ॥ (ঠ)

অনু। যে হেতু।—(ঠ)

অন্বয় ও বঙ্গার্থ। পয়োরাশৌ (সমুদ্রে) নিমগ্নস্য (যদি কেহ ডুবিয়া যায় তাহার) পর্ব্বতাৎ (পাহাড় হইতে) পতিতস্য (যদি কেহ পড়িয়া যায় তাহার) তক্ষকেণ (তক্ষক সর্প কর্ত্তৃক) দষ্টস্যাপি চ (দষ্ট হইলে তাহারও অর্থাৎ কোনও ব্যক্তিকে যদি তক্ষকে দংশন করে তাহারও) আয়ুঃ (আয়ু থাকিলে) মর্ম্মাণি (প্রাণ) রক্ষতি (রক্ষা করিতে পারে) ॥১৬

ব্যাখ্যা। নিমগ্নস্যেতি।—পয়োরাশৌ সমুদ্রে, নিমগ্নস্য (নি+মস্‌জ্‌+কর্ত্তরি-ক্তঃ, ততঃ ষষ্ঠী) অন্তঃপ্রবিষ্টস্য, সমুদ্রগর্ভে নিপতিতস্য ইত্যর্থঃ, পর্ব্বতাৎ গিরিশৃঙ্গাৎ, উচ্চস্থানাদিতি যাবৎ, পতিতস্য ভ্রষ্টস্য, তক্ষকেণ তীব্রবিষেণ সর্পবিশেষেণ, দষ্টস্য (দন্‌শ+কর্ম্মণি-ক্তঃ, ততঃ ষষ্ঠী) কৃতদংশনস্য অপি, আয়ুঃ বিধিনিয়মিতো জীবনকালঃ, মর্ম্মাণি জীবস্থানানি জীবনানি ইত্যর্থঃ, রক্ষতি পালয়তি, আয়ুশ্চেদ্বর্ত্ততে, তদা বিপদ্‌রাশিনিপতিতোঽপি ন ম্রিয়তে ইতি ভাবঃ ॥১৬

বাচ্য।—আয়ুষা মর্ম্মাণি রক্ষ্যন্তে ॥১৬

অনু। যদি আয়ু থাকে তবে সমুদ্রে ডুবিলে পর্ব্বত হইতে পড়িলে এমন কি তক্ষকসর্পে দংশন করিলেও তাহার জীবন রক্ষা পাইয়া থাকে ॥১৬

অপরঞ্চ—নাকালে ম্রিয়তে জন্তুর্ব্বিদ্ধঃ শরশতৈরপি।
কুশাগ্রেণৈব সংস্পৃষ্টঃ প্রাপ্তকালো ন জীবতি ॥১৭

অন্বয় ও বঙ্গার্থ। জন্তুঃ (প্রাণী) শরশতৈঃ (শতশত বাণদ্বারা) বিদ্ধঃ অপি (বিদ্ধ হইলেও) অকালে (অসময়ে অর্থাৎ আয়ু থাকিতে) ন ম্রিয়তে (মরে না) প্রাপ্তকালঃ (মৃত্যুকাল উপস্থিত হইলে অর্থাৎ আয়ু

শেষ হইলে) কুশাগ্রেণ (কুশের অগ্রভাগদ্বারা) সংস্পৃষ্ট এব (স্পর্শমাত্রেও) ন জীবতি (মরিয়া যায়) ॥১৭

ব্যাখ্যা। নেতি।—জন্তুঃ প্রাণী. শরশতৈঃ বহুসঙ্খ্যকৈঃ বাণৈঃ ; বিদ্ধঃ আহতঃ সন্নপি, অকালে অনিয়মিতকালে, ন ম্রিয়তে (মৃঙ্ + কর্ত্তরি + লট্ তে) প্রাণৈঃ ন বিমুচ্যতে, কিন্তু প্রাপ্তকালঃ আসন্নমৃত্যুসময়ঃ, কুশাগ্রেণ অতিসূক্ষ্মেণ দর্ভাগ্রভাগেণ. সংস্পৃষ্ট এব পরামৃষ্ট এব, স্পর্শমাত্রমেব প্রাপ্তো ন তু বিদ্ধ ইতি ভাবঃ, ন জীবতি চেষ্টাতিশয়েনাপি ন প্রাণিতি ॥১৭

বাচ্য।—জন্তুনা বিদ্ধেন ম্রিয়তে, প্রাপ্তকালেন সংস্পৃষ্টেন জীব্যতে ॥১৭

অনু। শত শত বাণে বিদ্ধ হইলেও আয়ু থাকিতে কোনও প্রাণী মরে না, (কিন্তু) আয়ু শেষ হইলে কুশাগ্রের স্পর্শমাত্রেও মরিয়া যায় ॥১৭

যতঃ,—অরক্ষিতং তিষ্ঠতি দৈবরক্ষিতং
সুরক্ষিতং দৈবহতং বিনশ্যতি।
জীবত্যনাথোঽপি বনে বিসর্জ্জিতঃ
কৃতপ্রযত্নোঽপি গৃহে ন জীবতি ॥১৮

অন্বয় ও বঙ্গার্থ। অরক্ষিতং (কেহ যাহার রক্ষক নাই এমন বস্তুও) দৈবরক্ষিতং (বিধাতা রক্ষা করিলে) তিষ্ঠতি (নিরাপদে থাকে) সুরক্ষিতং (যাহা অতি যত্নে প্রতিপালিত হয় এমন বস্তুও) দৈবহতং (বিধাতা না রাখিলে) বিনশ্যতি (বিনাশ প্রাপ্ত হয়), বনে (বনের মধ্যে) বিসর্জ্জিতং (পরিত্যক্ত) অনাথঃ অপি (রক্ষকশূন্য প্রাণীও) জীবতি (বাঁচিয়া থাকে) গৃহে (বাড়ীতে) কৃতপ্রযত্নঃ অপি (অতিযত্নে প্রতিপালিত হইয়াও) ন জীবতি (মরিয়া যায়) ॥১৮

ব্যাখ্যা। অরক্ষিতমিতি।—অরক্ষিতম্ অপ্রতিপালিতং লৌকিক-প্রতিপালনবঞ্চিতংবস্তুজাতমিতি শেষঃ, দৈবরক্ষিতং দৈবেন বিধিনা, রক্ষিতং ত্রাতং চেদিতি শেষঃ, তিষ্ঠতি নির্ব্বিঘ্নং বর্ত্ততে, ন নশ্যতি ইত্যর্থঃ,

সুরক্ষিতং সম্যক্ প্রতিপালিতমপি, দৈবহতং বিধিনা বিনাশিতঞ্চেৎ, বিনশ্যতি ক্ষয়ং গচ্ছতি। তথাহি, বনে অরণ্যে বিসর্জিতঃ পরিত্যক্তঃ, অনাথঃ রক্ষকশূন্যোঽপি, জীবতি প্রাণিতি, পরন্তু গৃহে ভবনে কৃত-প্রযত্নোঽপি রক্ষণার্থং বিহিতবিবিধোপায়োঽপি ন জীবতি ন প্রাণিতি, ম্রিয়তে এব ইত্যর্থঃ, (অতো বিধিরেব বলবানিতি ভাবঃ ॥১৮)

বাচ্য।—অরক্ষিতেন দৈবরক্ষিতেন স্থীয়তে, সুরক্ষিতেন দৈবহতেন বিনশ্যতে, বিসর্জ্জিতেন অনাথেন জীব্যতে, কৃতপ্রযত্নেন ন জীব্যতে ॥১৮

অনু। নিয়তি যাহাকে রক্ষা করে তাহার অন্যকোনও রক্ষক না থাকিলেও বাঁচিতে পারে, (আর) নিয়তি বিরুদ্ধ হইলে সুরক্ষিত ব্যক্তিও বিনষ্ট হয়, বনে পরিত্যক্ত অসহায় ব্যক্তিকেও বাঁচিতে দেখা যায়, (আবার) বাড়ীতে বহুযত্নে প্রতিপালিত ব্যক্তি ও বাঁচিয়া থাকিতে পারে না ॥১৮

ততো দিনেষু গচ্ছৎসু সঞ্জীবকঃ স্বেচ্ছাহারাদিলাভেন তাম্ অরণ্যানীং পরিভ্রমন্ * হৃষ্টপুষ্টাঙ্গো বলবন্ননাদ। তস্মিন্ বনে পিঙ্গলকনামা সিংহঃ স্বভুজোপার্জিতরাজ্যসুখমনুভবন্নাস্তে ॥(ড)

ব্যাখ্যা। "ততো...ভবন্নাস্তে"।—ততঃ তদনন্তরং, দিনেষু গচ্ছৎসু (ভাবে সপ্তমী) কিয়ৎকালে গতে ইত্যর্থঃ, স্বেচ্ছাহারাদিলাভেন স্বেচ্ছানু-রূপঃ আহারাদিঃ (মধ্যপদলোপিকর্ম্মধা) তস্য লাভেন (ষষ্ঠীতৎ) আহার-বিশ্রামবিচরণাদিষু স্বাধীনতালাভেন ইত্যর্থঃ, তাং দুর্গমনাম্নীম্, অরণ্যানীং মহারণ্যম্, পরিভ্রমন্ স্বেচ্ছয়া বিচরন্, হৃষ্টপুষ্টাঙ্গঃ (হৃষ্টং পুষ্টঞ্চ অঙ্গং যস্য সঃ বহুব্রীহিঃ) উৎফুল্লস্থূলদেহসম্পন্নঃ, বলবৎ (ক্রিয়াবি) অত্যুচ্চৈঃ, ননাদ (নদ্+লিট্ ণপ্) গর্জ্জিতবান্। পিঙ্গলকনামা পিঙ্গলক ইতি নাম যস্য সঃ (বহুব্রীহিঃ) সিংহঃ, স্বভুজোপার্জ্জিতরাজ্যসুখং স্বস্য ভুজেন বাহুবলেন উপার্জ্জিতং সংগৃহীতং যদ্রাজ্যং তজ্জনিতং সুখম্ (আদৌ ষষ্ঠীতৎ, ততঃ

* 'স্বেচ্ছাহারবিহারং কৃত্বাঽরণ্যং ভ্রামান্' ইতি পাঠঃ ক্বচিদ্দৃশ্যতে।

তৃতীয়াতং, ততশ্চ কর্ম্মধারয়ম্), অনুভবন্ উপভুঞ্জানঃ, আস্তে বর্ত্ততে॥ (ড)

অনু। অনন্তর কিছুদিন অতীত হইলে সঞ্জীবক নিজের ইচ্ছানুরূপ আহারাদি পাইয়া সেই মহাবনে বিচরণ করিতে করিতে হৃষ্টপুষ্ট হইয়াছিল; সুতরাং সে অতি উচ্চৈঃস্বরে গর্জ্জন করিয়া বেড়াইত। ঐবনে পিঙ্গলক নামে এক সিংহ নিজের বাহুবলে পশুদিগের প্রতি আধিপত্য অর্জ্জনপূর্ব্বক সুখে বাস করিতেছিল॥ (ড)

যথোক্তম্,—

নাভিষেকো ন সংস্কারঃ সিংহস্য ক্রিয়তে মৃগৈঃ।
বিক্রমার্জ্জিতরাজ্যস্য স্বয়মেব মৃগেন্দ্রতা॥১৯

অন্বয় ও বঙ্গার্থ। মৃগৈঃ (পশুগণকর্ত্তৃক) সিংহস্য (সিংহের) অভিষেকঃ (রাজ্যাভিষেক) সংস্কারঃ (রাজার যোগ্য শিক্ষাবিধানাদি) ন ক্রিয়তে (অনুষ্ঠিত হয় না) (কিন্তু) বিক্রমার্জ্জিতরাজ্যস্য (যিনি নিজপরাক্রমে রাজত্ব অর্জ্জন করিয়াছেন এতাদৃশ সিংহের) মৃগেন্দ্রতা (পশুগণের মধ্যে আধিপত্য) স্বয়মেব (নিজের ক্ষমতাবলেই জন্মিয়া থাকে)॥ ১৯

ব্যাখ্যা। নাভিষেক ইতি।—মৃগৈঃ পশুভিঃ সিংহস্য পশুরাজস্য, অভিষেকঃ যথাবিধিরাজ্যাভিষেকঃ, সংস্কারঃ রাজোচিতশিক্ষাবিধানাদিকঞ্চ, ন ক্রিয়তে ন সম্পাদ্যতে। তর্হি কথমস্য রাজত্বম্? ইত্যাহ—বিক্রমার্জ্জিত-রাজ্যস্য (বিক্রমেণ অর্জ্জিতং রাজ্যং যেন তস্য বহুব্রীহিঃ) স্বভুজবলোপার্জ্জিত-রাষ্ট্রস্য, সিংহস্যেতি শেষঃ; মৃগেন্দ্রতা পশ্বাধিপত্যং, পশুরাজ ইতি সংজ্ঞার্থ-ইতি যাবৎ, স্বয়মেব অন্যসাহায্যমনপেক্ষ্যৈব সংঘটিতেতি ভাবঃ॥ ১৯

বাচ্য।—মৃগাঃ অভিষেকং ন সংস্কারঞ্চ ন কুর্ব্বন্তি, মৃগেন্দ্রতয়া (ভূয়তে)॥ ১৯

অনু। পশুগণ সিংহের রাজ্যাভিষেক এবং রাজার যোগ্য শিক্ষা ব্যবস্থা

প্রভৃতি কিছুই করে না, কিন্তু সিংহ নিজের পরাক্রমেই রাজত্ব অর্জ্জন করিয়া পশুরাজ হইয়া থাকে ॥ ১৯

স চৈকদা পিপাসাকুলিতঃ পানীয়ং পাতুং যমুনাকচ্ছম-গচ্ছৎ। তেন চ তত্র সিংহেন অননুভূতপূর্ব্বকং প্রলয় * ঘন-গর্জ্জিতমিব সঞ্জীবকনর্দ্দিতমশ্রাবি ॥(ঢ)

তচ্ছ্রুত্বাঽসৌ পানীয়-মপীত্বা সচকিতং পরিবৃত্য স্বস্থানমাগত্য কিমিদমিত্যালোচয়ন্ তূষ্ণীং স্থিতঃ। স চ তথাবিধঃ করটকদম-নকাভ্যাং তন্মন্ত্রি-পুত্রাভ্যাং শৃগালাভ্যাং দৃষ্টঃ ॥ (ণ)

ব্যাখ্যা। "স চৈকদা...নর্দ্দিতমশ্রাবি" ।—একদা কদাচিৎ, সঃ পিঙ্গলকঃ, পিপাসাকুলিতঃ (পিপাসয়া আকুলিতঃ তৃতীয়াতৎ), তৃষ্ণাকাতরঃ সন্, পানীয়ং জলম্, পাতুম্, যমুনাকচ্ছং যমুনায়াস্তটম্, অগচ্ছৎ জগাম, তত্র যমুনাতটে, তেন সিংহেন পিঙ্গলকেন, প্রলয়কালীনাঃ ঘনাঃ (কর্ম্মধা) তেষাং গর্জ্জিতং (ষষ্ঠীতৎ) প্রলয়ঘনগর্জ্জিতং প্রলয়কালীনমেঘগর্জ্জনম্ ইব, অননুভূতপূর্ব্বকম্ (ন অনুভূতম্ অননুভূতম্. নঞ্ তৎ, পূর্ব্বম্ অননুভূতম্ অননুভূতপূর্ব্বম্, সুপ্ সুপাসমাসঃ, ততঃ স্বার্থেকঃ) অশ্রুতপূর্ব্বম্, সঞ্জীবক-নর্দ্দিতং সঞ্জীবকনাম্নঃ প্রাগুক্তবৃষস্য গর্জ্জনম্, অশ্রাবি (শ্রু + কর্ম্মণি লুঙ্ ত) শ্রুতম্ ॥ (ঢ)

ব্যাখ্যা। "তচ্ছ্রুত্বা...দৃষ্টঃ" ।—তৎ গর্জ্জনং, শ্রুত্বা আকর্ণ্য, অসৌ সিংহঃ, পানীয়ং জলম্, অপীত্বা, সচকিতং সভয়ত্বরিতং যথা স্যাৎ তথা (ক্রিয়াবি), পরিবৃত্য পরাঙ্মুখোভূত্বা, স্বস্থানং নিজাবাসম্, আগত্য, ইদম্ ঈদৃশং গর্জ্জনম্, কিং কথম্, ইতি আলোচয়ন্ চিন্তয়ন্, তূষ্ণীং নিঃশব্দভাবেন, স্থিতঃ, তথাবিধঃ তূষ্ণীং চিন্তাপরবশঃ, সঃ সিংহঃ, তন্মন্ত্রিপুত্রাভ্যাং তস্য সিংহস্য মন্ত্রী (ষষ্ঠীতৎ) তস্য পুত্রাভ্যাং (ষষ্ঠীতৎ), করটকদমনকাভ্যাং

* 'অকাল' ইতি পাঠভেদঃ

(করটকশ্চ দমনকশ্চ দ্বন্দ্বঃ তাভ্যাম্) করটকদমনকনামকাভ্যাম্, শৃগালাভ্যাং (কর্ত্তরি তৃ), দৃষ্টঃ অবলোকিতঃ ॥ (ণ)

অনু। একসময়ে সেই সিংহ (পিঙ্গলক) পিপাসায় কাতর হইয়া জলপানের জন্য যমুনার তীরে গিয়াছিল, তথায় সে প্রলয়কালীনমেঘের গর্জ্জনের ন্যায় সঞ্জীবকের গর্জ্জন শুনিতে পাইল, এরূপ শব্দ পূর্ব্বে কখনও তাহার কর্ণগোচর হয় নাই, উহা শুনিয়া সিংহ জল পান না করিয়াই ভয়চকিতভাবে ফিরিয়া নিজবাসস্থানে আগমনপূর্ব্বক "কিজন্য এরূপ শব্দ হইতেছে" ইহা ভাবিতে ভাবিতে চুপকরিয়া বসিয়া রহিল। তাহার মন্ত্রীর পুত্র করটক ও দমনকনামে দুইটী শৃগাল তাহাকে ঐরূপ অবস্থায় দেখিতে পাইল ॥ (ঢ—ণ)

তং তথাবিধং দৃষ্ট্বা দমনকঃ করটকমাহ,—"সখে করটক! কিমিত্যয়ম্ উদকার্থী স্বামী পানীয়মপীত্বা সচকিতো মন্দং মন্দমবতিষ্ঠতে ?" (ত)

ব্যাখ্যা। "তং তথাবিধং···তিষ্ঠতে"।— তং সিংহম্, তথাবিধং চিন্তা-পরবশম্, দৃষ্ট্বা বিলোক্য, দমনকঃ তন্নামকঃ শৃগালঃ, করটকম্ অপরং শৃগালম্, আহ কথয়তি, উদকার্থী জলপানাভিলাষী, অয়ং স্বামী প্রভুঃ সিংহঃ, কিমিতি কথং, পানীয়ম্ অপীত্বা জলপানম্ অকৃত্বা, সচকিতঃ ভয়োদ্বিগ্নঃ, মন্দং মন্দং কিংকর্ত্তব্যবিমূঢ়ং যথাস্যাৎ তথা (ক্রিয়া-বি), অবতিষ্ঠতে বর্ত্ততে ? (ত)

অনু। দমনক সিংহকে ঐরূপ চিন্তাযুক্ত দেখিয়া করটককে বলিল—বন্ধু করটক! পিপাসার্ত্ত প্রভু জলপান না করিয়া এরূপ চকিত ও কিংকর্ত্তব্য বিমূঢ়ভাবে রহিয়াছেন কেন ? (ত)

করটকো ব্রূতে,—মিত্র দমনক! অস্মন্মতেনাস্য সেবৈব ন ক্রিয়তে, তৎ কিমস্য চেষ্টানিরূপণেন ? যতশ্চানেন রাজ্ঞা

বিনাঽপরাধেন চিরদিবসম্ অবধীরিতাভ্যামাবাভ্যাং দুঃখ-মনুভূতম্. ॥ (থ)

ব্যাখ্যা। "করটকো...দুঃখমনুভূতম্"।—অস্মন্মতেন অস্মদীয়বিবেচনয়া, অস্য সিংহস্য, সেবা ভৃত্যতা, ন ক্রিয়তে এব অস্য ভৃত্যভাবপরিত্যাগ এব অস্মদভিপ্রেতঃ ইত্যর্থঃ, তৎ তস্মাৎ, অস্য সিংহস্য, চেষ্টানিরূপণেন আচরণ-পর্য্যালোচনেন, কিং প্রয়োজনমিত্যর্থঃ, ননু কথমস্য সেবাকরণং যুস্মদনভি-মতম্? ইত্যত্র আহ—যত ইত্যাদি, যতঃ যস্মাদ্ধেতোঃ, রাজ্ঞা প্রভুণা, অনেন সিংহেন, অপরাধেন দোষেণ (বিনাযোগে তৃ), বিনা, অবধী-রিতাভ্যাম্ (অবধীর্+ণিচ্+কর্ম্মণি ক্তঃ) অবজ্ঞাতাভ্যাং আবাভ্যাং ত্বয়া ময়া চ ইত্যর্থঃ, চিরদিবসং বহুকালং যাবৎ, দুঃখং কষ্টম্, অনুভূতং প্রাপ্তম্॥ (থ)

অনু। করটক বলিল,—বন্ধু দমনক! এই সিংহের সেবা না করাই আমার মত; সুতরাং ইহার কার্য্যসম্বন্ধে লক্ষ্য করিবার প্রয়োজন কি? কারণ, বহুকালযাবৎ আমরা বিনাদোষে ইঁহার নিকট অবজ্ঞাপ্রাপ্ত হইয়া কষ্ট পাইতেছি॥ (থ)

সেবয়া ধনমিচ্ছদ্ভিঃ সেবকৈঃ পশ্য যৎ কৃতম্।
স্বাতন্ত্র্যং যচ্ছরীরস্য মূঢ়ৈস্তদপি হারিতম্॥২০

অন্বয় ও বঙ্গার্থ। সেবয়া (প্রভুর আদেশানুযায়ী কার্য্য করিয়া অর্থাৎ চাকরী করিয়া) ধনম্ (অর্থ উপার্জ্জনকরিতে) ইচ্ছদ্ভিঃ (অভিলাষী) সেবকৈঃ (ভৃত্য অর্থাৎ চাকরিজীবিব্যক্তিগণ কর্তৃক) যৎ (যাহা) কৃতং (করা হয়) (তাহা) পশ্য (দেখ), শরীরস্য (নিজদেহের প্রতি) যৎ (যে) স্বাতন্ত্র্যং (স্বাধীনতা) তদপি (তাহাও) মূঢ়ৈঃ (সেই মূর্খ-সেবকেরা) হারিতম্ (হারাইয়া ফেলে)॥ ২০

ব্যাখ্যা। সেবয়েতি।—সেবয়া প্রভোঃ আদেশানুসরণেন, ধনম্ অর্থম্,

ইচ্ছদ্ভিঃ অভিলাষিভিঃ, সেবকৈঃ ভৃত্যৈঃ, যৎ কৃতং বিহিতং ভবতি, (তৎ) পশ্য অবধারয়, (দৃশ্ ধাতুর্জ্ঞানার্থঃ), যৎ কৃতং তদেব কথয়তি—শরীরস্য নিজদেহস্য, যৎ স্বাতন্ত্র্যং স্বাধীনতা, মূঢ়ৈঃ মূর্খৈঃ সেবাবৃত্তিপরায়ণৈরিতি শেষঃ, তদপি শরীরস্বাতন্ত্র্যমপি, হারিতং বিনাশিতম্। সেবাবৃত্তিপরায়ণাঃ প্রভুভয়েন স্বদেহমপি স্বেচ্ছয়া পরিচালয়িতুং ন শক্নুবন্তীতি ভাবঃ ॥ ২০

বাচ্য।—ইচ্ছন্তঃ সেবকাঃ যৎ কৃতবন্তঃ (তৎ) দৃশ্যতাম্, যেন স্বাতন্ত্র্যেণ (ভূয়তে) মূঢ়াঃ তদপি হারিতবন্তঃ ॥ ২০

অনু। ভৃত্যগণ প্রভুর সেবা অর্থাৎ তাঁহার মনস্তুষ্টিদ্বারা ধনের আকাঙ্ক্ষায় যাহা করে তাহা লক্ষ্য কর, মূর্খেরা নিজদেহের যে স্বাধীনতাটুকু তাহাও হারাইয়া বসে। ২০

অপরঞ্চ,—শীতবাতাঽঽতপক্লেশান্ সহন্তে যান্ পরাঽঽশ্রিতাঃ।
তদর্দ্ধেনাপি* মেধাবী তপস্তপ্ত্বা সুখী ভবেৎ ॥২১

অন্বয় ও বঙ্গার্থ। পরাশ্রিতাঃ (পরাধীন ব্যক্তিগণ) যান্ (যে পরিমাণে) শীতবাতাতপক্লেশান্ (শীত, বায়ু ও গ্রীষ্মের কষ্ট) সহন্তে (সহ্য করে) মেধাবী (বুদ্ধিমান্ লোক) তদর্দ্ধেন (তাহার অর্দ্ধেক কষ্ট স্বীকারপূর্ব্বক) তপঃ (তপস্যা) তপ্ত্বা অপি (অনুষ্ঠান করিয়াও) সুখী ভবেৎ (সুখী হইতে পারে) ॥ ২১

ব্যাখ্যা। শীতেতি।—পরাশ্রিতাঃ পরাধীনাঃ, যান্ যাবৎপরিমিতান্, শীতবাতাতপক্লেশান্ শীতঃ হিমাদিঃ, বাতঃ বায়ুঃ, আতপঃ সূর্য্যতাপঃ, (দ্বন্দ্বঃ), তেষাং ক্লেশান্ (ষষ্ঠীতৎ) তজ্জনিতানি দুঃখানি, সহন্তে অগত্যা অনুভবন্তি, মেধাবী বুদ্ধিমান্ জনঃ, তদর্দ্ধেন তেষাং ক্লেশানাম্ অর্দ্ধপরিমাণেন, তপঃ ভগবদারাধনাদিরূপাং তপস্যাং, তপ্ত্বা কৃত্বা, অপি সুখী ভবেৎ (সম্ভাবনায়াং লিঙ্) ॥ ২১

* 'অংশেন' ইতি পাঠান্তরম্।

বাচ্য।—পরাশ্রিতৈঃ যে শীতবাতাতপক্লেশাঃ সহ্যন্তে, মেধাবিনা সুখিনা ভূয়েত॥ ২১

অনু। পরাধীনব্যক্তিগণ শীত বায়ু রৌদ্র প্রভৃতি জনিত যে সকল কষ্ট সহ্য করে, বুদ্ধিমান্ ব্যক্তি তাহার অর্দ্ধেক কষ্টে তপস্যা করিয়া সুখী হইতে পারে॥ ২১

অন্যচ্চ,— এতাবজ্জন্মসাফল্যং যদনায়ত্তবৃত্তিতা।
যে পরাধীনতাং যাতাস্তে চেজ্জীবন্তি কে মৃতাঃ॥২২

অন্বয় ও বঙ্গার্থ। অনায়ত্তবৃত্তিতা (কাহারও অধীন না হইয়া জীবিকানির্ব্বাহ করা) (ইতি) যৎ (এই যে জিনিষটী) এতাবৎ (এইটুকুই) জন্মসাফল্যং (জীবনের সার্থকতা), যে (যাহারা) পরাধীনতাং (পরের অধীনতা) যাতাঃ (প্রাপ্ত হইয়াছে) তে (তাহারা) চেৎ (যদি) জীবন্তি (জীবিত বলিয়া গণ্য হয়) (তবে) মৃতাঃ কে? (মৃত বলিব কাহাদিগকে?)॥ ২২

ব্যাখ্যা। এতাবদিতি।—অনায়ত্তবৃত্তিতা (ন আয়ত্তা নঞ্‌তৎ, অনায়ত্তা বৃত্তিঃ যস্য সঃ অনায়ত্তবৃত্তিঃ বহুব্রীহিঃ, তস্য ভাবঃ) স্বাধীনবৃত্তিতা জীবিকাবিষয়ে পরাধীনতাশূন্যত্বমিতি যাবৎ, (ইতি যৎ), এতাবৎ এতদেব, জন্মসাফল্যং (জন্মনঃ সাফল্যং ষষ্ঠীতৎ) জন্মলাভস্য সার্থক্যম্, যে জনাঃ, পরাধীনতাং জীবিকার্থম্ অন্যস্য মুখাপেক্ষিতাম্, যাতাঃ প্রাপ্তাঃ, তে জনাঃ, চেৎ যদি, জীবন্তি জীবিতা ইতি গণ্যন্তে, (তর্হি) মৃতাঃ কে? মৃতত্বেন কে গণনীয়াঃ? জীবিকার্থং পরমুখাপেক্ষিণঃ জীবন্তোঽপি মৃততুল্যা ইতি ভাবঃ॥২২

বাচ্য।—এতাবতা জন্মসাফল্যেন (ভূয়তে) যৈঃ পরাধীনতা যাতা তৈঃ জীব্যতে, কৈঃ মৃতৈঃ (ভূয়তে)?॥ ২২

অনু। কাহারও অধীন না হইয়া যদি জীবনযাত্রা নির্ব্বাহ করা

যায় তবে তাহাই জন্মের সার্থকতা, যাহারা পরের অধীনতা গ্রহণ করিয়া থাকে তাহাদেরও যদি জীবিত বলিতে হয় তবে মৃত কাহারা ?॥ ২২

অপরঞ্চ,—এহি গচ্ছ পতোত্তিষ্ঠ বদ মৌনং সমাচর ।
এবমাশাগ্রহগ্রস্তৈঃ ক্রীড়ন্তি ধনিনোঽর্থিভিঃ * ॥২৩

অন্বয় ও বঙ্গার্থ। আশাগ্রহগ্রস্তৈঃ (আশারূপ দুষ্টগ্রহে আক্রান্ত) অর্থিভিঃ (প্রার্থিগণের সহিত) ধনিনঃ (ধনী ব্যক্তিরা) এহি (এস) গচ্ছ (যাও) পত (বস) উত্তিষ্ঠ (ওঠ) বদ (বল) মৌনং সমাচর (চুপকর) এবং(এইরূপে, অর্থাৎ ইচ্ছামত আদেশ করিয়া) ক্রীড়ন্তি (খেলা করেন) ॥ ২৩

ব্যাখ্যা। এহীতি।—আশা আকাঙ্ক্ষা সা এব গ্রহঃ রাহুপ্রভৃতিঃ পাপ-গ্রহ ইতি যাবৎ (রূপককর্ম্মধারয়ঃ) তেন গ্রস্তৈঃ অভিভূতৈঃ (তৃতীয়া তৎ) ধনাকাঙ্ক্ষাব্যাকুলৈঃ ইত্যর্থঃ, অর্থিভিঃ (সহার্থে তৃতীয়া) যাচকৈঃ সহ, ধনিনঃ (ধনিন্+কর্ত্তরি ১মা বহু) ধনবন্তো জনাঃ, এহি আগচ্ছ, গচ্ছ যাহি, পত নিম্নস্থানং সমাশ্রয় নিম্নে উপবিশ ইত্যর্থঃ, উত্তিষ্ঠ উত্থিতো ভব, বদ বক্তব্যং কথয়, মৌনং সমাচর ব্যক্যাদ্ বিরম, এবম্ ইত্যেবংপ্রকারেণ, ক্রীড়ন্তি যথেচ্ছব্যবহারেণ আনন্দমনুভবন্তি ॥২৩

অনু। আশারূপপাপগ্রহে আক্রান্ত প্রার্থীদিগকে লইয়া ধনিগণ "এস, যাও, ব'স, দাঁড়াও, বল, চুপকর" এইরূপে (যখন যেরূপ ইচ্ছা হুকুম করিয়া) খেলা করিয়া থাকেন ॥২৩

অন্যচ্চ,— যা প্রকৃত্যৈব চপলা নিপতত্যশুচাবপি ।
স্বামিনো বহু মন্যন্তে দৃষ্টিং তামপি সেবকাঃ ॥২৪

অন্বয় ও বঙ্গার্থ। স্বামিনঃ (প্রভুর) প্রকৃত্যা এব (স্বভাবতই) চপলা (চঞ্চল) যা (যে) দৃষ্টিঃ (দৃষ্টি) অশুচৌ অপি (অপবিত্রবিষয়েও)

* অতঃপরং 'কিঞ্চ,—অবুধৈরর্থলাভায়' ইত্যাদি অশ্লীলঃ শ্লোক একঃ কুত্রচিৎ পুস্তকে দৃশ্যতে। ইত আরভ্য যান্যত্র অশ্লীলতয়া অপ্রচলিততয়া বা পরিত্যক্তব্যানি তথা-বিধানি গদ্যানি পদ্যানি চ শ্রীমদ্ভিঃ পরিশিষ্টে দ্রষ্টব্যানি।

নিপততি (নিক্ষিপ্ত হয়) সেবকাঃ (ভৃত্যেরা) তাং (সেই) দৃষ্টিমপি (দৃষ্টিকেও) বহু মন্যন্তে (গৌরবকর মনে করে) ॥ ২৪

ব্যাখ্যা। যেতি।—স্বামিনঃ প্রভোঃ, প্রকৃত্যা (প্রকৃত্যাদিত্বাৎ তৃতীয়া) স্বভাবেন, এব হি, চপলা চঞ্চলা, যা (দৃষ্টিঃ) যৎচক্ষুঃ, অশুচৌ অপি অপবিত্রবিষয়েঽপি, নিপততি নিক্ষিপ্তা ভবতি, সেবকাঃ ভৃত্যাঃ, তাদৃশপ্রভোর্ধনোপজীবিন ইত্যর্থঃ, তাং দৃষ্টিম্ অপি তাদৃশীং হীনবিষয়াং দৃষ্টিমপি, বহু মন্যন্তে গৌরবকরীং ভাবয়ন্তি ॥ ২৪

বাচ্য।—চপলয়া যয়া (দৃষ্ট্যা) নিপত্যতে, সেবকৈঃ সা দৃষ্টিঃ বহু মন্যতে ॥ ২৪

অনু। প্রভুর যে স্বাভাবিক চঞ্চলদৃষ্টি কলুষিতবিষয়েও পতিত হয় সেই দৃষ্টিপাতেও ভৃত্যগণ গৌরব বোধ করিয়া থাকে ॥ ২৪

বিশেষতশ্চ,—

প্রণমত্যুন্নতিহেতোর্জীবিতহেতোর্বিমুঞ্চতি প্রাণান্।
দুঃখীয়তি সুখহেতোঃ কো মূঢ়ঃ সেবকাদন্যঃ ? ॥২৫

অন্বয় ও বঙ্গার্থ। সেবকাৎ (ভৃত্য হইতে) অন্যঃ (অপর, অর্থাৎ ভৃত্যভিন্ন) কঃ (কোন) মূঢ়ঃ (মূর্খ) উন্নতিহেতোঃ (উন্নতির জন্য) প্রণমতি (প্রভুর নিকট নত হইয়া থাকে) জীবিতহেতোঃ (প্রভুর প্রাণরক্ষার জন্য) প্রাণান্ (নিজের প্রাণ) বিমুঞ্চতি (ত্যাগ করে), সুখহেতোঃ (প্রভুর সুখের জন্য) দুঃখীয়তি (দুঃখিতের ন্যায় আচরণ করে) ॥ ২৫

ব্যাখ্যা। প্রণমতীতি।—সেবকাৎ (অন্যার্থশব্দযোগে পঞ্চমী) ভৃত্যাৎ, অন্যঃ অপরঃ, কঃ মূঢ়ঃ (মুহ্ + কর্ত্তরি ক্তঃ) মূর্খঃ, উন্নতিহেতোঃ আত্মোন্নতিনিমিত্তম্, প্রণমতি প্রভুসমীপে নতো ভবতি, হীনস্তিষ্ঠতি ইতি যাবৎ, জীবিতহেতোঃ প্রভোঃ প্রাণরক্ষার্থম্, প্রাণান্ নিজজীবনম্, বিমুঞ্চতি পরিত্যজতি, অথবা জীবিতহেতোঃ স্বজীবনযাত্রানির্ব্বাহার্থম্, প্রাণান্ বিমুঞ্চতি প্রভোঃ স্বেচ্ছাব্যবহারার্থং স্বজীবনম্ উৎসৃজতি। সুখহেতোঃ

প্রভোঃ সুখনিমিত্তং, দুঃখীয়তি (দুঃখ+ক্যচ্ লট্ তিপ্) আত্মনোদুঃখ-মিচ্ছতি, অথবা সুখহেতোঃ স্বস্যৈব ভবিষ্যৎসুখপ্রত্যাশয়া, দুঃখীয়তি দুঃখিনমিব আত্মানম্ আচরতি ? (দুঃখিন্+ক্যচ্ লট্ তিপ্ দুঃখীয়তি) ॥২৫

বাচ্য।—অন্যেন কেন মূঢ়েন প্রণম্যতে, প্রাণাঃ বিমুচ্যন্তে, দুঃখীয্যতে ॥২৫

অনু। ভৃত্যভিন্ন এমন মূর্খ কে আছে যে, উন্নতির আশায় (সর্ব্বদা) নত হইয়া থাকে, প্রভুর প্রাণের জন্য নিজের প্রাণ বিসর্জ্জন করে, প্রভুর সুখের জন্য নিজে দুঃখ বরণ করে ॥ ২৫

অপরঞ্চ,—

মৌনান্মূর্খঃ প্রবচনপটুর্ব্বাতুলো জল্পকো বা
ক্ষান্ত্যা ভীরুর্যদি ন সহতে প্রায়শো নাভিজাতঃ।
ধৃষ্টঃ পার্শ্বে বসতি নিয়তং দূরতশ্চাপ্রগল্‌ভঃ
সেবাধর্ম্মঃ পরমগহনো যোগিনামপ্যগম্যঃ ॥২৬

অন্বয় ও বঙ্গার্থ। প্রায়শঃ (অধিকাংশ সময়ে) মৌনাৎ (চুপ করিয়া থাকিলে) মূর্খঃ (মূর্খ বলিয়া গণ্য হয়), প্রবচনপটুঃ (বেশী কথা বলিলে) বাতুলঃ (বায়ুরোগগ্রস্ত অর্থাৎ পাগল) জল্পকঃ বা (অথবা বাচাল বলিয়া গণ্য হয়), ক্ষান্ত্যা (সহিষ্ণু হইলে) ভীরুঃ (ভীরু বলিয়া গণ্য হয়), যদি ন সহতে (যদি সহ্য না করে) ন অভিজাতঃ (বংশমর্য্যাদাহীন অর্থাৎ অভদ্র বলিয়া বিবেচিত হয়), (যদি) নিয়তং (সর্ব্বদা) পার্শ্বে (নিকটে) বসতি (অবস্থান করে) (তবে) ধৃষ্টঃ (উদ্ধত বলিয়া গণ্য হয়) দূরতশ্চ (আবার দূরে থাকিলেও) অপ্রগল্‌ভঃ (অচতুর অর্থাৎ কাজের অযোগ্য বলিয়া গণ্য হয়) (অতএব) পরমগহনঃ (অতিজটিল) সেবাধর্ম্মঃ (সেবাবৃত্তি) যোগিনাম্ অপি (যোগীদিগেরও) অগম্য (বুদ্ধির অতীত, অর্থাৎ ভগবানের সেবা অপেক্ষাও মানুষের সেবাকরা অতিকষ্টকর ; সুতরাং ইহা যোগিগণেরও ধারণার বহির্ভূত) ॥ ২৬

ব্যাখ্যা। মৌনাদিতি।—প্রায়শঃ বাহুল্যেন, মৌনাৎ (ল্যব্‌লোপে পঞ্চমী), তূষ্ণীংভূয় স্থিত ইত্যর্থঃ, মূঢ় ইতি গণ্যতে, প্রবচনপটুঃ (প্রকৃষ্টং বচনং কর্ম্মধা, তত্র পটুঃ সপ্তমী তৎ) বাক্‌পটুঃ সন্, বাতুলঃ উন্মত্তঃ, জল্পকঃ বাচালো বা, ক্ষান্ত্যা সহনেন, (বিশেষণে তৃতীয়া) ভীরুঃ ভয়শীলঃ, যদি ন সহতে প্রভোঃ স্বেচ্ছাচারসহিষ্ণুর্ন ভবতি চেৎ (তদা) ন অভিজাতঃ সদ্বংশজাতঃ ন গণ্যতে নীচবংশীয় ইতি তিরষ্ক্রিয়তে ইত্যর্থঃ, (যদি) নিয়তঃ সর্ব্বদা, পার্শ্বে সমীপে, বসতি তিষ্ঠতি, (তর্হি) ধৃষ্টঃ অবিনীতঃ, দূরতঃ (সপ্তমীস্থানে তস্) সর্ব্বদা যদি দূরে তিষ্ঠতি তদা, অপ্রগল্‌ভঃ কর্ম্মপটুতাহীন ইতি প্রভুণা মন্যতে, (অতঃ) পরমগহনঃ অতিজটিলঃ, সেবাধর্ম্মঃ ভৃত্যভাবঃ, যোগিনাং ভগবৎ-সেবাপরায়ণানাম্‌ অপি অগম্যঃ দুর্ব্বোধঃ। ভগবৎসন্তোষাপেক্ষয়াঽপি প্রভুসন্তোষো দুষ্কর ইতি ভাবঃ। মন্দাক্রান্তাচ্ছন্দসা নিবদ্ধমিদম্‌॥ ২৬

বাচ্য।—মূর্খেণ প্রবচনপটুনা বাতুলেন জল্পকেন ভীরুণা (ভূয়তে), যদি ন সহ্যতে, ন অভিজাতেন (ভূয়তে), উষ্যতে, ধৃষ্টেন, অপ্রগল্‌ভেন, পরমগহনেন সেবাধর্ম্মেণ অগম্যেন (ভূয়তে)॥ ২৬

অনু। (প্রভুর নিকটে ভৃত্য) চুপকরিয়া থাকিলে মূর্খ, বেশীকথা বলিলে উন্মত্ত বা বাচাল, সহিষ্ণু হইলে ভীরু, সহ্য না করিলে অভদ্র, সকলসময় নিকটে থাকিলে উদ্ধত, (আবার) দূরে থাকিলেও কার্য্যের অযোগ্য বলিয়াই প্রায়শঃ গণ্য হইয়া থাকে, অতএব সেবাবৃত্তি অতি জটিল, ইহা যোগীদিগেরও অবোধ্য॥ ২৬

দমনকোঽব্রবীৎ,—মিত্র! সর্ব্বথা মনসাঽপি ন এতৎ কর্ত্তব্যম্‌॥ (দ)

ব্যাখ্যা। "দমনকঃ...কর্ত্তব্যম্‌"—। দমনকঃ তন্নামকঃ শৃগালঃ, মিত্র! করটক! এতৎ প্রভুসেবাবর্জ্জনম্, মনসাঽপি ন কর্ত্তব্যং চিন্তনীয়মপি ন ইত্যর্থঃ॥ (দ)

অনু। দমনক বলিল—বন্ধু! ইহা (প্রভুর সেবাপরিত্যাগ) তোমার কখন মনে করাও উচিত নহে ॥ (দ)

যতঃ,—কথং নাম ন সেব্যন্তে যত্নতঃ পরমেশ্বরাঃ ?
অচিরেণৈব যে তুষ্টাঃ পূরয়ন্তি মনোরথান্ ॥ ২৭

অন্বয় ও বঙ্গার্থ। যে (যে প্রভুগণ) তুষ্টাঃ (সন্তুষ্ট হইলে) অচিরেণৈব (শীঘ্রই) মনোরথান্ (অভিলাষ) পূরয়ন্তি (পূর্ণ করেন) (তে) পরমেশ্বরাঃ (সেই ধনবান্ প্রভুগণকে ; কথং নাম (কেন) যত্নতঃ (যত্ন-পূর্ব্বক (ন সেব্যন্তে ?) সেবাকরা হইবে না ?) ॥ ২৭

ব্যাখ্যা। কথমিতি। যে (পরমেশ্বরাঃ), তুষ্টাঃ প্রীতাঃ সন্তঃ, অচিরেণৈব শীঘ্রমেব, মনোরথান্ অভিলাষান্, পূরয়ন্তি সফলয়ন্তি, (তে) পরমেশ্বরাঃ প্রভুজনাঃ, কথং কেন হেতুনা, নাম (সম্ভাবনার্থে অব্যয়ম্), যত্নতঃ যত্নেন, ন সেব্যন্তে ? অস্মাভির্ন আরাধ্যন্তে ? ॥ ২৭

বাচ্য।—যৈঃ তুষ্টৈঃ মনোরথাঃ পূর্য্যন্তে, (তান্) পরমেশ্বরান্ সেবামহে (বয়মিত্যাহম্) ॥ ২৭

অনু। যেহেতু—যাঁহারা সন্তুষ্ট হইলে অচিরেই (সেবকগণের) অভিলাষ পূর্ণ করিতে পারেন, সেই সকল প্রভুদিগকে যত্নপূর্ব্বক সেবা না করিব কেন ? ॥—২৭

অন্যচ্চ,—

কুতঃ সেবাবিহীনানাং চামরোদ্ধূতসম্পদঃ।
উদ্দণ্ডধবলচ্ছত্রবাজিবারণবাহিনী ॥ ২৮

অন্বয় ও বঙ্গার্থ। সেবাবিহীনানাং (যাহারা প্রভুর সেবায় পরাঙ্মুখ তাহাদের) চামরোদ্ধূতসম্পদঃ (চামরের দ্বারা কম্পিত বসনভূষণাদিরূপ ঐশ্বর্য্য) উদ্দণ্ডধবলচ্ছত্রবাজিবারণবাহিনী (চ) (এবং উন্নতদণ্ডযুক্ত

শ্বেতচ্ছত্র অশ্ব হস্তী প্রভৃতিদ্বারা শোভিত সৈন্যদল) কুতঃ (কিরূপে সম্ভব হইতে পারে ?) ॥ ২৮

ব্যাখ্যা। কুত ইতি।—সেবাবিহীনানাং প্রভুসেবাবিমুখানাম্, চামরোদ্ধূতসম্পদঃ চামরেণ উদ্ধূতাঃ কম্পিতাঃ (তৃতীয়াতৎ) তাঃ সম্পদঃ (কর্ম্মধা,) চামরকম্পিতানি বসনভূষণাদিরূপাণি ঐশ্বর্য্যাণি, উদ্দণ্ডধবলচ্ছত্রবাজিবারণবাহিনী উন্নতো দণ্ডো যস্য তৎ উদ্দণ্ডং (বহুব্রীহিঃ) তথাবিধং ধবলং ছত্রং (কর্ম্মধা) তচ্চ বাজিনশ্চ (অশ্বাশ্চ) বারণাশ্চ (হস্তিনশ্চ, সমুদিতস্য দ্বন্দ্বঃ) তদ্যুক্তা বাহিনা (মধ্যপদলোপিকর্ম্মধা) সেনা (চ) কুতঃ ? কথং সম্ভবতি ? ন কথমপীত্যর্থঃ। প্রভুসেবাং বিনা বিপুলৈশ্বর্য্যম্ অসম্ভবম্ ইত্যর্থঃ ॥ ২৮

বাচ্য।—চামরোদ্ধূতসম্পদ্ভিঃ উদ্দণ্ডধবলচ্ছত্রবাজিবারণবাহিন্যা (চ) (সম্ভূয়তে) ॥ ২৮

অনু। আরও (দেখ)—সেবাবৃত্তিপরায়ণ না হইলে তাহাদের চামরকম্পিত (বস্ত্রঅলঙ্কারাদি) সম্পদ্ এবং উন্নত দণ্ডবিশিষ্ট শ্বেতচ্ছত্র অশ্ব হস্তী প্রভৃতি যুক্ত সৈন্যদল কিরূপে সম্ভবপর ? ॥ ২৮

করটকো ব্রূতে,—তথাঽপি কিমনেন অব্যাপারেণাস্মাকম্* ? অব্যাপারেষু ব্যাপারঃ সর্ব্বথা পরিহরণীয়ঃ ॥ (ধ)

ব্যাখ্যা। "করটকো···পরিহরণীয়ঃ"।—করটকঃ তন্নামা শৃগালঃ, ব্রূতে কথয়তি, তথাপি সম্পদ্লাভার্থং প্রভুসেবায়া আবশ্যকত্বেঽপি, অস্মাকং ক্ষুদ্রপশূনাং সম্পৎসম্ভাবনাশূন্যানামিতি যাবৎ অব্যাপারেণ (ন বিদ্যতে ব্যাপারঃ যত্র তেন বহুব্রীহিঃ) অধিকারবহির্ভূতেন, অনেন সেবাগুণেন, কিম্ ? ন কিমপি প্রয়োজনমিত্যর্থঃ, অব্যাপারেষু অধিকারবহির্ভূতেষু, ব্যাপারঃ চেষ্টা, সর্ব্বথা সর্ব্বপ্রকারেণ, পরিহরণীয়ঃ বর্জ্জনীয়ঃ ॥ (ধ)

* 'কিমনেনাস্মাকং ব্যাপারেণ যতঃ' ইতি পাঠভেদঃ

অনু। করটক বলিল—তাহা হইলেও অধিকারের বহির্ভূত বিষয়ে লক্ষ্য করা আমাদের আবশ্যক কি? অনধিকার চর্চ্চা সর্ব্বথা ত্যাগ করা উচিত ॥ (ধ)

পশ্য,—অব্যাপারেষু ব্যাপারং যো নরঃ কর্ত্তুমিচ্ছতি।
স ভূমৌ নিহতঃ শেতে কীলোৎপাটীব বানরঃ ॥ ২৯

অন্বয় ও বঙ্গার্থ। যঃ নরঃ (যে ব্যক্তি) অব্যাপারেষু (নিজের অধিকারের বহির্ভূত বিষয়ে) ব্যাপারং (চেষ্টা) কর্ত্তুং (করিতে) ইচ্ছতি (ইচ্ছা করে), সঃ (সেই ব্যক্তি) কীলোৎপাটী (খিল্ উত্তোলনকারী) বানর ইব (বানরের ন্যায়) নিহতঃ (মরিয়া) ভূমৌ শেতে (ভূতলশায়ী হয়) ॥ ২৯

ব্যাখ্যা। অব্যাপারেষু ইতি।—যঃ নরঃ অব্যাপারেষু অধিকার-বহির্ভূতেষু, ব্যাপারং চেষ্টাম্, কর্ত্তুম্ ইচ্ছতি অভিলষতি, সঃ নরঃ, কীলোৎ-পাটী কীলং শঙ্কুং "খিল্" ইতি বঙ্গভাষাপ্রসিদ্ধম্ উৎপাটয়তি উত্তোলয়তি যঃ সঃ (উপপদতৎ), বানর ইব মর্কটবৎ, নিহতঃ মৃতঃ সন্, ভূমৌ ভূতলে শেতে পততি, ভূতলশায়ী ভবতি ইত্যর্থঃ ॥ ২৯

বাচ্য।—যেন নরেণ ব্যাপারঃ কর্ত্তুমিষ্যতে, তেন কীলোৎপাটিনা বানরেণ ইব নিহতেন শয্যতে ॥ ২৯

শেতে—শীঙ্-লট্তে, লিট্-শিশ্যে, লুঙ্-অশয়িষ্ট, লৃট্-শেষ্যতে। ২৯

অনু। দেখ,—যে ব্যক্তি নিজের অধিকারের বাহিরে কাজ করিতে ইচ্ছা করে সে কীল (খিল্) উত্তোলনকারী বানরের ন্যায় বিনষ্ট হইয়া ভূতলশায়ী হয় ॥ ২৯

দমনকঃ পৃচ্ছতি,—"কথমেতৎ?" করটকঃ কথয়তি, ॥—(ন)

ব্যাখ্যা। "দমনকঃ...কথয়তি"—দমনকঃ প্রাগুক্তঃ শৃগালঃ, পৃচ্ছতি

জিজ্ঞাসতে, এতৎ পূর্ব্বশ্লোকপ্রতিপাদিতং বৃত্তম্, কথং কেন প্রকারেণ অভবদিতি শেষঃ। করটকঃ অপরঃ শৃগালঃ, কথয়তি বদতি ॥ (ন)

অনু। দমনক জিজ্ঞাসা করিল ইহা কিপ্রকারে হইল? করটক বলিল ॥—(ন)

কথা ১

মগধদেশে ধর্ম্মারণ্যসন্নিহিতবসুধায়াং শুভদত্তনাম্না কায়স্থেন বিহারঃ কারয়িতুমারব্ধঃ। তত্র করপত্রবিদার্য্যমাণকাষ্ঠস্তম্ভস্য কিয়দ্দূরবিদীর্ণখণ্ডদ্বয়স্য মধ্যে কীলকঃ সূত্রধারেণ নিহিতঃ। তত্র চ বনবাসী মহান্ বানরযূথঃ ক্রীড়নার্থমায়াতঃ। তেষু একো বানরঃ কালপ্রেরিত ইব তং কীলকং হস্তাভ্যাং ধৃত্বোপবিষ্টঃ। ততস্তস্য মুষ্কদ্বয়ং লম্বমানং কাষ্ঠখণ্ডদ্বয়াভ্যন্তরে প্রবিষ্টম্। অনন্তরং স সহজচপলতয়া মহতা প্রযত্নেন তং কীলকমাকৃষ্টবান্। আকৃষ্টে চ কীলকে কাষ্ঠাভ্যাং চূর্ণিতাণ্ডদ্বয়ঃ পঞ্চত্বং গতঃ। অতোঽহং ব্রবীমি,—"অব্যাপারেষু ব্যাপারমি"ত্যাদি ॥ (প)

ব্যাখ্যা। "মগধদেশে...ব্যাপারমিত্যাদি"।—মগধদেশে মগধনামকে দেশে, ধর্ম্মারণ্যসন্নিহিতবসুধায়াং ধর্ম্মারণ্যস্য ধর্ম্মারণ্যনামকবনবিশেষস্য, সন্নিহিতা নিকটবর্ত্তিনী (ষষ্ঠীতৎ), তথাভূতা বসুধা ভূমিঃ স্থানমিত্যর্থঃ, (কর্ম্মধা, পূর্ব্বপদস্য পুংবদ্ভাবঃ), তস্যাম্, শুভদত্তনাম্না শুভদত্ত ইতি নাম যস্য তেন (বহুব্রীহিঃ), কায়স্থেন, বিহারঃ বৌদ্ধাশ্রমঃ, কারয়িতুং (কৃ+ণিচ্+তুম্), জনৈঃ সম্পাদয়িতুম্, আরব্ধঃ (আ+রভ্+কর্ম্মণি-ক্তঃ) উপক্রান্তঃ। তত্র তস্মিন্ স্থানে, করপত্রবিদার্য্যমাণকাষ্ঠস্তম্ভস্য করপত্রেণ ("করাৎ" ইতি বঙ্গভাষাপ্রসিদ্ধেন) ক্রকচনামকাস্ত্রবিশেষেণ, বিদার্য্যমাণঃ পাট্যমানঃ (তৃতীয়াতৎ), তথাভূতঃ কাষ্ঠস্তম্ভঃ (কর্ম্মধা) স্তম্ভাকার-

কাষ্ঠখণ্ডঃ তস্য, কিয়দ্দূরবিদীর্ণখণ্ডদ্বয়স্য কিয়দ্দূরং কিঞ্চিদ্দূরপর্য্যন্তং বিদীর্ণং পাটিতং যৎ খণ্ডদ্বয়ং (কর্ম্মধা) তস্য, মধ্যে অভ্যন্তরে, সূত্রধারেণ, (কর্ত্তরি তৃ-). কীলকঃ খণ্ডদ্বয়মধ্যে অবকাশরক্ষণযোগ্যঃ কাষ্ঠাদিখণ্ড-বিশেষঃ, নিহিতঃ প্রবেশিতঃ, আসীদিতি শেষঃ। তত্র তস্মিন্ স্থানে, বনবাসী অরণ্যস্থঃ, মহান্ বিপুলঃ, বানরযূথঃ কপিসমূহঃ, ক্রীড়নার্থং ক্রীড়া-নিমিত্তম্, আয়াতঃ আগতঃ, তেষু (নির্দ্ধারে ৭মী) তেষাং বানরাণাং মধ্যে কালপ্রেরিত ইব কালেন মৃত্যুনা প্রেরিত ইব চালিত ইব (তৃতীয়াতৎ), হস্তাভ্যাং হস্তদ্বয়েন, ধৃত্বা অবলম্ব্য, উপবিষ্টঃ (উপ-বিশ্+কর্ত্তরি-ক্তঃ), ততঃ তদনন্তরম্, তস্য বানরস্য, মুষ্কদ্বয়ম্ অণ্ডকোষডিম্বদ্বয়ম্, কাষ্ঠখণ্ডদ্বয়া-ভ্যন্তরে কাষ্ঠখণ্ডদ্বয়স্য অভ্যন্তরে (ষষ্ঠীতৎ) মধ্যে, প্রবিষ্টম্, সঃ বানরঃ, সহজচপলতয়া সহজা স্বাভাবিকী চপলতা চঞ্চলতা তয়া (কর্ম্মধা) স্বভাব-সিদ্ধচাঞ্চল্যদোষেণ ইত্যর্থঃ (হেত্বর্থে তৃ-), মহতা প্রবলেন, প্রযত্নেন চেষ্টয়া (করণে তৃ-), আকৃষ্টবান্ উত্তোলিতবান্, কীলকে আকৃষ্টে উত্তোলিতে সতি (ভাবে ৭মী), কাষ্ঠাভ্যাং কীলকাপগমাৎ মিলিতাভ্যাম্ ইতি শেষঃ। (কর্ত্তরি-তৃ-), চূর্ণিতাণ্ডদ্বয়ঃ চূর্ণিতম্ অণ্ডদ্বয়ং যস্য (বহুব্রীহিঃ) তথাভূতঃ সন্, পঞ্চত্বং গতঃ মৃতঃ॥ (প)

অনু। মগধদেশে ধর্ম্মারণ্যের নিকটবর্ত্তিস্থানে শুভদত্ত নামে কোনও কায়স্থ একটী বৌদ্ধমন্দির প্রস্তুত করাইতে আরম্ভ করেন, সেইস্থানে একখানি কাঠ করাত দিয়া ফাঁড়াই করা হইতেছিল, তাহার কতক অংশ ফাঁড়িয়া দুই ভাগকরার পর সূত্রধার তাহার মধ্যে একটা খিল্ দিয়া রাখিয়াছিল, বনবাসী প্রকাণ্ড একদল বানর সেস্থানে খেলা করিতে আসে, তাহার মধ্যে একটী বানর যেন মৃত্যুদ্বারাই প্রেরিত হইয়া সেই খিলটী ধরিয়া ঐ কাঠখানির উপর গিয়া বসে, তাহাতে তাহার অণ্ডকোষ দুইটী ঝুলিয়া সেই ফাঁড়া কাঠের মধ্যে প্রবেশ করে, অতঃপর সেই বানর স্বাভাবিক চাঞ্চল্যদোষে অনেক চেষ্টা করিয়া সেই খিল্‌টী তুলিয়া ফেলে, খিল্‌টী তোলা মাত্রই সেই কাষ্ঠখণ্ড

দুইটীর চাপে তাহার অণ্ডকোষদ্বয় চূর্ণ হইয়া যায় এবং বানর মরিয়া যায়। এই জন্যই আমি "অব্যাপারেষু ব্যাপারম্" এই শ্লোক বলিলাম ॥ (প)

দমনকো ব্রূতে,—"তথাঽপি স্বামিচেষ্টানিরূপণং সেবকৈঃ কর্ত্তব্যম্"। করটকো ব্রূতে,—"যঃ সর্ব্বাধিকারে নিযুক্তঃ প্রধানমন্ত্রী স করোতু। যতঃ অনুজীবিনা পরাধিকারচর্চ্চা ন কর্ত্তব্যা" ॥ (ফ)

ব্যাখ্যা। "দমনকো...কর্ত্তব্যা"।—ব্রূতে কথয়তি, তথাপি অব্যাপারেষু ব্যাপারস্য অকর্ত্তব্যত্বেঽপি, সেবকৈঃ ভৃত্যৈঃ, স্বামিচেষ্টানিরূপণং স্বামিনঃ প্রভোঃ চেষ্টা আচরণম্ (ষষ্ঠীতৎ), তস্যাঃ নিরূপণং পর্য্যবেক্ষণম্ (ষষ্ঠীতৎ) কর্ত্তব্যং বিধেয়ম্, সর্ব্বাধিকারে সর্ব্বস্মিন্ কর্ত্তব্যে, নিযুক্তঃ অর্পিতভারঃ। অনুজীবিনা ক্ষুদ্রভৃত্যেন, পরাধিকারচর্চ্চা পরস্য অন্যস্য অধিকারঃ কর্ত্তব্যম্, (ষষ্ঠীতৎ) তস্য চর্চ্চা (ষষ্ঠীতৎ) পর্য্যবেক্ষণম্ ॥ (ফ)

অনু। দমনক বলিল,—তাহা হইলেও প্রভুর কার্য্য লক্ষ্য করা ভৃত্যের পক্ষে কর্ত্তব্য। করটক বলিল,—যিনি সকলবিষয়ের ভারপ্রাপ্ত প্রধানমন্ত্রী তিনি লক্ষ্য করুন, যেহেতু সাধারণ ভৃত্যের পক্ষে অন্যের কর্ত্তব্যে দৃষ্টি না করাই উচিত ॥ (ফ)

পশ্য,—পরাধিকারচর্চ্চাং যঃ কুর্য্যাৎ স্বামিহিতেচ্ছয়া।
স বিষীদতি চীৎকারাৎ তাড়িতো গর্দ্দভো যথা ॥ ৩০

অন্বয় ও বঙ্গার্থ। যঃ (যে) স্বামিহিতেচ্ছয়া (প্রভুর মঙ্গলকামনায়) পরাধিকারচর্চ্চাং (অন্যের কাজে হস্তক্ষেপ) কুর্য্যাৎ (করে), সঃ (সে ব্যক্তি) চীৎকারাৎ (চীৎকারবশতঃ) তাড়িতঃ (প্রহারপ্রাপ্ত হইয়া) গর্দ্দভো যথা (গাধা যেমন মরিয়াছিল সেইরূপ) বিষীদতি (অবসন্ন অর্থাৎ মরণদশা প্রাপ্ত হয়) ॥ ৩০

ব্যাখ্যা। পরেতি।—যঃ জনঃ, স্বামিহিতেচ্ছয়া (স্বামিনঃ হিতং তস্য

ইচ্ছা তয়া ষষ্ঠীতৎ) প্রভুমঙ্গলকামনয়া, পরাধিকারচর্চ্চাং অন্যস্য কর্ত্তব্যে আত্মনিয়োগম্, কুর্য্যাৎ, সঃ জনঃ চীৎকারাৎ উচ্চৈঃ কর্কশশব্দকরণাৎ, তাড়িতঃ আহতঃ, গর্দ্দভো যথা গর্দ্দভ ইব, বিষীদতি (বি+সদ্+লট্-তি) অবসাদং প্রাপ্নোতি পঞ্চত্বং গচ্ছতি ইত্যর্থঃ ॥ ৩০

বাচ্য।—যেন পরাধিকারচর্চ্চা ক্রিয়তে তেন যথা তাড়িতেন গর্দ্দভেন (তথা) বিষদ্যতে ॥ ৩০

অনু। দেখ,—যে ব্যক্তি প্রভুর হিতকামনায় অন্যের কর্ত্তব্যে লক্ষ্য করিতে যায় সে চীৎকারবশতঃ তাড়িত গর্দ্দভের ন্যায় বিনাশ প্রাপ্ত হয় ॥ ৩০

দমনকঃ পৃচ্ছতি,—"কথমেতৎ ?" করটকঃ কথয়তি, ॥—

কথা ২

আসীৎ বারাণস্যাং কর্পূরপটো *নাম রজকঃ। স চৈকদা অভিনববয়স্কয়া ভার্য্যয়া সহ চিরং কেলিং †কৃত্বা নির্ভরং §প্রসুপ্তঃ। তদনন্তরং দ্রব্যাণি হর্ত্তুং তদ্গৃহে ‡ চৌরঃ প্রবিষ্টঃ। তস্য প্রাঙ্গণে গর্দ্দভো বদ্ধস্তিষ্ঠতি, কুক্কুরশ্চোপবিষ্টঃ অস্তি। তং চৌরমবলোক্য §গর্দ্দভঃ শ্বানমাহ,—"সখে ! ভবতস্তাবদয়ং ব্যাপারঃ, তৎ কিমিতি ত্বমুচ্চৈঃশব্দং কৃত্বা স্বামিনং ন জাগরয়সি ?"। কুক্কুরো ব্রূতে,—"ভদ্র ! মম নিয়োগস্যাস্য চর্চ্চা ত্বয়া ন কার্য্যা। ত্বমেব কিং ন জানাসি যথাঽহমস্য অহর্নিশং গৃহরক্ষাং করোমি। যতোঽয়ং চিরাৎ নির্ব্বৃতো মম উপযোগং ন জানাতি, তেনাধুনা মমাঽঽহারদানেঽপি মন্দাদরঃ। § বিনা

---

* 'কর্পূরপটো' ইত্যত্র 'কর্পূরপটকো' কুত্রচিদ্ দৃশ্যতে। † 'কেলিং' ইত্যত্র 'নিধুবনং' কচিৎ পাঠঃ। $ 'আলিঙ্গ্য' ইতি অধিকঃ পাঠঃ পুস্তকান্তরে দৃশ্যতে। ‡ 'তদ্গৃহদ্রব্যাণি হর্ত্তুং' ইতি পাঠভেদঃ। § 'তং চৌরমবলোক্য' ইত্যত্র কেবলং 'অথ' ইতি পাঠভেদঃ কুত্রচিল্লক্ষ্যতে। $ 'যতঃ' ইতি অধিকঃ পাঠঃ।

বিধুরদর্শনং স্বামিনোঽনুজীবিষু মন্দাঽঽদরা ভবন্তি"। গর্দ্দভো ব্রূতে,—শৃণু রে বর্ব্বর! ॥—(ব)

ব্যাখ্যা। "দমনকঃ...বর্ব্বর!"—দমনকঃ তন্নামকঃ শৃগালঃ, পৃচ্ছতি জিজ্ঞাসতে, এতৎ "পরাধিকারচর্চ্চাম্" ইত্যাদিশ্লোকপ্রতিপাদিতং বৃত্তম্, কথং কেন প্রকারেণ? করটকঃ কথয়তি ব্রবীতি, বারাণস্যাং কাশীধাম্নি, কর্পূরপটোনাম কর্পূরপটনামকঃ রজকঃ ("ধোপা" ইতি বঙ্গভাষাপ্রসিদ্ধঃ) আসীৎ অভবৎ, স চ কর্পূরপটঃ, একদা কদাচিৎ, অভিনববয়স্কয়া (অভিনবং বয়ঃ যস্যাঃ তয়া বহুব্রীহিসমাসান্তে কপ্) যুবত্যা. ভার্য্যয়া পত্ন্যা সহ, চিরং বহুসময়ং ব্যাপ্য, কেলিং বিহারম্, কৃত্বা বিধায়, নির্ভরং গাঢ়ম্, প্রসুপ্তঃ (প্র+স্বপ্+কর্ত্তরি-ক্তঃ) নিদ্রাভিভূতঃ বভুবেতি শেষঃ। তদনন্তরং ততঃপরম্, চৌরঃ কোঽপি তস্করঃ, দ্রব্যাণি ধনবস্ত্রাদীনি হর্ত্তুং চোরয়িতুম্, তদ্‌গৃহে তস্য কর্পূরপটস্য গৃহে ভবনে (ষষ্ঠীতৎ), প্রবিষ্টঃ। তস্য কর্পূরপটস্য, প্রাঙ্গণে চত্বরে, গর্দ্দভঃ রাসভঃ, বদ্ধঃ রজ্জুনিয়ন্ত্রিতঃ, তিষ্ঠতি বর্ত্ততে, শ্বানং কুক্কুরম্, আহ (ব্রূ+লট্-তি) কথয়তি, অয়ং ব্যাপারঃ চৌরাদিভ্যঃ ধনাদি-রক্ষার্থং প্রভোঃ উদ্বোধনরূপং কার্য্যম্, ভবতঃ তবৈব অধিকারসিদ্ধঃ, "তাবৎ" ইতি বাক্যালঙ্কারে অব্যয়ম্। তৎ তর্হি, কিমিতি কথম্, উচ্চৈঃ-শব্দং চীৎকারম্, কৃত্বা, স্বামিনং প্রভুং রজকম্, ন জাগরয়সি প্রবুদ্ধং ন করোষি? ভদ্র! মহাশয়! অস্য নিয়োগস্য কর্ত্তব্যাধিকারস্য সম্বন্ধে, ত্বয়া (কর্ত্তরি-তৃ-) চর্চ্চা আলোচনা, ন কার্য্যা ন কর্ত্তব্যা, ত্বমেব ত্বমপি কিং ন জানাসি অপিতু জানাসি এব, যথা যৎ, অহম্ অহর্নিশম্ (অহশ্চ নিশা চ দ্বন্দ্বঃ) সর্ব্বদা, অস্য প্রভোঃ রজকস্য, গৃহরক্ষাং গৃহস্য ভবনস্য রক্ষাং সংরক্ষণম্ (ষষ্ঠীতৎ), করোমি, চিরাৎ বহোঃ কালাৎ প্রভৃতি, নির্বৃতঃ চৌরাদ্যুপদ্রবাভাবেন শান্তিপ্রাপ্তঃ, অয়ং রজকঃ, মম উপযোগং প্রয়োজনীয়-তাম্, ন জানাতি ন চিন্তয়তি, তেন হেতুনা, অধুনা সম্প্রতি, মম আহার-

দানেঽপি অন্যবিধযত্নকরণং তু দূরে গচ্ছতু খাদ্যদানেঽপি, মন্দাদরঃ (মন্দঃ আদরো যস্য সঃ বহু-) আগ্রহশূন্যঃ, সঞ্জাত ইতি শেষঃ। স্বামিনঃ প্রভুজনাঃ, বিধুরদর্শনং বিনা স্বস্য অনিষ্টসম্ভাবনায়া অভাবে, অনুজীবিষু আশ্রিতেষু, মন্দাদরাঃ আদরহীনাঃ ভবন্তি। রে বর্ব্বর! হে নির্ব্বোধ! ॥—(ব)

অনু। দমনক জিজ্ঞাসা করিল ইহা কি প্রকার? করটক বলিল,—কাশীধামে কর্পূরপটনামে এক ধোপা ছিল, সে একদিন তাহার যুবতী স্ত্রীর সহিত অনেকক্ষণ আমোদ প্রমোদ করিয়া গাঢ় নিদ্রায় অভিভূত হইয়াছে, অনন্তর এক চোর চুরি করিবার জন্য তাহার গৃহে প্রবেশ করে, ঐ কর্পূরপটের উঠানে একটী গাধা বাঁধা ছিল, এবং একটী কুকুর বসিয়াছিল, চোর দেখিয়া গাধা কুকুরকে বলিল—বন্ধু, প্রভুকে সতর্ককরা তোমার কার্য্য, অতএব তুমি চীৎকার করিয়া প্রভুকে জাগাইতেছ না কেন? কুকুর বলিল—মহাশয়! আমার কর্ত্তব্যবিষয়ে তোমার আলোচনা করা অনাবশ্যক, তুমি কি জাননা যে, আমি দিবারাত্রি ইহার বাড়ী রক্ষা করিয়া থাকি, যেহেতু ইনি (কর্পূরপট) বহুদিন যাবৎ বেশ নিরুদ্বেগে থাকায় (এখন আর) আমার উপযোগিতা মনে করেন না, এজন্য আমাকে খাদ্য দিতেও ইহার তেমন যত্ন নাই, অসুবিধা ভোগ না করিলে প্রভুগণ (প্রায়ই) আশ্রিতের প্রতি আদরহীন হইয়া থাকেন। গাধা বলিল—ওহে বর্ব্বর! শোন ॥—(ব)

যাচতে কার্য্যকালে যঃ স কিংভৃত্যঃ স কিংসুহৃৎ।
কুক্কুরো ব্রূতে,—

যো ন সম্ভাবয়েদ্ ভৃত্যান্ কার্য্যকালে স কিংপ্রভুঃ ॥ ৩১*

অন্বয় ও বঙ্গার্থ। যঃ (যে ভৃত্য অথবা বন্ধু) কার্য্যকালে (প্রভুর বা বন্ধুর কাজের সময়ে) যাচতে (অর্থাদি প্রার্থনা করে) সঃ (সেই ভৃত্য)

* অতঃপরং 'কিঞ্চ,—আশ্রিতানাং ভৃতৌ' ইত্যাদি শ্লোকশ্চ কুত্রচিদ্ বর্ত্ততে।

কিংভৃত্যঃ (নিন্দনীয় ভৃত্য)। সঃ (সেই বন্ধু) কিংসুহৃৎ নিন্দনীয় বন্ধু, যঃ (যে প্রভু) কার্য্যকালে (প্রয়োজনায়-সময়ে) ভৃত্যান্ (ভৃত্যদিগকে) ন সম্ভাবয়েৎ (যথোচিত ধনাদিদ্বারা সন্তুষ্ট না করে) সঃ (সেই প্রভু) কিংপ্রভুঃ (নিন্দনীয় প্রভু) ॥৩১

ব্যাখ্যা। যাচতে ইতি।—যঃ ভৃত্যঃ সুহৃদ্ বা, কার্য্যকালে প্রভোঃ সুহৃদো বা প্রয়োজনসময়ে, যাচতে ধনাদিকম্ আকাঙ্ক্ষতি, সঃ ভৃত্যঃ কিং-ভৃত্যঃ (কুৎসিতো ভৃত্য ইতি নিন্দার্থককিংশব্দেন সহ কর্ম্মধা) নিন্দনীয়ভৃত্য ইত্যর্থঃ, সঃ সুহৃৎ কিংসুহৃৎ (কুৎসিতঃ সুহৃদিতি পূর্ব্ববৎ). যঃ প্রভুঃ, কার্য্যকালে প্রয়োজনসময়ে, ভৃত্যান্ অনুজীবিনঃ. ন সম্ভাবয়েৎ সমুচিত-খাদ্য-ধন-মানাদিনা ন সন্তোষয়েৎ, সঃ কিম্প্রভুঃ (কুৎসিতঃ প্রভুঃ ইতি নিন্দার্থে কর্ম্মধা) ॥ ৩১

বাচ্য।—যেন যাচ্যতে তেন কিংভৃত্যেন কিংসুহৃদা (ভূয়তে), যেন ভৃত্যাঃ ন সম্ভাব্যেরন্ তেন কিম্প্রভুণা (ভূয়তে) ॥ ৩১

অনু। যে ভৃত্য বা যে বন্ধু প্রভুর বা বন্ধুর সঙ্কটকালে (ধনাদি কিছু) প্রার্থনা করে সে ভৃত্য বা সে বন্ধু নিন্দনীয়। (কুকুর বলিল)—যে প্রভু সময়মত ভৃত্যদিগকে পরিতুষ্ট না করেন সেই প্রভুও নিন্দনীয় ॥ ৩১

ততো গর্দ্দভঃ সকোপমাহ,—"অরে দুষ্টমতে! পাপীয়াংস্ত্বম্, যদ্ বিপত্তৌ স্বামিকার্য্যোপেক্ষাং করোষি। ভবতু, যথা স্বামী জাগর্ত্তি, *তথা ময়া কর্ত্তব্যম্ ॥ (ভ)

ব্যাখ্যা। "ততো···কর্ত্তব্যম্"।—ততঃ কুক্কুরবাক্যানন্তরম্, গর্দ্দভঃ সকোপং (কোপেন সহ বর্ত্তমানং যথা স্যাৎ তথা বহুব্রীহিঃ, ক্রিয়াবিশেষণ-ত্বাৎ কর্ম্মত্বং নপুংসকত্বঞ্চ) সক্রোধম্, আহ কথয়তি, অরে (সম্বোধনে অব্যয়ম্) দুষ্টমতে দুর্বুদ্ধে! ত্বং পাপীয়ান্ (পাপিন্+ঈয়স্—পাপীয়স্+

* 'জাগর্ত্তি' ইত্যত্র 'জাগরিষ্যতি' ইতি পাঠভেদঃ।

প্রথমৈকবচনে) অতীব • পাপী, যৎ যস্মাদ্ধেতোঃ, বিপত্তৌ প্রভোঃ বিপৎকালে, স্বামিকার্য্যোপেক্ষাং স্বামিনঃ প্রভোঃ কার্য্যং সাবধানতা-করণাদিকম্ (ষষ্ঠীতৎ), তস্য উপেক্ষাম্ অবজ্ঞাম্ (ষষ্ঠীতৎ), করোষি আচরসি, ভবতু তব ইত্থমাচরণম্ অস্তু, যথা যেন প্রকারেণ, স্বামী প্রভুঃ রজক ইতি যাবৎ, জাগর্ত্তি নিদ্রাং পরিত্যজ্য উত্তিষ্ঠতে, ময়া গর্দ্দভেন, তথা তাদৃশমাচরণম্, কর্ত্তব্যম্ ॥ (ভ)

অনু। অনন্তর গর্দ্দভ ক্রোধের সহিত বলিল,—হে দুষ্টবুদ্ধিসম্পন্ন! তুমি অতি পাপিষ্ঠ, যে হেতু বিপৎকালে প্রভুর কার্য্য উপেক্ষা করিতেছ। আচ্ছা, প্রভু যাহাতে জাগরিত হ'ন আমার তাহা কর্ত্তব্য ॥ (ভ)

যতঃ,— পৃষ্ঠতঃ সেবয়েদর্কং জঠরেণ হুতাশনম্।
স্বামিনং সর্ব্বভাবেণ পরলোকমমায়য়া ॥ ৩২

অন্বয় ও বঙ্গার্থ। অর্কং (সূর্য্যদেবকে অর্থাৎ সূর্য্যরশ্মিসমূহকে) পৃষ্ঠতঃ (পৃষ্ঠভাগদ্বারা), হুতাশনং (অগ্নিকে অর্থাৎ অগ্নির তাপ) জঠরেণ (উদর অর্থাৎ সম্মুখভাগদ্বারা) স্বামিনং (প্রভুকে) সর্ব্বভাবেণ (সকল প্রকারে অর্থাৎ কায়মনোবাক্যে) পরলোকং (পরলোকের শুভজনক-ধর্ম্মাদি) অমায়য়া (অকপটভাবে) সেবয়েৎ (সেবা করিবে) ॥ ৩২

ব্যাখ্যা। পৃষ্ঠত ইতি।—অর্কং সূর্য্যং তদীয়রশ্মিমিতি যাবৎ, পৃষ্ঠতঃ ("আদ্যাদিভ্য উপসঙ্খ্যানম্" ইতি তৃতীয়ায়াঃ তসিঃ) পৃষ্ঠেন, ("সেবয়েৎ" ইতি ক্রিয়য়া অন্বয়ঃ, এবং পরত্রাপি), হুতাশনম্ অগ্নিম্, জঠরেণ উদরেণ সম্মুখভাগেন ইত্যর্থঃ, স্বামিনং প্রভুম্, সর্ব্বভাবেণ সর্ব্বপ্রকারেণ, পরলোকং পারলৌকিকং ধর্ম্ম-কর্ম্মাদ্যনুষ্ঠানম্, অমায়য়া অকপটভাবেন, সেবয়েৎ আশ্রয়েৎ, (সেব্+ ণিচ্+ লিঙ্ যাৎ, সর্ব্বে ধাতবশ্চুরাদয় ইতি পরিভাষানুসারেণ সেব্ধাতোশ্চু-রাদিত্ব-বিবক্ষয়া স্বার্থে, অথবা সেবাং কুর্য্যাৎ ইতি বাক্যেন "সুপস্তৎকরো-ত্যাদৌ" ইত্যাদিসূত্রেণ সুবন্তাৎ ণিচ্প্রয়োগঃ কথঞ্চিদুপপাদনীয়ঃ) ॥ ৩২

বাচ্য।—অর্কঃ হুতাশনঃ স্বামী পরলোকঃ সেব্যেরন্ ॥ ৩২

অনু। যেহেতু,—সূর্য্যকে পৃষ্ঠভাগের দ্বারা, অগ্নিকে সম্মুখভাগদ্বারা পরলোক অর্থাৎ পারলৌকিক ধর্ম্মাদি অনুষ্ঠান অকপটভাবে, (আর) প্রভুকে সর্ব্বপ্রকারে সেবা করিতে হয় ॥ ৩২

ইত্যুক্ত্বা সঃ অতীব চীৎকারং কৃতবান্। ততঃ স রজকস্তেন চীৎকারেণ প্রবুদ্ধো নিদ্রাবিমর্দ্দকোপাদুত্থায় গর্দ্দভং লগুড়েন তাড়য়ামাস। ততস্তেন তাড়নেন গর্দ্দভঃ পঞ্চত্বং গতঃ *। অতোঽহং ব্রবীমি,—"পরাধিকারচর্চ্চাম্" ইত্যাদি ॥ (ম)

ব্যাখ্যা। "ইত্যুক্ত্বা...ইত্যাদি"।—সঃ গর্দভঃ, ইতি পূর্ব্বোক্তরূপং বাক্যম্, উক্ত্বা কথয়িত্বা, অতীব (অব্যয়ম্) অত্যন্তম্, চীৎকারং কৃতবান্, ততঃ তদনন্তরং সঃ রজকঃ কর্পূরপটঃ, প্রবুদ্ধঃ জাগরিতঃ, উত্থায় শয্যাতঃ উত্থিতঃ সন্, নিদ্রাবিমর্দকোপাৎ নিদ্রায়াঃ বিমর্দঃ ব্যাঘাতঃ (ষষ্ঠীতৎ), তজ্জনিতঃ কোপঃ (মধ্যপদলোপিকর্ম্মধা-) তস্মাদ্ধেতোঃ, লগুড়েন যষ্ট্যা, তাড়য়ামাস আজঘান, পঞ্চত্বং গতঃ মৃতঃ। অতঃ চীৎকারদ্বারা প্রভোঃ অবধানসম্পাদনে কুক্কুরস্যৈব অধিকারঃ, গর্দভস্য তু পরাধিকারচর্চ্চাকরণাৎ মরণম্ ইতি হেতোঃ, অহং করটকঃ পরাধিকারচর্চ্চাম্ ইত্যাদি প্রাগুক্ত-শ্লোকরূপং বাক্যম্, ব্রবীমি কথয়ামি (বর্ত্তমানসামীপ্যে লট্) ॥ (ম)

অনু। এই কথা বলিয়া সেই গাধাটী অত্যন্ত চীৎকার করিতে লাগিল, অতঃপর সেই চীৎকারে কর্পূরপট (ধোপা) জাগরিত হইয়া নিদ্রাভঙ্গজনিত ক্রোধসহকারে উঠিয়া লাঠিদ্বারা গর্দভকে আঘাত করিতে লাগিল, সেই আঘাতে গর্দভের প্রাণবিয়োগ ঘটিল। এই জন্যই আমি "পরাধিকারচর্চ্চাম্" এই শ্লোকটী বলিয়াছি ॥ (ম)

---

* 'তেনাসৌ পঞ্চত্বমগমৎ' ইতি পাঠান্তরম্।

পশ্য, পশূনামন্বেষণমেবাস্মাকং নিয়োগঃ। অতঃ স্বনিয়োগস্যৈব চর্চ্চা ক্রিয়তাম্। পুনর্ব্বিমৃশ্য আহ,—"কিন্ত্বদ্য তয়াঽপি চর্চ্চয়া ন প্রয়োজনম্, যতঃ আবয়োঃ ভক্ষিতশেষাহারঃ প্রচুরঃ অস্তি"। দমনকঃ সরোষমাহ,—"কথম্ আহারমাত্রার্থী ভবান্ নৃপং * সেবতে ? এতদযুক্তমুক্তং ত্বয়া" ॥ (য)

ব্যাখ্যা। "পশ্য···ত্বয়া"।—পশ্য (হে দমনক! ত্বম্) অবধারয়, পশূনাং ভক্ষ্যরূপাণামিতি যাবৎ, অন্বেষণম্ অনুসন্ধানম্, নিয়োগঃ অধিকারঃ, অতঃ অস্মাদ্ধেতোঃ, চর্চ্চা (কর্ম্মণি প্র) অনুশীলনম্. ক্রিয়তাম্ অনুষ্ঠীয়তাম্, অস্মাভিরিতি শেষঃ। (কৃ+কর্ম্মণি লোট্ তাম্,) পুনঃ ভূয়ঃ, বিমৃশ্য বিচিন্ত্য, আহ (করটকঃ) কথয়তি, তয়া চর্চ্চয়া অপি ভক্ষ্যপশূনামন্বেষণরূপস্য স্বাধিকারস্য অনুশীলনেন অপি, প্রয়োজনং ন বর্ত্ততে ইতি শেষঃ। ভক্ষিতশেষাহারঃ (ভক্ষিতস্য শেষঃ ষষ্ঠীতৎ, স চাসৌ আহারশ্চেতি কর্ম্মধা-) ভুক্তাবশিষ্টখাদ্যম্. প্রচুরঃ বহুলঃ, অস্তি বর্ত্ততে। সরোষম্ (রোষেণ সহ বর্ত্তমানং যথা স্যাৎ তথা ক্রিয়াবি-), কথং কিম্, আহারমাত্রার্থী (আহারমাত্রম্ অর্থয়তে যঃ সঃ উপপদতৎ) কেবলভোজনাভিলাষী, নৃপং পশুরাজং সিংহম্, ত্বয়া করটকেন, এতৎ "পশূনামন্বেষণ"মিত্যাদি, অযুক্তম্ অসঙ্গতম্, উক্তং কথিতম্॥ (য)

অনু। দেখ—পশু অন্বেষণ করাই আমাদের কর্ত্তব্য কার্য্য, অতএব সেই নিজেদের কাজেরদিকেই লক্ষ্য কর, একটু চিন্তা করিয়া (করটক) আবার বলিল—কিন্তু আজ সেইদিকে লক্ষ্য করিবারও আবশ্যক নাই, কারণ, ভুক্তাবশিষ্ট খাদ্য প্রচুর আছে। দমনক ক্রোধের সহিত বলিল—কি! তুমি কেবল আহারের জন্য প্রভুর সেবা কর, ইহা তুমি অতি অসঙ্গত কথা বলিয়াছ ॥ (য)

---

* 'আহারার্থী ভবান্ কেবলং রাজানং' ইতি বা পাঠঃ।

যতঃ,—সুহৃদামুপকারকারণাৎ দ্বিষতামপ্যপকারকারণাৎ।
নৃপসংশ্রয় ইষ্যতে বুধৈর্জ্জঠরং কো ন বিভর্ত্তি কেবলম্‌ ? ॥৩৩

অন্বয় ও বঙ্গার্থ। সুহৃদাং (স্বজনবর্গের) উপকারকারণাৎ (উপকারের জন্য) দ্বিষতাং (শত্রুদিগের) অপকারকারণাদপি (অপকারের জন্য ও বটে) বুধৈঃ (বিজ্ঞব্যক্তিগণ) নৃপসংশ্রয়ঃ (রাজার আশ্রয়) ইষ্যতে (কামনা করিয়া থাকেন) কেবলং (মাত্র) জঠরং (নিজের উদর) কঃ (কে) ন বিভর্ত্তি ? (পোষণ না করে ?) ॥ ৩৩

ব্যাখ্যা। সুহৃদামিতি।—সুহৃদাং স্বজনানাম্‌, উপকারকারণাৎ (ল্যব্‌-লোপে পঞ্চমী) উপকাররূপং নিমিত্তম্‌ উদ্দিশ্য ইত্যর্থঃ, দ্বিষতাং শত্রূণাম্‌, অপকারকারণাৎ (পঞ্চমী পূর্ব্ববৎ) অপকাররূপং নিমিত্তম্‌ উদ্দিশ্য, বুধৈঃ বিজ্ঞৈঃ (কর্ত্তরি-তৃ-), নৃপসংশ্রয়ঃ নৃপস্য রাজ্ঞঃ সংশ্রয়ঃ আশ্রয়ঃ (ষষ্ঠীতৎ কর্ম্মণি প্র-), ইষ্যতে (ইষ্‌ + কর্ম্মণি লট্‌-তে) কাম্যতে। কেবলং জঠরং স্বোদরমাত্রম্‌, কঃ জনঃ, ন বিভর্ত্তি ন পোষয়তি ? স্বোদরমাত্রপূরণে সর্ব্ব এব শক্নোতি; কিন্তু স্বজনানামুপকারঃ শত্রূণাং দমনং বা মহদাশ্রয়ং বিনা প্রায়শো ন সম্ভবতি ইতি ভাবঃ ॥ ৩৩

বাচ্য।—বুধাঃ নৃপসংশ্রয়ম্‌ ইচ্ছন্তি, কেবলঃ জঠরঃ কেন ন ভ্রিয়তে ? ॥ ৩৩

অনু। যে হেতু,—বিজ্ঞ ব্যক্তিগণ আত্মীয়স্বজনের উপকারের উদ্দেশ্যে এবং শত্রুবর্গকে দমনকরিবার উদ্দেশ্যে রাজার আশ্রয় ইচ্ছা করিয়া থাকেন, কেবল নিজের উদর পোষণ কে না করিয়া থাকে ? ॥ ৩৩

জীবিতে যস্য জীবন্তি বিপ্রা মিত্রাণি বান্ধবাঃ।
সফলং জীবিতং তস্য আত্মার্থং কো ন জীবতি ? ॥ ৩৪

অন্বয় ও বঙ্গার্থ। যস্য (যাহার) জীবিতে (জীবন থাকিলে) বিপ্রাঃ (বহুব্রাহ্মণ) মিত্রাণি (বন্ধুবর্গ) বান্ধবাঃ (আত্মীয়গণ) জীবন্তি (বাঁচিতে

পারেন) তস্য (তাঁহার) জীবিতং (জীবন) সফলম্ (সার্থক) আত্মার্থং (স্বার্থসাধনের জন্য) কঃ (কে) ন জীবতি ? (জীবনধারণ না করে ?) ॥৩৪

ব্যাখ্যা। জীবিতে ইতি।—যস্য জনস্য, জীবিতে জীবনে সতি (ভাবে সপ্তমী), বিপ্রাঃ ব্রাহ্মণাঃ, মিত্রাণি সুহৃদঃ, বান্ধবাঃ আত্মীয়াঃ, জীবন্তি জীবনধারণে সহায়তাং লভন্তে, তস্য জনস্য, জীবিতং জীবনম্, সফলং সার্থকম্, আত্মার্থং স্বার্থসাধনার্থম্, কঃ ন জীবতি ? অপিতু সর্ব্ব এব, সর্ব্বস্যৈব জীবনং স্বার্থরতম্, যস্য তু জীবনং পরোপকারায়াপি তস্যৈব জীবনং সার্থকমিতি ভাবঃ ॥ ৩৪

বাচ্য।—বিপ্রৈঃ মিত্রৈঃ বান্ধবৈঃ জীব্যতে, জীবিতেন সফলেন (ভূয়তে), কেন ন জীব্যতে ? ॥ ৩৪

অনু। যাহার জীবনসত্ত্বে ব্রাহ্মণ সুহৃদ্ ও আত্মীয়বর্গ বাঁচিতে পারেন তাঁহার জীবনই সার্থক, নিজের জন্য কে না বাঁচিয়া থাকে ? ॥ ৩৪

অপিচ,— যস্মিন্ জীবতি জীবন্তি বহবঃ স তু জীবতু।
কাকোঽপি কিং ন কুরুতে চঞ্চ্বা স্বোদরপূরণম্ ॥ ৩৫

অন্বয় ও বঙ্গার্থ। যস্মিন্ (যে ব্যক্তি) জীবতি (বাঁচিয়া থাকিলে) বহবঃ (বহুলোক) জীবন্তি (বাঁচিতে পারে) স তু (সেই ব্যক্তিই) জীবতু (জীবিত থাকুন, অর্থাৎ তাঁহার জীবনই প্রার্থনীয়) কাকঃ অপি (কাকও) চঞ্চ্বা (ঠোঁটের সাহায্যে) স্বোদরপূরণং (নিজের উদরপূরণ) কিং ন কুরুতে (করে না কি ?) ॥ ৩৫

ব্যাখ্যা। যস্মিন্নিতি।— যস্মিন্ জনে জীবতি (জীব্+শতৃ—জীবৎ+সপ্তম্যেকবচনে) জীবিতে সতি, বহবঃ বহুজনাঃ জীবন্তি জীবনসাহায্যং প্রাপ্নুবন্তি, সতু স এব, জীবতু (প্রার্থনায়াং লোট্) তস্য জীবনং প্রার্থনীয়মিতি ভাবঃ, কাকঃ বায়সঃ অপি চঞ্চ্বা চঞ্চুসাহায্যেন, স্বোদরপূরণং নিজক্ষুধানিবৃত্তিম্, আত্মপোষণম্ ইতি যাবৎ, কিং ন কুরুতে ? অপি তু কুরুতে এব ॥ ৩৫

বাচ্য।—বহুভিঃ জীব্যতে তেন জীব্যতাম্, কাকেন স্বোদরপূরণং ক্রিয়তে ॥ ৩৫

অনু। আরও—যে ব্যক্তি বাঁচিয়া থাকিলে বহুলোকের জীবন রক্ষা হয় তাঁহার জীবন প্রার্থনীয়, কাকও কি চঞ্চুসাহায্যে নিজের উদর পূরণ করে না ? ॥ ৩৫

পশ্য,—পঞ্চভির্যাতি দাসত্বং পুরাণৈঃ কোঽপি মানবঃ।
কোঽপি লক্ষৈঃ কৃতঃ কোঽপি লক্ষৈরপি ন লভ্যতে ॥ ৩৬

অন্বয় ও বঙ্গার্থ। কোঽপি (কোন কোনও) মানবঃ (লোক) পঞ্চভিঃ পুরাণৈঃ (পাঁচসিকি বেতনে) দাসত্বং (দাসত্ব) যাতি (গ্রহণ করে) কোঽপি (কাহাকেও বা) লক্ষৈঃ (লক্ষসিকি অর্থাৎ ২৫০০০ হাজার টাকা বেতনে) কৃতঃ (দাসত্ব প্রাপ্ত করা যায়) কোঽপি (আবার কোনও ব্যক্তিকে) লক্ষৈরপি (লক্ষসিকি অর্থাৎ ২৫০০০ হাজার টাকা বেতনেও) ন লভ্যতে (ভৃত্যরূপে পাওয়া যায় না) ॥ ৩৬

ব্যাখ্যা। পঞ্চভিরিতি।—কোঽপি কশ্চিৎ, মানবঃ নরঃ পঞ্চভিঃ পঞ্চসঙ্খ্যকৈঃ, পুরাণৈঃ রৌপ্যকপাদৈঃ চতুরাণকপরিমিতৈরিতি যাবৎ দাসত্বং ভৃত্যভাবম্, যাতি প্রাপ্নোতি, কোঽপি অন্যঃ কশ্চিৎ, লক্ষৈঃ লক্ষসঙ্খ্যকৈঃ পুরাণৈঃ, কৃতঃ দাসত্বং প্রাপিতঃ, ভবতি ইতি শেষঃ, কোঽপি লক্ষৈরপি পুরাণৈরিতি শেষঃ, ন লভ্যতে দাসভাবেন ন প্রাপ্যতে, ধনিভিরিতি শেষঃ ॥ ৩৬

বাচ্য।—কেনাপি মানবেন দাসত্বং যায়তে, কেনাপি কৃতেন (ভূয়তে), কমপি ন লভন্তে (ধনবন্তঃ) ॥ ৩৬

অনু। দেখ,—কোন লোক পাঁচসিকি পাইলেই দাসত্ব স্বীকার করে, কাহাকেও বা লক্ষসিকি দিয়া দাস করিতে হয়, আবার কোন কোন ব্যক্তিকে লক্ষসিকি দ্বারাও দাসরূপে পাওয়া যায় না ॥ ৩৬

অন্যচ্চ,—

মনুষ্যজাতৌ তুল্যায়াং ভৃত্যত্বমতিগর্হিতম্।
প্রথমো যো ন তত্রাপি স কিং জীবৎসু গণ্যতে ? ॥ ৩৭

অন্বয় ও বঙ্গার্থ। মনুষ্যজাতৌ (মনুষ্যত্বরূপধর্ম্ম) তুল্যায়াং (সকল মানুষেরই সমান হইলেও) ভৃত্যত্বম্ (দাসত্ব) অতিগর্হিতম্ (অত্যন্ত নিন্দনীয়), তত্রাপি (সেই দাসত্বগ্রহণ করিয়াও) যঃ (যে) ন প্রথমঃ (শ্রেষ্ঠ হইতে না পারে) সঃ (সেই ব্যক্তি) জীবৎসু (জীবিতের মধ্যে) গণ্যতে কিম্ ? (পরিগণিত হয় কি ? ॥ ৩৭

ব্যাখ্যা। মনুষ্য ইতি।—মনুষ্যজাতৌ মনুষ্যত্বরূপে ধর্ম্মে, তুল্যায়াং সমানায়াং সত্যামপি, প্রভুভৃত্যাদীনাং মনুষ্যত্বরূপেণ সমানত্বেঽপি ইত্যর্থঃ, ভৃত্যত্বং দাসত্বম্, অতিগর্হিতম্ অত্যন্তনিন্দিতম্, তত্রাপি অতিনিন্দিতে ভৃত্যভাবেঽপি, যঃ জনঃ, ন প্রথমঃ শ্রেষ্ঠো ন ভবতি, সঃ জনঃ, জীবৎসু জীবিতজনমধ্যে গণ্যতে কিং পরিগণিতো ভবতি কিম্ ? (যদি ভৃত্যত্বমেব স্বীক্রিয়তে তদা তত্র উন্নতয়ে সর্ব্বথা যত্নঃ করণীয় ইতি তাৎপর্য্যম্ ॥)৩৭

বাচ্য।—ভৃত্যত্বেন অতিগর্হিতেন (ভূয়তে), যেন ন প্রথমেন (ভূয়তে) তং কিং গণয়ন্তি (লোকাঃ) ? ॥ ৩৭

অনু। মনুষ্যত্বধর্ম্ম সকলেরই তুল্য, ইহার মধ্যে ভৃত্যভাব অতিশয় গর্হিত, আবার সেই ভৃত্যভাব স্বীকার করিয়াও তাহার মধ্যে যে ব্যক্তি শ্রেষ্ঠপদ অধিকার না করিতে পারে সে কি জীবিতের মধ্যে গণ্য ? ৩৭

তথা চোক্তম্,—

বাজিবারণলোহানাং কাষ্ঠপাষাণবাসসাম্।
নারীপুরুষতোয়ানামন্তরং মহদন্তরম্ ॥ ৩৮

অন্বয় ও বঙ্গার্থ। বাজিবারণলোহানাম্ (অশ্ব হস্তী ও ধাতুদ্রব্যের

মধ্যে) কাষ্ঠপাষাণবাসসাং (কাঠ পাথর ও কাপড়ের মধ্যে) নারীপুরুষ-তোয়ানাং (স্ত্রী পুরুষ ও জলের মধ্যে) অন্তরং (পরস্পরের যে পার্থক্য) (তাহা) মহৎ (অত্যন্ত) অন্তরং (পার্থক্য)।

ব্যাখ্যা। বাজীতি।—বাজিবারণলোহানাং বাজিনঃ অশ্বাঃ, বারণাঃ হস্তিনঃ, লোহানি স্বর্ণাদিসকলধাতবঃ, (দ্বন্দ্বঃ) তেষাম্। কাষ্ঠপাষাণবাসসাং কাষ্ঠানি দারূণি, পাষাণাঃ প্রস্তরাঃ, বাসাংসি বস্ত্রাণি, (দ্বন্দ্বঃ) তেষাম্। নারীপুরুষতোয়ানাং নার্য্যঃ রমণ্যঃ, পুরুষাঃ পুমাংসঃ, তোয়ানি জলানি, (দ্বন্দ্বঃ) তেষাঞ্চ মধ্যে যৎ অন্তরং পার্থক্যম্, তৎ মহৎ অন্তরম্ অত্যন্তং পার্থক্যম্, অত্র মহদন্তরমিতি সমাসরহিতম্, অন্তরস্য বিধেয়বিশেষণঞ্চেতি বোধ্যম্। অশ্বেষু সর্ব্বেষামশ্বত্বধর্ম্মে হস্ত্যাদীনাঞ্চ সর্ব্বেষাং হস্তিত্বাদিধর্ম্মে তুল্যেঽপি ন সর্ব্বেষাং তুল্যং গৌরবম্, অপিতু যঃ শ্রেষ্ঠঃ তস্যৈব গৌরবাধিক্য-মিতি তাৎপর্য্যং বোধ্যম্॥ ৩৮

বাচ্য।—অন্তরেণ মহতা অন্তরেণ (ভূয়তে)॥ ৩৮

অনু। অশ্ব, হস্তী ও ধাতুদ্রব্য, কাষ্ঠ পাষাণ ও বস্ত্র এবং স্ত্রী পুরুষ ও জল, ইহাদের মধ্যে যে পার্থক্য তাহা অত্যন্ত পার্থক্য॥ ৩৮

তাৎপর্য্য এই যে—ঘোড়া, হাতী, স্বর্ণাদিধাতুদ্রব্য, কাঠ, পাথর, কাপড়, স্ত্রী, পুরুষ, জল, ইহারা সকলেই দ্রব্য ; সুতরাং দ্রব্যগতজাতি (দ্রব্যত্ব-রূপধর্ম্ম) অনুসারে ইহারা পরস্পর সমান হইলেও ব্যবহারক্ষেত্রে সকলের আদর সমান নহে, কিন্তু যেটী শ্রেষ্ঠ তাহারই অধিক সমাদর। অথবা সকল অশ্বই অশ্ব বটে সকল ধাতুই ধাতু বটে এভাবে অশ্বাদির মধ্যে সজাতীয়তা যদিও তুল্য, তথাপি অশ্বের মধ্যে যেটী শ্রেষ্ঠ বা ধাতুর মধ্যে যাহা উত্তম, এইভাবে সকলের মধ্যেই যে শ্রেষ্ঠ তাহারই গৌরব বুঝিতে হইবে॥ ৩৮

তথাহি,—

অল্পস্নায়ুবসাঽবশেষমলিনং নির্ম্মাংসমপ্যস্থিকং
শ্বা লব্ধ্বা পরিতোষমেতি ন চ তত্তস্য ক্ষুধাশান্তয়ে* ।
সিংহো জম্বুকমঙ্কমাগতমপি ত্যক্ত্বা নিহন্তি দ্বিপং
সর্ব্বঃ কৃচ্ছ্রগতোঽপি বাঞ্ছতি জনঃ সত্ত্বানুরূপং ফলম্ ॥ ৩৯

অন্বয় ও বঙ্গার্থ। শ্বা (কুকুর) অল্পস্নায়ুবসাঽবশেষমলিনং (অল্প অল্প সূক্ষ্মশিরা ও মেদ অবশিষ্ট থাকায় যাহা পচিয়া ময়লা ধরিয়াছে এরূপ) নির্ম্মাংসং (মাংসশূন্য) অস্থিকং (ক্ষুদ্র অস্থিখণ্ড) লব্ধ্বাঽপি (লাভ করিয়াও) পরিতোষং (অত্যন্ত আনন্দ) এতি (প্রাপ্ত হয়), তৎ চ (তাহা কিন্তু) তস্য (সেই কুকুরের) ক্ষুধাশান্তয়ে (ক্ষুধানিবৃত্তিকর) ন (হয় না), সিংহঃ (সিংহ) অঙ্কং (ক্রোড়সমীপে) আগতম্ অপি (উপস্থিত পাইয়াও) জম্বুকং (শৃগালকে) ত্যক্ত্বা (ত্যাগ করিয়া) দ্বিপং (হস্তীকে) নিহন্তি (বধকরে), সর্ব্বঃ জনঃ (সকল প্রাণীই) কৃচ্ছ্রগতঃ অপি (কষ্টকরঅবস্থাতেও) সত্ত্বানুরূপং (নিজের তেজস্বিতার উপযুক্ত) ফলং (ফল পাইতে) বাঞ্ছতি (ইচ্ছা করে) ॥ ৩৯

ব্যাখ্যা। অল্পেতি।—শ্বা কুক্কুরঃ, অল্পস্নায়ুবসাঽবশেষমলিনং—স্নায়ুঃ সূক্ষ্মশিরাবিশেষঃ, বসা মেদঃ (দ্বন্দ্বঃ), তয়োঃ অবশেষঃ (ষষ্ঠীতৎ), অল্পঃ স্নায়ুবসাঽবশেষঃ (কর্ম্মধা), তেন মলিনম্ (তৃতীয়াতৎ), নির্মাংসং ন বিদ্যতে মাংসং যত্র তৎ (বহুব্রীহিঃ) মাংসহীনম্, অস্থিকম্ (অস্থি+ক্ষুদ্রার্থে কঃ) ক্ষুদ্রম্ অস্থিখণ্ডম্, লব্ধ্বা প্রাপ্য, অপি, পরিতোষং সন্তোষম্, এতি প্রাপ্নোতি, তৎ-চ তাদৃশম্ অস্থিখণ্ডং তু, তস্য কুক্কুরস্য, ক্ষুধাশান্তয়ে ক্ষুধা বুভুক্ষা, তস্যাঃ শান্তিঃ নিবৃত্তিঃ, তস্যৈ (ষষ্ঠীতৎ), ন প্রভবতীতি-শেষঃ। সিংহঃ কেশরী, অঙ্কং ক্রোড়ম্. আগতম্ অপি প্রাপ্তমপি ক্রোড়-

* "ভবেত্তস্য ক্ষুধঃশান্তয়ে" ইতি পাঠান্তরম্।

মধ্যে সমাগতমপি ইত্যর্থঃ, জম্বুকং শৃগালং ক্ষুদ্রপশুমিতি ভাবঃ, ত্যক্ত্বা পরিত্যজ্য, দ্বিপং হস্তিনম্, নিহন্তি মারয়তি, উক্তং বিষয়ং সমর্থয়িতুমাহ— সর্ব্ব ইত্যাদি, সর্ব্বঃ সকলঃ, জনঃ জীবঃ, কৃচ্ছ্রগতঃ (কৃচ্ছ্রং গতঃ দ্বিতীয়াতৎ) ক্লেশপ্রাপ্তঃ দুর্দ্দশাপতিতঃ অপি ইতি যাবৎ, সত্ত্বানুরূপং (সত্ত্বস্য অনুরূপং ষষ্ঠীতৎ) নিজমহত্ত্বানুরূপম্, ফলং ভোগ্যং বস্তু, বাঞ্ছতি অভিলষতি ॥ ৩৯

বাচ্য।—শুনা পরিতোষঃ ঈয়তে, তেন (ন প্রভূয়তে), সিংহেন দ্বিপঃ নিহন্যতে, সর্ব্বেণ জনেন কৃচ্ছ্রগতেন সত্ত্বানুরূপং ফলং বাঞ্ছ্যতে ॥ ৩৯

অনু। অল্পমাত্রশিরা ও মেদ অবশিষ্ট থাকায় যাহা পচা ময়লাযুক্ত অথচ মাংসহীন এমন একখানি ক্ষুদ্র অস্থিখণ্ড পাইয়াও কুকুর সন্তোষ লাভ করে কিন্তু সেই অস্থিখণ্ড তাহার ক্ষুধা নিবৃত্তি করিতে পারে না, (কিন্তু) সিংহ যদি তাহার ক্রোড়মধ্যেও শৃগালকে পায় তথাপি তাহা ত্যাগ করিয়া হস্তীকে বধ করে ; (সুতরাং বুঝিতে হইবে—) জীব যত কষ্টেই পড়ুক না কেন, সকলেই নিজ তেজস্বিতার অনুরূপ ফল পাইতে ইচ্ছা করে ॥ ৩৯

অপরঞ্চ, পশ্য সেব্যসেবকয়োঃ অন্তরম্,—(র)

ব্যাখ্যা। অপরং চ অন্যবিধমপি, সেব্যসেবকয়োঃ সেব্যঃ প্রভুঃ, সেবকঃ ভৃত্যঃ (দ্বন্দ্বঃ) তয়োঃ, অন্তরং পার্থক্যম্, ভৃত্যেষ্বপি উত্তমাধম-ভেদেন প্রভোর্ব্যবহারবৈষম্যমিতি যাবৎ, পশ্য অবধারয় ॥ (র)

অনু। প্রভু ভৃত্যের মধ্যে আবার অন্যপ্রকার প্রভেদ দেখ ॥—(র)

লাঙ্গুলচালনমধশ্চরণাবপাতং
ভূমৌ নিপত্য বদনোদরদর্শনঞ্চ*।
শ্বা পিণ্ডদস্য কুরুতে গজপুঙ্গবস্তু
ধীরং বিলোকয়তি চাটুশতৈশ্চ ভুঙ্‌ক্তে ॥ ৪০

অন্বয় ও বঙ্গার্থ—শ্বা (কুকুর) পিণ্ডদস্য (অন্নদাতার নিকটে) লাঙ্গুল-

* "বদনোদরদর্শনঞ্চ" ইতি পাঠভেদঃ।

চালনং (লেজসঞ্চালন) অধঃ (নীচু হইয়া) চরণাবপাতং (দুই পায়ে পড়িয়া নম্রতা প্রদর্শন) ভূমৌ (মাটীতে) নিপত্য (পড়িয়া) তদনাদরদর্শনঞ্চ (এবং প্রভুর কৃত অবজ্ঞা দর্শন) কুরুতে (করিয়া থাকে), তু (কিন্তু) গজপুঙ্গবঃ (শ্রেষ্ঠ হস্তী) ধীরং (গম্ভীরভাবে) বিলোকয়তি (দৃষ্টিপাত করে) (অথচ) চাটুশতৈঃ (প্রভুর নানাপ্রকার মিষ্টকথায়) ভুঙ্‌ক্তে (ভোজন করে) ॥ ৪০

ব্যাখ্যা। লাঙ্গুলেতি। শ্বা কুক্কুরঃ, পিণ্ডদস্য (পিণ্ডং দদাতি যঃ সঃ পিণ্ডদঃ পিণ্ড+দা+কঃ, তস্য) অন্নদাতুঃ, সমীপে ইতি শেষঃ, লাঙ্গূল-চালনং লাঙ্গূলস্য সঞ্চালনম্, 'কুরুতে' ইত্যগ্রেণান্বয়ঃ, অধঃ নীচৈর্ভূত্বা চরণাবপাতং চরণয়োঃ পদযুগলে, অবপাতং নতিম্, ভূমৌ ভূতলে, নিপত্য পতিত্বা, তদনাদরদর্শনঞ্চ তস্য প্রভোঃ, অনাদরঃ অবজ্ঞা, (ষষ্ঠীতৎ), তস্য দর্শনং (ষষ্ঠীতৎ) প্রত্যক্ষঞ্চ, কুরুতে, তু কিন্তু, গজপুঙ্গবঃ (গজোঽয়ং পুঙ্গব ইব ইতি উপমিতকর্ম্মধারয়ঃ) হস্তিশ্রেষ্ঠঃ, ধীরং গম্ভীরং যথা স্যাৎ তথা (ক্রিয়া বি-), বিলোকয়তি দৃষ্টিপাতং করোতি, কাতরতা-লেশমপি ন প্রদর্শয়তি ইতি ভাবঃ, অথচ চাটুশতৈঃ প্রভোঃ নানাবিধৈঃ প্রিয়বচনৈঃ, ভুঙ্‌ক্তে খাদতি। বসন্ততিলকং বৃত্তম্, 'জ্ঞেয়ং বসন্ততিলকং তভজা জগৌ গঃ' ইতি তল্লক্ষণম্ ॥ ৪০

বাচ্য।—শুনা লাঙ্গূলচালনম্ অধশ্চরণাবপাতঃ তদনাদরদর্শনং চ ক্রিয়ন্তে, গজপুঙ্গবেন তু বিলোক্যতে, ভুজ্যতে চ ॥ ৪০

অন্বয়। কুকুর তাহার অন্নদাতার নিকটে লেজ নাড়ে, পায়ের তলে লুঠিয়া পড়ে এবং মাটীতে পড়িয়া প্রভুর অবজ্ঞা দর্শন করে, কিন্তু হস্তী তাহার অন্নদাতার দিকে গম্ভীরভাবে দৃষ্টিক্ষেপ করে এবং প্রভুর নানা-প্রকার মিষ্টবাক্যপ্রয়োগে ভোজন করে ॥ ৪০

তাৎপর্য্য এই যে—কুকুর এবং হস্তী দুইটী জীবই প্রভুর অধীনে

প্রতিপালিত হইতেছে, এ অবস্থায় কুকুর নানাপ্রকারে কাতরতা প্রকাশ করিয়াও প্রভুর তেমন আদর পায় না, কিন্তু হস্তী কিছুমাত্র কাতরভাব প্রদর্শন করে না অথচ প্রভু তাহাকে কত মিষ্ট কথা বলিয়া ভোজন করাইয়া থাকেন; সুতরাং আশ্রিতের মধ্যেও উত্তম অধম ভেদে প্রভুর নিকট ব্যবহারগত অনেক পার্থক্য প্রত্যক্ষসিদ্ধ ॥ ৪০

কিঞ্চ,—

যজ্জীব্যতে ক্ষণমপি প্রথিতং মনুষ্যৈ-
র্বিজ্ঞানশৌর্য্যবিভবার্য্যগুণৈঃ সমেতম্ ।
তন্নাম জীবনমিহ প্রবদন্তি তজ্‌জ্ঞাঃ
কাকোঽপি জীবতি চিরায় বলিঞ্চ ভুঙ্‌ক্তে ॥ ৪১

অন্বয় ও বঙ্গার্থ। মনুষ্যৈঃ (মানবগণ) বিজ্ঞানশৌর্য্যবিভবার্য্যগুণৈঃ (জ্ঞান পরাক্রম সম্পদ ও আর্য্যজনোচিত কুলশীল প্রভৃতি সদ্‌গুণের দ্বারা) সমেতং (যুক্তভাবে, অর্থাৎ যাহাতে ঐ সকল গুণ অক্ষুণ্ণ থাকে এই ভাবে) প্রথিতং (বিখ্যাতরূপে) যৎ (যে) ক্ষণমপি (ক্ষণকালও) জীব্যতে (বাঁচিয়া থাকেন) ইহ (এ জগতে) তজ্‌জ্ঞাঃ (কোন জীবন ভাল কোন জীবন মন্দ এ বিষয়ে জ্ঞানবান্ ব্যক্তিগণ) তন্নাম (সেইরূপ জীবনকেই) জীবনং (সার্থক জীবন) প্রবদন্তি (বলিয়া থাকেন)। কাকোঽপি (কাকও) চিরায় (দীর্ঘকাল) জীবতি (বাঁচে) বলিং (খাদ্য উপহারাদি) ভুঙ্‌ক্তে চ (ভক্ষণও করিয়া থাকে) ॥ ৪১

ব্যাখ্যা। যদিতি।—মনুষ্যৈঃ জনৈঃ (কর্ত্তরিতৃ-)। বিজ্ঞানং বিশেষ-জ্ঞানম্, শৌর্য্যং পরাক্রমঃ, বিভবঃ ঐশ্বর্য্যম্, আর্য্যাণাং গুণাঃ আর্য্যগুণাঃ

(ষষ্ঠীতৎ) কুলশীলাদয়ঃ, (তথাহি শাস্ত্রে—"কুলং শীলং দয়া দানং ধর্ম্মঃ সত্যং কৃতজ্ঞতা। অলোভ ইতি যেষেতৎ তানার্য্যান্ সম্প্রচক্ষতে ॥" ইতি) (তেষাং দ্বন্দ্বঃ) বিজ্ঞানশৌর্য্যবিভবার্য্যগুণাঃ, তৈঃ সমেতং যুক্তং যথা স্যাৎ তথা (ক্রিয়াবি, অত্র বহুষু পুস্তকেষু "বিজ্ঞানবিক্রম-যশোভিরভজ্যমানম্" ইতি পাঠো বর্ত্ততে, সতু ক্লিষ্টার্থঃ, আকরস্থানে পঞ্চতন্ত্রান্তর্গতমিত্রভেদে তু অস্মদ্গৃহীতঃ পাঠ এব বর্ত্ততে। (অতএব) প্রথিতং বিখ্যাতং যথা স্যাৎ তথা (ক্রিয়াবি-), যৎ (ক্রিয়াবি-), ক্ষণম্ অত্যল্পকালং ব্যাপ্য অপি, জীব্যতে (জীব্+ভাবে লট্-তে) জীবিতেন স্থীয়তে। ইহ জগতি, তজ্জ্ঞাঃ (তৎ+জ্ঞা+কঃ তজ্জ্ঞ+১মাবহু-), জীবনজ্ঞাঃ, কিং তাবৎ প্রকৃতং জীবনমিতি জ্ঞানসম্পন্না ইত্যর্থঃ, তৎ নাম তাদৃশং জীবন-মেব, জীবনং সার্থকজীবনম্, প্রবদন্তি কথয়ন্তি। দীর্ঘকালং জীবিত্বাঽপি কেবলং স্বোদরপূরণেন কালাতিপাতে কৃতে তু তজ্জীবনমতি তুচ্ছম্ ইতি দৃষ্টান্তেন সমর্থয়তে—কাকোঽপীত্যাদিনা, কাকঃ বায়সঃ অপি, চিরায় (অব্যয়ম্) দীর্ঘকালং ব্যাপ্য, জীবতি, বলিং খাদ্যোপহারাদিকম্, ভুংক্তে খাদতি চ ॥ বসন্ততিলকং বৃত্তম্ ॥ ৪১

বাচ্য।—মনুষ্যাঃ জীবন্তি, তজ্জ্ঞৈঃ তৎ জীবনং প্রোচ্যতে, কাকেন জীব্যতে, বলিঃ ভুজ্যতে ॥ ৪১

অনু। বিশিষ্টজ্ঞান পরাক্রম সম্পদ্ প্রভৃতি সজ্জনোচিত গুণসহকারে বিখ্যাতভাবে মানুষ যদি ক্ষণকালও জীবন ধারণ করে তবে সেই জীবনকেই জীবনের সাফল্যজ্ঞানসম্পন্ন ব্যক্তিগণ প্রকৃত জীবন বলিয়া বলেন, (পক্ষান্তরে) কাকও বহুকাল বাঁচিয়া থাকে এবং খাদ্যাদি উপহার ভোগ করে ॥ ৪১

যো নাঽত্মজে ন চ গুরৌ ন চ ভৃত্যবর্গে
দীনে দয়াং ন কুরুতে ন চ বন্ধুবর্গে।

কিং তস্য জীবিতফলেন মনুষ্যলোকে ?
কাকোঽপি জীবতি চিরায় *বলিঞ্চ ভুঙ্‌ক্তে ॥ ৪২

অন্বয় ও বঙ্গার্থ—যঃ (যে ব্যক্তি) আত্মজে ন (না পুত্রের প্রতি), গুরৌ চ ন (না গুরুজনের প্রতি), ভৃত্যবর্গে চ ন (না ভৃত্যগণের প্রতি), বন্ধুবর্গে চ ন (না বন্ধুবর্গের প্রতি) দয়াং কুরুতে (দয়া প্রকাশ করে, অর্থাৎ যে পুত্রাদি কাহারও প্রতি দয়া করে না), মনুষ্যলোকে (মানব-সম্প্রদায়ে) তস্য (তাহার) জীবিতফলেন (বৃথা জীবনধারণে) কিম্? (ফল কি ?) কাকঃ অপি (কাকও) চিরায় (দীর্ঘকাল) জীবতি (বাঁচে) বলিং (খাদ্য উপহারাদি) ভুংক্তে চ (ভক্ষণও করিয়া থাকে) ॥ ৪২

ব্যাখ্যা। য ইতি।—যঃ জনঃ, আত্মজে (আত্মন্+জন্+কর্ত্তরি ডঃ+সপ্তম্যেকবচনে) পুত্রে, ন দয়াং কুরুতে ইত্যন্বয়ঃ, উত্তরত্রাপি তথা, গুরৌ গুরুজনে মাতাপিত্রাদৌ চ ন, ভৃত্যবর্গে অনুজীবিসমূহে চ ন, দীনে দরিদ্রে (চ) ন, বন্ধুবর্গে আত্মীয়গণে চ ন দয়াং কৃপাম্, কুরুতে আচরতি, মনুষ্যলোকে সংসারে অথবা মানবসমাজে তস্য তাদৃশজনস্য, জীবিতফলেন জীবিতং জীবনং তদেব ফলং তেন (রূপককর্ম্মধা-) জীবনধারণমাত্রেণ ইত্যর্থঃ, কিং কিং প্রয়োজনম্ ? ন কিমপি ইতি ভাবঃ। 'কাকোঽপি' ইত্যাদের্ব্যাখ্যা পূর্ব্বশ্লোকটীকায়াং দ্রষ্টব্যা। বসন্ততিলকং বৃত্তম্ ॥ ৪২

বাচ্য।—যেন দয়া ন ক্রিয়তে, কাকেন জীব্যতে, বলিঃ ভুজ্যতে ॥৪২

অনু। যে ব্যক্তি পুত্রের প্রতি গুরুজনের প্রতি ভৃত্যগণের প্রতি দরিদ্রের প্রতি বা বন্ধুগণের প্রতি দয়া করে না, সংসারে তাহার জীবন-ধারণে কি ফল ? কাকও দীর্ঘকাল বাঁচে এবং খাদ্যাদি উপহার ভোগ করে ॥৪২

* "চিরং চ" ইতি পাঠান্তরম্।

অপরঞ্চ,—

অহিতহিতবিচারশূন্যবুদ্ধেঃ
শ্রুতিবিষয়ৈর্বহুভির্বহিষ্কৃতস্য* ।
উদরভরণমাত্রকেবলেচ্ছোঃ
পুরুষপশোশ্চ পশোশ্চ কো বিশেষঃ ? ॥ ৪৩

অন্বয় ও বঙ্গার্থ। অহিতহিতবিচারশূন্যবুদ্ধেঃ (কোনটী অহিত কোনটী হিত ইহা বিচার করিতে যাহার বুদ্ধি অসমর্থ) বহুভিঃ (নানাপ্রকার) শ্রুতিবিষয়ৈঃ (বেদাদিশাস্ত্রপ্রতিপাদিতসৎকর্ম্মাদিদ্বারা) বহিষ্কৃতস্য (যে ব্যক্তি পরিত্যক্ত, অর্থাৎ যে ব্যক্তি শাস্ত্রবিহিত অনেক সৎকর্ম্মের বিরুদ্ধাচারী) উদরভরণমাত্রকেবলেচ্ছোঃ (যে কেবল নিজের উদরপূরণেই অভিলাষী, এতাদৃশ) পুরুষপশোশ্চ (পশুতুল্য ব্যক্তির) পশোশ্চ (এবং পশুর) কঃ বিশেষঃ ? (পার্থক্য কি ?) ॥৪৩

ব্যাখ্যা। অহিতেত্যাদি।—অহিতঞ্চ হিতঞ্চ (দ্বন্দ্বঃ), তয়োর্বিচারঃ অহিতহিতবিচারঃ (ষষ্ঠীতৎ) ইষ্টানিষ্টবিবেকঃ, তেন শূন্যা (তৃতীয়াতৎ), তথাভূতা বুদ্ধির্যস্য (বহু) তস্য ইষ্টানিষ্টবিবেকশূন্যমতেরিত্যর্থঃ, বহুভিঃ অনেকৈঃ, শ্রুতিবিষয়ৈঃ বেদাদিশাস্ত্রপ্রতিপাদিতৈঃ সৎকর্ম্মাদিভিঃ, বহিষ্কৃতস্য পরিত্যক্তস্য, উদরেত্যাদি,—উদরভরণমাত্রং স্বোদরপরিপূরণমেব কেবলম্ ইচ্ছতি যঃ স উদরভরণমাত্রকেবলেচ্ছুঃ তস্য, (অত্র মাত্রশব্দঃ অবধারণার্থঃ অতঃ কেবলশব্দেন ন পৌনরুক্ত্যম্। ইচ্ছুঃ—ইষ্ + ঔণাদিক"উ"-প্রত্যয়ান্তঃ নিপাতনাৎ সিদ্ধঃ)। পুরুষপশোঃ পুরুষঃ পশুরিব (উপমিত-কর্ম্মধারয়ঃ) তস্য পশুতুল্যস্য জনস্য ইত্যর্থঃ, পশোশ্চ গবাদেশ্চ, কঃ বিশেষঃ কিং পার্থক্যম্ ? ন কিমপীত্যর্থঃ। হিতাহিতবিবেকশূন্যঃ শাস্ত্রাচারবিহীনঃ

---

* "শ্রুতিসময়ে বহুভিস্তিরস্কৃতস্য" ইত্যপি কুত্রচিৎ পরিলক্ষ্যতে।

স্বোদরমাত্রপরায়ণো জনঃ পশুতুল্য ইতি ভাবঃ। পুষ্পিতাগ্রাবৃত্তম্, তল্লক্ষণন্তু,—অযুজি ন যুগরেফতো যকারো যুজি চ নজৌ জরগাশ্চ পুষ্পিতাগ্রা ॥৪৩

বাচ্য।—কেন বিশেষেণ (ভূয়তে) ॥৪৩

অনু। যাহার বুদ্ধি হিতাহিতবিচারশূন্য, বেদাদিশাস্ত্রবিহিত বহু সৎকার্য্যে যে ব্যক্তি পরাঙ্‌মুখ এবং কেবল নিজের উদর পোষণের ইচ্ছায়ই ব্যতিব্যস্ত, সে ব্যক্তি নরাকার পশু, তাহাতে আর পশুতে প্রভেদ কি ? ॥৪৩

করটকো ব্রূতে,—"আবাং তাবৎ অপ্রধানৌ, তৎ আবয়োঃ কিম্ অনয়া বিচারণয়া ?"। এতদাকর্ণ্য দমনকঃ পুনরাহ,—"ভ্রাতঃ! কিয়তা কালেন অমাত্যঃ প্রধানতামপ্রধানতাং বা লভেত"*। (ল)

ব্যাখ্যা। "করটকো......লভেত"।—আবাম্ অহঞ্চ ত্বঞ্চ ইত্যুভৌ (দ্বন্দ্বঃ), তাবৎ (বাক্যালঙ্কারে অব্যয়ম্), অপ্রধানৌ অস্মৎপ্রভোঃ সিংহস্য ক্ষুদ্রৌ ভৃত্যৌ, তৎ তস্মাৎ, আবয়োঃ তব মম চ, অনয়া বিচারণয়া প্রভুকার্য্যনিরূপণং কর্ত্তব্যং নবেতি বিতর্কেণ, কিং প্রয়োজনম্ ইতি শেষঃ, এতৎ করটকবাক্যম্, আকর্ণ্য শ্রুত্বা, দমনকঃ অপরঃ শৃগালঃ, পুনঃ ভূয়ঃ, আহ কথয়তি, কিয়তা কিঞ্চিন্মাত্রেণ, কালেন সময়েন, অমাত্যঃ যঃ কোঽপি কর্ম্মসচিবঃ কার্য্যকারী ইত্যর্থঃ, প্রধানতাং শ্রেষ্ঠত্বম্, অপ্রধানতাং হীনতাম্, বা লভেত লব্ধুং শক্নুয়াৎ, (সম্ভাবনায়াং লিঙ্) ॥ (ল)

অনু। করটক বলিল,—আমরা ক্ষুদ্র কর্ম্মচারী, অতএব আমাদের এ

* "দমনকো ব্রূতে,—কিয়তা কালেনামাত্যাঃ প্রধানতামপ্রধানতাং বা লভন্তে" ইতি পাঠঃ কুত্রচিল্লক্ষ্যতে।

সকল বিচারে প্রয়োজন কি? ইহা শুনিয়া দমনক আবার বলিল,—ভাই! যে কোনও কর্ম্মচারী অতি অল্প সময়ের মধ্যে ও প্রাধান্য বা অপ্রাধান্য লাভ করিতে পারে॥ (ল)

যতঃ,—

ন কস্যচিৎ কশ্চিদিহ স্বভাবাৎ
ভবত্যুদারোঽভিমতঃ খলো বা।
লোকে গুরুত্বং বিপরীততাং বা
স্বচেষ্টিতান্যেব নরং নয়ন্তি॥ ৪৪

অন্বয় ও বঙ্গার্থ। ইহ (এ জগতে) কশ্চিৎ (কেহই) স্বভাবাৎ (স্বভাবতঃ অর্থাৎ বিনা ব্যবহারে) কস্যচিৎ (কাহারও নিকটে) উদারঃ (অধিক) অভিমতঃ (প্রিয়) খলো বা (অথবা দুষ্ট) ন ভবতি (হয় না), লোকে (জগতে) স্বচেষ্টিতান্যেব (নিজের ব্যবহারসমূহই) নরং (লোককে) গুরুত্বং (শ্রেষ্ঠতাকে) বিপরীততাং বা (অথবা বিপরীতভাব অর্থাৎ নিকৃষ্টতাকে) নয়ন্তি (পাওয়াইয়া দেয়, অর্থাৎ নিজের ব্যবহার অনুসারেই ভাল বা মন্দ বলিয়া গণ্য হয়)॥ ৪৪

ব্যাখ্যা। নেতি।—ইহ জগতি, কশ্চিৎ কোঽপি জনঃ, স্বভাবাৎ প্রকৃত্যা, ব্যবহারং বিনা ইত্যর্থঃ, কস্যচিৎ কস্যাপি সমীপে, উদারঃ মহান্, অভিমতঃ প্রিয়ঃ, খলঃ অধমো বা, ন ভবতি, (কিন্তু) লোকে জগতি, স্বচেষ্টিতানি (স্বস্য চেষ্টিতানি ষষ্ঠীতৎ) নিজব্যবহারাঃ, এব, নরং জনম্, গুরুত্বং মহত্ত্বম্, বিপরীততাং হীনতাং বা, নয়ন্তি প্রাপয়ন্তি। (গৌরবম্ অগৌরবং বা ব্যবহারাদেব জায়তে ইতি ভাবঃ)॥ ৪৪

বাচ্য।—কেনচিৎ উদারেণ অভিমতেন খলেন বা ন ভূয়তে, স্বচেষ্টিতৈঃ নরঃ নীয়তে॥ ৪৪

অনু। এ জগতে কেহই আপনা হইতে (ব্যবহার ব্যতিরেকে)

কাহারও নিকটে অত্যন্ত ভাল বা মন্দ বলিয়া গণ্য হয় না, জগতে নিজ নিজ আচরণই লোককে গৌরব বা হীনত্ব প্রাপ্ত করে ॥ ৪৪

কিঞ্চ,—

আরোপ্যতে শিলা শৈলে যত্নেন মহতা যথা।
নিপাত্যতে ক্ষণেনাধস্তথাত্মা গুণদোষয়োঃ ॥ ৪৫

অন্বয় ও বঙ্গার্থ। যথা (যেমন) শিলা (পাথর) মহতা (অত্যন্ত) যত্নেন (চেষ্টাদ্বারা) শৈলে (পর্ব্বতে) আরোপ্যতে (উত্থাপিত হয়) ক্ষণেন (অতি অল্পসময়ে) অধঃ (নিম্নে) নিপাত্যতে (পাতিত হয়) তথা (সেইরূপ) আত্মা (জীবন) গুণদোষয়োঃ (গুণে এবং দোষে, অর্থাৎ নিজের জীবনটীকে গুণযুক্ত করিতে অনেক প্রয়াস পাইতে হয়, কিন্তু দোষী করিতে অনায়াসেই পারা যায়) ॥ ৪৫

ব্যাখ্যা। আরোপ্যত ইতি।—যথা যদ্বৎ, শিলা প্রস্তরঃ, মহতা বিপুলেন, যত্নেন চেষ্টয়া, শৈলে পর্ব্বতোপরি উচ্চস্থানে ইতি যাবৎ, আরোপ্যতে (আ+রুহ্+ণিচ্+কর্ম্মণি লট্-তে) উত্থাপ্যতে, ক্ষণেন অত্যল্পকালেন অনায়াসেন ইতি যাবৎ, অধঃ নিম্নদেশে, নিপাত্যতে (নি+পত্+ণিচ্ কর্ম্মণি লট্-তে) নিক্ষিপ্যতে, (জনৈরিতি কর্ত্তৃকারকমূহ্যম্)। তথা তদ্বৎ, আত্মা স্বম্, গুণদোষয়োঃ গুণশ্চ দোষশ্চ (দ্বন্দ্বঃ) তয়োঃ (অধি ৭মী) মহতা যত্নেন আত্মা গুণে উত্থাপ্যতে, অনায়াসেনৈব চ দোষে নিক্ষিপ্যতে ইত্যর্থঃ। আত্মনঃ উন্নতিঃ প্রযত্নসাধ্যা, অধঃপাতস্তু অনায়াস-সাধ্য ইতি ভাবঃ ॥ ৪৫

বাচ্য।—শিলাম্ আরোপয়ন্তি, নিপাতয়ন্তি, আত্মানম্ ॥ ৪৫

অনু। যেমন একখানি পাথর কোনও পর্ব্বতাদি উচ্চস্থানে উঠাইতে হইলে বহু চেষ্টায় উঠাইতে হয়, কিন্তু নিম্নদিকে অতি অল্প সময়েই নিপতিত করা যায়, গুণ এবং দোষবিষয়ে আত্মাও সেইরূপ, অর্থাৎ নিজকে গুণপ্রাপ্ত

করিতে হইলে বহুচেষ্টা আবশ্যক হয়, কিন্তু দোষী করিতে অধিক সময় লাগে না ॥ ৪৫

তদ্ভদ্র! স্বযত্নায়ত্তো হি আত্মা সর্ব্বস্য,—* (ব)

ব্যাখ্যা। "তদ্ভদ্র...সর্ব্বস্য" ।—তৎ প্রাগুক্তকারণাৎ, (হে) ভদ্র! সৌম্য! সর্ব্বস্য সকলস্য জনস্য, হি এব, আত্মা স্বম্, স্বযত্নায়ত্তঃ স্বস্য যত্নঃ (ষষ্ঠীতৎ) তস্য আয়ত্তঃ (ষষ্ঠীতৎ) নিজচেষ্টাধীনঃ, নিজচেষ্টায়াঃ উৎকর্ষাপকর্ষানুসারেণ আত্মনঃ উন্নতিঃ অবনতির্বা জায়তে ইতি ভাবঃ ॥ (ব)

অনু। মহাশয়! অতএব সকলেরই নিজের উন্নতি অনুন্নতি স্ব স্ব চেষ্টার উপর নির্ভর করে ॥ (ব)

যাত্যধোঽধো ব্রজত্যুচ্চৈর্নরঃ স্বৈরেব কর্ম্মভিঃ।
কূপস্য খনিতা যদ্বৎ প্রাকারস্যেব কারকঃ ॥ ৪৬

অন্বয় ও বঙ্গার্থ। যদ্বৎ (যেমন) কূপস্য (কূপের) খনিতা (খননকর্ত্তা) (তেমন) নরঃ (মানুষ) স্বৈঃ (স্বকীয়) কর্ম্মভিরেব (কর্ম্মদ্বারাই) অধোঽধঃ (ক্রমশঃ নীচের দিকে) যাতি (গমন করে), প্রাকারস্য (প্রাচীরের) কারক ইব (নির্ম্মাণকারীর ন্যায়) (নিজের কর্ম্মদ্বারাই) উচ্চৈঃ (উচ্চতা) ব্রজতি (প্রাপ্ত হয়) ॥ ৪৬

ব্যাখ্যা। যাতীতি।—যদ্বৎ যথা, কূপস্য জলাশয়বিশেষস্য, খনিতা (খন্+তৃচ্+খনিতৃ+সুঃ) খননকর্ত্তা, (নিজকর্ম্মবশাৎ ক্রমশঃ অধো গচ্ছতি, তথা) নরঃ জনঃ, স্বৈঃ স্বকীয়ৈঃ, কর্ম্মভিঃ কার্য্যৈঃ এব, অধোঽধঃ নিম্নাতিনিম্নম্, যাতি গচ্ছতি, প্রাকারস্য প্রাচীরস্য, কারকঃ নির্ম্মাতা, ইব (প্রাচীরনির্ম্মাতা যথা নিম্নভাগাদারভ্য প্রাচীরগ্রথনব্যাপারক্রমরূপৈঃ স্বকর্ম্মভিঃ উচ্চৈঃ ব্রজতি তথা, নরোঽপি স্বকীয়ৈরেব উন্নতিকরৈঃ

---

* অয়মংশঃ "যাত্যধোঽধঃ" ইতি শ্লোকানন্তরং কুত্রচিৎ পুস্তকে দৃশ্যতে।

কর্ম্মভিঃ) উচ্চৈঃ উন্নতভাবম্, ব্রজতি প্রাপ্নোতি। উন্নতিরবনতির্বা নিজকর্ম্মানুসারিণী ইতি ভাবঃ ॥ ৪৬

বাচ্য।—খনিত্রা, নরেণ যায়তে, কারকেণ, ব্রজ্যতে ॥ ৪৬

অনু। মানব নিজকর্ম্মানুসারেই উচ্চতা বা নীচতা প্রাপ্ত হয়, যেমন কূপখননকারী (ক্রমশঃ) নিম্নে গমন করে, আর প্রাচীরনির্ম্মানকারী (ক্রমশঃ) উচ্চে আরোহণ করে ॥ ৪৬

করটকো বদতি,—"অথ ভবান্ কিং ব্রবীতি ?"। দমনক আহ,—"অয়ং তাবৎ স্বামী পিঙ্গলকঃ পানীয়মপীত্বা কুতোঽপি ভয়াৎ সচকিতং* পরিবৃত্ত্যোপবিষ্টঃ"। করটকো ব্রূতে,—"কিং তৎ ত্বং জানাসি ?"। দমনকো বদতি,—"কিং প্রজ্ঞাবতাম্ অবিদিতমস্তি" ? উক্তঞ্চ, ॥—(শ)

ব্যাখ্যা। "করটকো···উক্তঞ্চ"।—অথ (প্রশ্নার্থে অব্যয়ম্), ভবান্ দমনকঃ, কিং ব্রবীতি কথয়তি ? অয়ং সম্মুখস্থঃ, স্বামী প্রভুঃ, পিঙ্গলকঃ তন্নামা সিংহঃ, পানীয়ং জলম্, অপীত্বা ন পীত্বা জলপানম্ অকৃত্বা ইতি সমুদিতার্থঃ, কুতঃ অপি কস্মাদপি জন্তোঃ, (ভয়ার্থশব্দযোগে অপাদানে পঞ্চমী) ভয়াৎ ভয়ং প্রাপ্য (ল্যব্‌লোপে পঞ্চমী), সচকিতং সোদ্বেগম্, পরিবৃত্য প্রত্যাগত্য, উপবিষ্টঃ তিষ্ঠতি ইতি শেষঃ। ত্বং দমনকঃ, কিং (অব্যয়ম্) কথম্, তৎ "প্রভুঃ পানীয়মপীত্বা কুতোঽপি ভয়াৎ প্রত্যাগত্য স্থিত" ইতি যদ্বর্ণিতং তাদৃশং বৃত্তম্, জানাসি অবগচ্ছসি ? প্রজ্ঞাবতাং বুদ্ধিমতাম্, অবিদিতম্ অজ্ঞাতম্, কিম্ অস্তি ? ন কিমপি, অহং বুদ্ধিবলেন তৎ অবগচ্ছামি ইতি ভাবঃ। উক্তঞ্চ কথিতং হি, পণ্ডিতৈরিতি শেষঃ ॥ (শ)

---

* "কুতোঽপি কারণাৎ সচকিতঃ" ইতি পাঠান্তরম্।

অনু। করটক বলিল—আচ্ছা তুমি কি বলিতে চাও? দমনক বলিল—এই আমাদের অধিপতি পিঙ্গলক কোনও কারণে ভয় পাইয়া জল পান না করিয়াই চকিতভাবে ফিরিয়া বসিয়া আছেন। করটক বলিল—তুমি কিরূপে তাহা বুঝিলে? দমনক বলিল বুদ্ধিমান্‌ব্যক্তিদিগের অজ্ঞাত কি আছে? কথিত আছে॥—(শ)

ন যত্রাস্তি গতির্বায়োঃ রশ্মীনাঞ্চ বিবস্বতঃ।
তত্রাপি প্রবিশত্যাশু বুদ্ধির্বুদ্ধিমতাং সদা॥ ৪৭॥

অন্বয় ও বঙ্গার্থ। যত্র (যে স্থানে) বায়োঃ (বায়ুর) বিবস্বতঃ রশ্মীনাঞ্চ (এবং সূর্য্যরশ্মিদিগের) গতিঃ (প্রবেশ) ন অস্তি (হয় না) তত্রাপি (তেমন স্থানেও) বুদ্ধিমতাং (বুদ্ধিমান্‌দিগের) বুদ্ধিঃ (বুদ্ধি) আশু (শীঘ্রই) প্রবিশতি (প্রবেশ করিতে পারে)॥ ৪৭

ব্যাখ্যা। ন যত্রেতি।—যত্র যস্মিন্ পদার্থে, বায়োঃ সমীরণস্য, ("গতিঃ" ইত্যনেন সম্বন্ধঃ) বিবস্বতঃ সূর্য্যস্য, (রশ্মীনাম্ ইত্যনেন সম্বন্ধঃ) রশ্মীনাঞ্চ কিরণানাঞ্চ ("গতিঃ" ইত্যনেন সম্বন্ধঃ) গতিঃ প্রবেশঃ, ন অস্তি ন ভবতি, তত্রাপি তাদৃশপদার্থেঽপি, বুদ্ধিমতাং প্রশস্তবুদ্ধিশালিনাম্, বুদ্ধিঃ মতিঃ, সদা সর্ব্বদা, আশু শীঘ্রম্ প্রবিশতি গচ্ছতি, তীক্ষ্ণবুদ্ধিসম্পন্নাঃ সর্ব্বমেব বুদ্ধিবলেন বোদ্ধুং শক্নুবন্তি ইতি ভাবঃ॥ ৪৭

বাচ্য।—গত্যা ন ভূয়তে, বুদ্ধ্যা প্রবিশ্যতে॥ ৪৭

অনু। বায়ু বা সূর্য্যের রশ্মি যেখানে প্রবেশ করিতে পারে না বুদ্ধিমান্ ব্যক্তিদিগের বুদ্ধি সেখানেও সর্ব্বদা অনায়াসে প্রবেশ করিয়া থাকে॥ ৪৭

অপরঞ্চ,—

উদীরিতোঽর্থঃ পশুনাঽপি গৃহ্যতে
হয়াশ্চ নাগাশ্চ বহন্তি দেশিতাঃ।

অনুক্তমপ্যূহতি পণ্ডিতো জনঃ
পরেঙ্গিতজ্ঞানফলা হি বুদ্ধয়ঃ ॥ ৪৮

অন্বয় ও বঙ্গার্থ। উদীরিতঃ (যে বিষয় বলিয়া বুঝান হইয়াছে এমন) অর্থঃ (বিষয়) পশুনা অপি (পশুও) গৃহ্যতে (বুঝিতে পারে), হয়াশ্চ (অশ্বগণ) নাগাশ্চ (এবং হস্তিগণ) দেশিতাঃ (সঙ্কেতবাক্যাদিদ্বারা চালিত হইয়া) বহন্তি (ভার বহন করে), পণ্ডিতঃ (বিজ্ঞ) জনঃ (লোক) অনুক্তমপি (অকথিত বিষয়ও) ঊহতি (বুঝিয়া লইতে পারেন) হি (যেহেতু) বুদ্ধয়ঃ (বুদ্ধি) পরেঙ্গিতজ্ঞানফলাঃ (পরের মনোভাব বুঝিতে পারাই ফল যাহার এরূপ, অর্থাৎ পরেব মনোভাব বুঝিতে পারাই বুদ্ধিমত্তার ফল) ॥ ৪৮

ব্যাখ্যা। উদীরিত ইতি।—উদীরিতঃ (উদ্+ঈর্+কর্ম্মণি-ক্তঃ) কথিতঃ, কেনাপি সম্যক্ বোধিতঃ ইতি যাবৎ অর্থঃ বিষয়ঃ, পশুনা গবাদিনা বিচার-বুদ্ধিহীনেন জন্তুনাঽপীত্যর্থঃ, গৃহ্যতে বুধ্যতে, (তথাহি) হয়াঃ অশ্বাঃ, নাগাশ্চ হস্তিনশ্চ, দেশিতাঃ পরিচালকেন সঙ্কেতিতাঃ সন্তঃ, বহন্তি নয়ন্তি, ভারম্ ইতি শেষঃ। (কিন্তু) পণ্ডিতঃ বিজ্ঞঃ, জনঃ লোকঃ, অনুক্তম্ অকথিতম্ অপি কিমুত কথিতমিত্যর্থঃ বিষয়মিতি শেষঃ, ঊহতি (পরস্মৈপদমত্র শিষ্টপ্রয়োগতঃ স্বীকার্য্যম্।) বিচারবুদ্ধ্যা অবগচ্ছতি, হি যস্মাৎ, বুদ্ধয়ঃ প্রজ্ঞাঃ, পরেঙ্গিতজ্ঞানফলাঃ পরেষাম্ ইঙ্গিতং মনোগতভাবঃ (ষষ্ঠীতৎ), তস্য জ্ঞানং (ষষ্ঠীতৎ), তদেব ফলং যাসাং তথাভূতাঃ (বহুব্রীহিঃ), অন্যস্য মনোভাবপরিজ্ঞানং হি বুদ্ধেঃ সাফল্যমিতি ভাবঃ ॥ ৪৮

বাচ্য।—উদীরিতম্ অর্থং পশুরপি গৃহ্ণাতি, হয়ৈশ্চ নাগৈশ্চ দেশিতৈঃ উহ্যতে, পণ্ডিতেন জনেন অনুক্তমপি উহ্যতে, বুদ্ধিভিঃ পরেঙ্গিতজ্ঞানফলাভিঃ (ভূয়তে) ॥ ৪৮

অনু। কোনও বিষয় বলিয়া বুঝাইয়া দিলে তাহা পশুও বুঝিয়া লইতে

পারে, (যেমন) অশ্ব ও হস্তীদিগকে সঙ্কেতপূর্ব্বক বলিলে তাহারা (ভার) বহন করে, (কিন্তু) বিজ্ঞব্যক্তিকে না বলিলেও (স্বয়ংই) বিচারপূর্ব্বক বুঝিয়া লইতে পারেন, যেহেতু,—পরের অভিপ্রায় বুঝিতে পারাই বুদ্ধির কার্য্য ॥ ৪৮

অপিচ,—

আকারৈরিঙ্গিতৈর্গত্যা চেষ্টয়া ভাষণেন চ।
নেত্রবক্ত্রবিকারেণ লক্ষ্যতেঽন্তর্গতং মনঃ ॥ ৪৯

অন্বয় ও বঙ্গার্থ। আকারৈঃ (আকৃতিদ্বারা) ইঙ্গিতৈঃ (মনের ভাব প্রকাশের উপযোগী সঙ্কেতের দ্বারা) গত্যা (গমনের অবস্থাদ্বারা) চেষ্টয়া (আচরণের দ্বারা) ভাষণেন (আলাপের দ্বারা) নেত্রবক্ত্রবিকারেণ চ (এবং চোখ মুখের ভঙ্গীদ্বারা) অন্তর্গতম্ (আভ্যন্তরীণ) মনঃ (মনোভাব) লক্ষ্যতে (লক্ষিত হয়, অর্থাৎ বুদ্ধিমান্ ব্যক্তিরা আকার ইঙ্গিত প্রভৃতিদ্বারাই লোকের মনের ভাব বুঝিতে পারেন) ॥ ৪৯

